-আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড়

১৬ জুন পবিত্র ঈদুল আযহা

বাংলা পত্রিকা ডেস্ক: সৌদি আরবের আকাশে বৃহস্পতিবার পবিত্র জিলহজ মাসের চাঁদ দেখা গেছে। এ অবস্থায় ৭ জুন জিলহজ মাসের প্রথম দিন (বাকি অংশ ২১ পাতায়)

২৮ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৮ ॥ সংখ্যা ৩৭ ॥ সোমবার ॥ জ্যৈষ্ঠ ২৭ ॥ ১৪৩১ ॥ জ্বিলহজ্ ৩ ॥ ১৪৪৫ ॥ Vol. 28 ॥ Issue 37 ॥ June 10 ॥ 2024 ॥ USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

নিউইয়র্কে বিরল সংক্রমক 'রিংওয়ার্ম' রোগী চিহ্নিত

২৮ কোমল পানীয়তে রাসায়নিক উপাদান



বাংলা পত্রিকা ডেস্ক: চলতি বছরে যুক্তরাষ্ট্রের ৩০টি পানীয়তে জীবননাশক ক্ষতিকারক রাসায়নিক উপাদান শনাক্ত হয়েছে। যার মধ্যে ২৮ টি কোম্পানির পানীয়কে বাজার থেকে প্রত্যাহার করেছে এফডিএ। পানীয়গুলো হলো- শোয়েপস জিরো সুগার জিঞ্জেরেল, পেপসিকোর মগ রুট বিয়ার, মার্টিনেলির আপেল জুস, ভিটি লিমিটেডের ফিজি জলের প্রাকৃতিক জল, চার্লস বোগিনি কোম্পানির কোলা ফ্লেভারিং বেস, গোলাপী লেমনেড, হলুদ লেমনেড, হলুদ লেমনেড এক্স, উইডেম্যান কোম্পানির টেপি চা, রাইজ ব্রেইং-এর অর্গানিক অরিজিনাল ওট মিল্ক, ভ্যানিলা ওট মিল্ক, নর্ডিক ন্যাচারাল বেবী ভিটামিন ডি-থ্রি লিকুইড, বারসোটি অর্গানিক গাজরের রস, ট্রেডার জো এর ১০০% জুস অর্গানিক গাজরের জুস, পাওয়ারডে জিরো মিক্সড বেরি, ফ্রুট পাঞ্চ, মাউন্টেন বেরি ব্লাস্ট, ওয়াইকেয়া হাওয়াইন ভলকানিক ওয়াটার, এনফ্যামিল নিউট্রামিজেন হাইপোলার্জেনিক ইনফ্যান্ট ফরমুলা পাউডার, হাউজ অব কফি বিন ব্যাগ, লংগ্রিন রিশি কফি, লংগ্রিন কর্ডিসেপস কফি, এক্সলিম এক্সপ্রেস কফি, ইউগী ইচিনেসিয়া ইমিউন সাপোর্ট চা, টুডলার ফর্মুলার (বাকি অংশ ০৬ পাতায়)



নাসাউ ক্রিকেট ষ্টেডিয়াম হয়ে উঠেছিলো এক খন্ড বাংলাদেশে

রোমাঞ্চকর ম্যাচে শ্বাসরুদ্ধকর লড়াই, হেরে গেল বাংলাদেশ

স্পোর্টস ডেস্ক: বলতে গেলে পুরো মাঠের দখল আর সমর্থণ পেয়েও দক্ষিণ আফ্রিকার বিপক্ষে শ্বাসরুদ্ধকর লড়াইয়ের পরও হেরে গেল টাইগাররা। নিউইয়র্কের লং আইল্যান্ডস্থ নবনির্মিত নাসাউ আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামের পায় সকল দর্শক-শ্রোতাই ছিলেন প্রবাসী বাংলাদেশী। ফলে ষ্টেডিয়ামটি হয়ে উঠেছিলো এক খন্ড বাংলাদেশে। কিন্তু শেষ রক্ষা হলো না। ইনিংসের একেবারে শেষ দিকে প্রতিটি মুহূর্তই ছিল রোমাঞ্চকর। টানটান উত্তেজনাকর স্নায়ু চাপের ম্যাচে পারল না বাংলাদেশ। রোববার (৯ জুন) ১১৯ রানের মামুলি স্কোর নিয়েও চিরপ্রতিদ্বন্দ্বী পাকিস্তানের বিপক্ষে জয় পায় ভারত। সোমবার সেই একই ভেন্যুতে (বাকি অংশ ০৪ পাতায়)

ফাস্টফুডে আগ্রহ কমছে রেস্তোরাঁ বন্ধের শঙ্কা



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে দ্রুত তৈরি খাবারের (ফাস্টফুড) রেস্তোরাঁগুলো ক্রেতা সংকটে পড়েছে। তিন-চতুর্থাংশ মার্কিনী সপ্তাহে অন্তত একবার দ্রুত তৈরি খাবার খেতেন। দাম বাড়ায় বাইরের খাবার কম খাচ্ছেন ৬২ শতাংশ আমেরিকান। গত ৬ মাসে (বাকি অংশ ১০ পাতায়)

বিনা ভিসায়

৪০ দেশ ভ্রমণ করতে পারবে বাংলাদেশীরা

বাংলা পত্রিকা ডেস্ক: সম্প্রতি শক্তিশালী পাসপোর্ট সূচক প্রকাশ করেছে যুক্তরাজ্যভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান হ্যানলি অ্যান্ড পার্টনার্স। গত ১৮ জুলাই প্রকাশিত নতুন সূচকে পাঁচ ধাপ এগিয়ে বাংলাদেশের অবস্থান এখন ৯৬তম। এর আগে গত ১০ জানুয়ারি পাসপোর্ট সূচক প্রকাশ করেছিলো 'হ্যানলি অ্যান্ড



পার্টনার্স। সেখানে বাংলাদেশের অবস্থান ছিলো ১০১তম। বিশ্বে ভিসামুক্ত চলাচল স্বাধীনতার ওপর গবেষণা করে এ সূচক প্রকাশ করে। নতুন সূচকে দেখা যাচ্ছে, ৪০টি (বাকি অংশ ১০ পাতায়)

সেকশন ৮ হাউজিং চয়েস ভাউচার প্রোগ্রাম

হাফ মিলিয়নেরও বেশি আবেদন

বাংলা পত্রিকা রিপোর্ট: এনওয়াইসিএইএ সেকশন ৮ হাউজিং চয়েস ভাউচার প্রোগ্রামের জন্য হাফ মিলিয়নেরও বেশি আবেদন জমা পড়েছে। রোববার (৯ জুন) রাত ১১:৫৯ ছিলো অনলাইনে আবেদনের শেষ সময়। জানা গেছে, আগামী জুলাই মাসে এর ওয়েটলিস্ট ঘোষণা করা হবে বলে জানিয়েছে নিউইয়র্ক হাউজিং অথোরিটি। নাইচা এর ওয়েবসাইটের এক বিবৃতিতে বলা হয়, রোববার রাত ১১ টা ৫৯ মিনিটেই ওয়েটলিস্ট আবেদনের উইন্ডো বন্ধ করে দেওয়া হয়। আগস্টের ১ তারিখ ওয়েটলিস্ট তালিকা প্রকাশ করা হবে। ইতিমধ্যে (বাকি অংশ ১০ পাতায়)



মোদির মন্ত্রিসভায় নতুন মুখ

বাংলা পত্রিকা ডেস্ক: নরেন্দ্র মোদি গত রোববার (৯ জুন) তৃতীয় মেয়াদে প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুর পর তিনিই টানা তিনবার প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির প্রতিবেদনে বলা হয়েছে, মন্ত্রিসভার ৭১ সদস্যও একযোগে শপথ নিয়েছেন মোদির সঙ্গে। এর মধ্যে ৩০ জন ক্যাবিনেট মন্ত্রী, পাঁচজন স্বতন্ত্র দায়িত্বপ্রাপ্ত এবং ৩৬ জন প্রতিমন্ত্রী। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মোদিসহ অন্য মন্ত্রীদের শপথবাক্য পাঠ করান। পূর্ণ মন্ত্রী হিসেবে শপথ পাঠ করেছেন নীতীন গড়কারি, (বাকি অংশ ১০ পাতায়)

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge-Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2603@gmail.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
ক্যাক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আইআরএস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদা আলী, সিপিএ
Tel: 929-371-9915 : info@ahadandco.com
2153 Westchester Ave. Suite 200, Bronbx, NY 10462
47-01 Vandam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

www.banglapatrikausa.com



আপনার অভিবাসন স্থিতি নির্বিশেষে

65 বছর ও উর্ধ্ববয়সী নিউ ইয়র্কবাসীরা এখন বিনামূল্যের স্বাস্থ্য বিমার উপযুক্ত বলে গণ্য হতে পারেন

ডাক্তার দেখানো | প্রেসক্রিপশন | মানসিক স্বাস্থ্য | হাসপাতালে ভর্তি হওয়া

আপনি যোগ্য কিনা তা বার করুন। আপনার ভাষায় নিরাপদ, বিনামূল্যের সহায়তা পেতে একজন স্বাস্থ্য বিভাগ নিবন্ধন কাউন্সেলরের সাথে কথা বলুন।

347-665-0214-তে কল করুন

আপনার কাছাকাছি একটি স্থান বার করুন
ভিজিট করুন **nyc.gov/health/healthcoverage**

NYC Health

Eric Adams
ময়র

Ashwin Vasan, MD, PhD
কমশিনার

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law

www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন | ব্যাংক্র্যাপসি | ক্রেডিট কার্ড মেটার | ডিভোর্স | চাইল্ড কাস্টডি | চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন | সিটিজেনশিপ | সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ


আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq



ভ্রমণ পিপাসুদের জন্য সুখবর
৩৩তম নিউ ইয়র্ক আন্তর্জাতিক
বাংলা বই মেলায় পাওয়া যাবে
সাংবাদিক **হাবিব রহমানের**
লেখা ৪টি ভ্রমণ কাহিনী



হাওয়ায় ভেসে দেশ বিদেশ
ঘুরে দেখা ইউরোপ
আফ্রিকার দেশে দেশে ও
অস্ট্রেলিয়ার পথে-প্রান্তরে



নালন্দা
জ্যামাইকা পারফর্মিং আর্টস সেন্টার
১৫৩-১০ জ্যামাইকা এভিনিউ
জ্যামাইকা, নিউইয়র্ক

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে বাসায়
অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ
এ সুযোগ গ্রহণ করতে পারেন

১০ হাজার ডলারের রিভেট





নতুন বছর উপলক্ষ্যে ৫০% সেল





তোফায়েল চৌধুরী

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম
সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ
আপনার হিটিং বিল প্রায় ৫০%
কমাতে সাহায্য করবে

GREE MECHANICAL YONKERS

আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers, NY 10710

NYC পাবলিক স্কুলগুলো
আপনার ভাষায় কথা বলে

NYC Public Schools
Eric Adams
Mayor
David C. Banks
Chancellor

NYC Public Schools
speaks your language

বিনাখরচে নথিপত্রের অনুবাদ এবং
আপনার শিক্ষার্থীর স্কুলের বিভিন্ন
মিটিংয়ে দোভাষী অনুরোধ করুন।

Request free translation of
documents and interpreters
for meetings at your
student's school.

আরো জানুন | Learn more
on.nyc.gov/Hello /nycschools 311



রোমাঞ্চকর ম্যাচে শ্বাসরুদ্ধকর

(প্রথম পাতার পর)

১১৩ রান করেও রুদ্ধশ্বাস লড়াই করে বাংলাদেশের বিপক্ষে জয় পায় দক্ষিণ আফ্রিকা।

১৭ ওভারে ৪ উইকেটে ৯৪ রান করে জয়ের পথেই ছিল বাংলাদেশ। জয়ের জন্য ১৮ বলে প্রয়োজন ছিল মাত্র ২০ রান। ৩৭ ও ১৬ রানে ব্যাটিংয়ে ছিলেন তাওহিদ হৃদয় ও মাহমুদউল্লাহ রিয়াদ। তাদের ব্যাটেই জয় দেখছিল বাংলাদেশ। কিন্তু ১৮তম ওভারের প্রথম বলেই তাওহিদ হৃদয়কে ফেরান কাগিসো রাবাদা। সেই ওভারে মাত্র ২ রানে এক উইকেট নেন প্রোটিয়া তারকা। ৩৭ বলে দুই চার আর দুই ছক্কায় ৩৪ রান করে হৃদয় আউট হলে চাপে পড়ে যায় বাংলাদেশ।

তখন অভিজ্ঞ ক্রিকেটার মাহমুদউল্লাহ রিয়াদের দিকে তাকিয়ে ছিল পুরো দেশ। আশা ছিল আগের ম্যাচের মতো এদিনও তিনি দলকে জয়ের বন্দরে নিয়ে যাবেন। ১২ বলে প্রয়োজন ছিল ১৮ রান। ১৯তম ওভারে ৭ রানের বেশি করতে পারেননি মাহমুদউল্লাহ রিয়াদ ও জাকের আলি অনিক। শেষ ওভারে প্রয়োজন ছিল ১১ রান। কেশভ মহারাজ প্রথম বলেই ওয়াইড দেন। পরের ডেলিভারিতে সিঙ্গে নিয়ে প্রান্ত বদল করেন মাহমুদউল্লাহ। দ্বিতীয় বলে ডাবল রান নেন জাকের আলি। তৃতীয় বলে বাউন্ডারি হাঁকাতে গিয়ে ক্যাচ তুলে দিয়ে ফেরেন জাকের আলি অনিক।

জয়ের জন্য ৩ বলে প্রয়োজন ছিল ৭ রান। চতুর্থ বলে সিঙ্গেল রান নেন রিশাদ হোসেন। ২ বলে প্রয়োজন ছিল ৬ রান। পঞ্চম বলে ছক্কা হাঁকাতে গিয়ে বাউন্ডারিতে ক্যাচ তুলে দিয়ে হতাশ হয়ে মাঠ ছাড়েন সাবেক অধিনায়ক মাহমুদউল্লাহ। তার বিদায়ে জয়ের স্বপ্ন ভেস্তে যায়। শেষ বলে প্রয়োজন ছিল ৬ রান। তাসকিন আহমেদ এক রানের বেশি করতে পারেনি। ফলে ৪ রানের জয়ে সুপার এইটের পথে এগিয়ে গেল দক্ষিণ আফ্রিকা।

এদিন ১২০ বলে ১১৪ রানের মামুলি স্কোর তাড়া করতে নেমে ৩৭ রানে ৩ উইকেট হারিয়ে চাপে পড়ে যায় বাংলাদেশ। দলীয় ৫০ রানে ফেরেন অধিনায়ক নাজমুল হোসেন শান্ত। এরপর মাহমুদউল্লাহ রিয়াদের সঙ্গে ৪৫ বলে ৪৪ রানের জুটি গড়ে দলকে জয়ের দুয়ারে নিয়ে যান তাওহিদ হৃদয়। তার উইকেট হারিয়ে ম্যাচ থেকে কার্যত ছিটকে যায় বাংলাদেশ।

সোমবার সকালে নিউইয়র্কের নাসাউ আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে ব্যাটিংয়ে নেমেই তানজিম হাসান সাকিব ও তাসকিন আহমেদের গতির মুখে পড়ে যায় প্রোটিয়ারা। ৪.২ ওভারে মাত্র ২৩ রানে প্রথমসারির ৪ ব্যাটসম্যানের উইকেট হারিয়ে চাপে পড়ে যায় দক্ষিণ আফ্রিকা। প্রোটিয়া শিবিরে একের পর এক আঘাত হানেন তরুণ পেসার তানজিম হাসান সাকিব। তার গতির শিকার হয়ে ফেরেন দক্ষিণ আফ্রিকার দুই তারকা ওপেনার রিজা হেনড্রিকস ও কুইন্টন ডি কক।

ইনিংসের প্রথম ওভারের একেবারে শেষ বলে প্রোটিয়া ওপেনার রিজা হেনড্রিকসকে এলবিডবিউ করেন সাকিব। তার বিদায়ে ১ ওভারে ১১ রানে প্রথম উইকেট হারায় প্রোটিয়ারা। ইনিংসের তৃতীয় ওভারে বোলিংয়ে এসে তৃতীয় বলে দক্ষিণ আফ্রিকার অভিজ্ঞ ওপেনার কুইন্টন ডি ককে ফেরান তানজিম সাকিব। ২.৩ ওভারে ১৯ রানে সাজঘরে ফেরার আগে ১১ বলে এক চার আর দুই ছক্কায় ১৮ রান করে ফেরেন ডি কক।

চতুর্থ ওভারের পঞ্চম বলে দক্ষিণ আফ্রিকার অধিনায়ক এইডেন মার্করামকে বোল্ড করে ফেরান বাংলাদেশ দলের তারকা পেসার তাসকিন আহমেদ। মার্করাম ৮ বলে ৪ রান করে ফেরেন। এরপর প্রোটিয়া শিবিরে ফের আঘাত হানেন তানজিম হাসান সাকিব। ইনিংসের পঞ্চম ওভারের দ্বিতীয় বলে সাকিব আল হাসানের হাতে ক্যাচ তুলে দিয়ে ফেরেন ট্রিস্টান স্টাবস। ৫ বলে শূন্যরানে ফেরেন তিনি। তার বিদায়ে ৪.২ ওভারে মাত্র ২৩ রানে ৪ উইকেট হারিয়ে কোণঠাসা হয়ে যায় দক্ষিণ আফ্রিকা। ২৩ রানে ৪ উইকেট হারিয়ে বিপাকে পড়ে যাওয়া দক্ষিণ আফ্রিকাকে খেলায় ফেরান ডেভিড মিলার ও হেনরি ক্লেসেন। মিডল অর্ডার এই দুই তারকা ব্যাটসম্যান পঞ্চম উইকেটে ৭৯ বলে ৭৯ রানের জুটি গড়েন। তাদের সেই জুটি ভাঙেন তাসকিন আহমেদ।

তাসকিনের বলে বোল্ড হয়ে ফেরার আগে ৪৪ বলে দুই চার আর তিন ছক্কায় দলীয় সর্বোচ্চ ৪৬ রান করেন হেনরি ক্লেসেন। এরপর মাত্র ৪ রানের ব্যবধানে ফেরেন আরেক সেট ব্যাটসম্যান ডেভিড মিলার। তাকে বোল্ড করেন লেগ স্পিনার রিশাদ হোসেন। সাজঘরে ফেরার আগে ৩৮ বলে এক চার আর এক ছক্কায় ২৯ রান করেন ডেভিড মিলার। ব্যাটিং বিপর্যয়ের ম্যাচে হেনরি ক্লেসেন ও ডেভিড মিলারের দায়িত্বশীল ব্যাটিংয়ে ২০ ওভারে ৬ উইকেট হারিয়ে ১১৩ রান করে দক্ষিণ আফ্রিকা।

বাংলাদেশ দলের হয়ে তানজিম হাসান সাকিব ৪ ওভারে ১৮ রানে ৩ উইকেট শিকার করেন। ৪ ওভারে ১৯ রানে ২ উইকেট নেন তাসকিন আহমেদ। ৪ ওভারে ৩২ রানে এক উইকেট নেন লেগ স্পিনার রিশাদ হোসেন।

প্রাথমিক নির্বাচনের বিজ্ঞপ্তি

২৫ জুন, ২০২৫

ভোট-কেন্দ্রগুলো সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা থাকবে***

***প্রতিদ্বন্দ্বিতা না থাকার কারণে রিচমন্ড কাউন্টির সকল ভোটকেন্দ্র বন্ধ থাকবে

আপনি ভোট দিতে পারবেন কি না জানতে, আপনার ভোট-কেন্দ্র খুঁজে নিতে, নির্বাচন কর্মী হিসাবে কাজ করতে চাইলে অথবা একটি নমুনা ব্যালটের জন্য, দেখুন:

vote.nyc

অথবা, কল করুন টোল - ফ্রি: **(866) 868-3692** • টিটিওয়াই: **(212) 487-5496** নম্বরে

১৫ জুন, ২০২৪ তারিখ থেকে, ২৩ জুন, ২০২৪ তারিখ পর্যন্ত অগ্রিম ভোট গ্রহণ করা হবে

ভোট-কেন্দ্র খুঁজতে এবং ভোট দেয়ার সময়সূচী জানতে দেখুন:
vote.nyc
অথবা, কল করুন টোল - ফ্রি: **(866) 868-3692**
টিটিওয়াই: **(212) 487-5496**

দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক
Executive Office, 32 Broadway, 7th Floor
New York York, NY 10004

কমিশনারস অব ইলেকশনস
Rodney L. Pepe-Souvenir— প্রেসিডেন্ট
Frederic M. Umane— সেক্রেটারি
Jose Miguel Araujo
Michael J. Coppotelli
Carol R. Edmead
Gino A. Marmorato
Jodi Morales
Simon Shamoun
Michele A. Sileo
Keith Sullivan

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

সিলেট নগরীর বন্যা-জলাবদ্ধতা

সমাধানে আর কত টাকা ঢালা হবে?

দেশের প্রকল্প বাস্তবায়নে কখনো কখনো যে অপচয় হয় অথবা পুরো টাকাটাই গচ্চা যায়, এটা নতুন কোনো খবর নয়। তবে যুগান্তরে যে খবরটি শনিবার (৮ জুন) ছাপা হয়েছে, তা বিশ্বাস করতেও কষ্ট হয়। সিলেট নগরীকে বন্যামুক্ত করতে এবং নগরীর জলাবদ্ধতা নিরসনে খাল-নালার সংস্কারসহ বিভিন্ন প্রকল্পে এ পর্যন্ত ব্যয় করা হয়েছে দুই হাজার কোটিরও বেশি টাকা। কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। অল্প বৃষ্টিতেই দফায় দফায় দেখা দিচ্ছে জলাবদ্ধতা, বন্যায় ডুবে যাচ্ছে শহর। এদিকে নদী খননের জন্য ৫০ কোটি টাকা বরাদ্দ দেওয়া হলেও পরিবেশ অধিদপ্তরের ইচ্ছানুযায়ী বন্ধ হয়ে গেছে কাজ।

স্মরণ করা যেতে পারে, এরশাদ সরকারের আমলে সুরমা নদী ড্রেজিংয়ের মাধ্যমে জলাশয় ভরাট করে গড়ে উঠেছিল উপশহর। এরপর দীর্ঘদিনের দাবির পরিপ্রেক্ষিতে সুরমা নদীর খননকাজ শুরু হয়েছিল। কিন্তু রবীন্দ্রনাথের সেই কথাটাই বারবার সত্য প্রমাণিত হচ্ছে- বাঙালী শুরু করে; কিন্তু শেষ করতে পারে না। নদী খননকাজ থমকে যাওয়ার পেছনে যেসব কারণ দেখানো হচ্ছে, তা অজুহাত মাত্র। পানি উন্নয়ন বোর্ড এবং পরিবেশ অধিদপ্তরের মধ্যকার সমন্বয়হীনতা কাজের শ্লথগতির একটি বড় কারণ হয়ে দাঁড়িয়েছে।

সিলেট নগরীকে বন্যা ও জলাবদ্ধতামুক্ত করার প্রচেষ্টা অনেক দিনের। প্রয়াত মন্ত্রী ও সিলেটবাসী আবুল মাল আবদুল মুহিত, প্রয়াত মেয়র বদর উদ্দিন আহমদ কামরান, সাবেক মেয়র আরিফুল হক চৌধুরীও কম চেষ্টা করেননি। এতসব প্রচেষ্টা কেন ভেস্তে যাচ্ছে, এ প্রশ্নের কোনো সদুত্তর নেই। টাকাও তো কম খরচ হয়নি। বোঝাই যাচ্ছে, প্রকল্পগুলোর প্রতি যথেষ্ট মনোযোগ দেওয়া হয়নি। কোনো প্রকল্পের সঠিক বাস্তবায়ন নির্ভর করে প্রকল্পটি চলাকালে এর তত্ত্বাবধান কতটা নিষ্ঠার সঙ্গে করা হয় তার ওপর। সরকারি টাকার অপচয় হলে কার কী সমস্যা, এমন মনোভাব যদি থাকে প্রকল্পসংশ্লিষ্টদের, তাহলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের জবাবদিহির আওতায় আনতে হবে।

আমাদের কথা হলো, সিলেট নগরীকে বন্যা ও জলাবদ্ধতামুক্ত করতেই হবে। সাম্প্রতিক যে বন্যা হয়ে গেল, সেই অভিজ্ঞতা সিলেটবাসীর মনে থাকবে বহুদিন। এখনো নিুাঞ্চলের পানি সরেনি। বেশকিছু এলাকা থেকে পানি নেমে গেলেও দুর্ভোগ কমেনি। এ অবস্থা বছরের পর বছর, যুগের পর যুগ চলতে পারে না। বাস্তবানুগ প্রকল্প গ্রহণ করে বরাদ্দকৃত টাকার সদ্ব্যবহার করতে হবে। প্রকল্পসংশ্লিষ্টদের জবাবদিহিও নিশ্চিত করতে হবে।

ইউক্রেন যুদ্ধ থেকে যা শেখার ছিল, যা শেখার আছে

॥ জোসেফ এস নাই ॥

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ২০০২ সালের ফেব্রুয়ারিতে যখন ইউক্রেনে আক্রমণের আদেশ দিয়েছিলেন, তখন তিনি দ্রুত ইউক্রেনের রাজধানী কিয়েভ দখল করে ইউক্রেনে সরকার পাল্টে দেওয়ার পরিকল্পনা করেছিলেন। কিন্তু পুতিন সফল হতে পারেননি। ইউক্রেনে এখনো লড়াই চলছে। এই লড়াই কখন কীভাবে শেষ হবে, তা কেউ জানে না। যদি কেউ এই সংঘাতকে ইউক্রেনের 'স্বাধীনতার যুদ্ধ' হিসেবে দেখেন, তাহলে তিনি ইউক্রেনের সীমানা কতটা দখল হয়েছে, সেদিকে খুব বেশি মনোযোগ না দিয়েই বলতে পারেন, ইউক্রেনীয়রা ইতিমধ্যে জয়ী হয়েছেন।

এ ছাড়া ইউক্রেনের ব্যাপারে পুতিনের আচরণ ইউক্রেনের জাতীয় পরিচয়কে আরও শক্তিশালী করে দিয়েছে। এই যুদ্ধ থেকে এর বাইরে আমরা আর কী শিখেছি? প্রথম আমরা শিখলাম পুরোনো এবং নতুন অস্ত্র একে অপরের পরিপূরক। রাজধানী কিয়েভ রক্ষায় ট্যাংকবিধ্বংসী অস্ত্রের প্রাথমিক সাফল্যের পর আধুনিক যুদ্ধে ট্যাংক-যুগের সমাপ্তি ঘটেছে বলে অনেকে মন্তব্য করছিলেন। ওই সময় আমি সঠিকভাবেই সতর্ক করেছিলাম, ট্যাংক যুগের সমাপ্তি হয়েছে বলে যে ঘোষণা আসছে, তা অপরিপক্ব প্রমাণিত হতে পারে। কারণ, যুদ্ধটি উত্তর শহরতলি থেকে ইউক্রেনের পূর্ব সমভূমির দিকে চলে গেছে। অবশ্য তখনো আমি ট্যাংক ও যুদ্ধজাহাজবিধ্বংসী অস্ত্র হিসেবে ড্রোনের কার্যকারিতা অনুমান করতে পারিনি।

কখনো আমি ভাবতে পারিনি, ইউক্রেন কৃষ্ণসাগরের পশ্চিম দিকের অর্ধেক এলাকা থেকে রুশ নৌবাহিনীকে তাড়িয়ে দেওয়ার ক্ষমতা রাখে। এই যুদ্ধ থেকে দ্বিতীয় যে পাঠ আমরা নিতে পারি, সেটি হলো পারমাণবিক অস্ত্র শত্রুদের ঠেকিয়ে রাখতে কাজ করে। পুতিনের পারমাণবিক অস্ত্রের ব্যবহারের হুমকি ন্যাটোকে ইউক্রেনে সেনা পাঠানোয় বাধা দিয়েছে। তবে বিষয়টি এমন নয় যে ইউরোপের চেয়ে রাশিয়ার পারমাণবিক অস্ত্রের সক্ষমতা বেশি। রাশিয়ার ইউরোপকে ঠেকিয়ে রাখতে পারার বড় কারণ হলো, পুতিন ইউক্রেনকে জাতীয় স্বার্থের গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে নিলেও ইউরোপের নেতারা বিষয়টি সেভাবে ভাবেননি।

তবে পুতিনের হুমকি ইউক্রেনকে অস্ত্র দেওয়া থেকে বিরত রাখতে পারেনি। পাশাপাশি পুতিনকে ন্যাটোভুক্ত দেশগুলোতে হামলা চালানো থেকে পশ্চিমারা ঠিকই বিরত রাখতে পেরেছে।

শিক্ষণীয় বিষয়টি হলো, আধুনিক যুদ্ধে সাইবার সক্ষমতা বুলেটের চেয়ে কম গুরুত্বপূর্ণ নয়। রাশিয়া কমপক্ষে ২০১৫ সাল থেকে ইউক্রেনের পাওয়ার গ্রিডের নিয়ন্ত্রণ নেওয়ার জন্য সাইবার অস্ত্র ব্যবহার করেছে।

তৃতীয় শিক্ষণীয় বিষয় হলো, অর্থনৈতিকভাবে পারস্পরিক নির্ভরশীলতা যুদ্ধ এড়ানোর নিশ্চয়তা দিতে পারে না। কিছু জার্মান নীতিনির্ধারক অনুমান করেছিলেন, রাশিয়ার সঙ্গে বাণিজ্য সম্পর্ক ছিন্ন করলে তার জন্য রাশিয়া এবং ইউরোপ উভয় পক্ষকে চড়া মূল্য দিতে হবে। এ কারণে কোনো পক্ষই প্রকাশ্য শত্রুতায় জড়াবে না। কিন্তু এখন দেখা যাচ্ছে, অর্থনৈতিক পারস্পরিক নির্ভরতা যুদ্ধ ঠেকাতে পারে না বরং যুদ্ধের খরচ বাড়াতে পারে।

চতুর্থ শিক্ষণীয়টি হলো কোনো দেশের ওপর নিষেধাজ্ঞা আরোপ করলে স্বল্প মেয়াদে ভালো কোনো ফল পাওয়া যায় না, বরং খরচের হিসাব লম্বা হতে থাকে। রাশিয়ার ওপর পশ্চিমারা নিষেধাজ্ঞা দেওয়ার পর রাশিয়া বিকল্প মিত্র বেছে নিয়েছে। রাশিয়ার কাছ থেকে সস্তায় জ্বালানি কিনেছে ভারত ও চীন। বরং রাশিয়া থেকে তেল আনতে না পারায় ইউরোপের অনেক দেশের মধ্যেই অস্থিরতা শুরু হয়েছে।

পঞ্চম পাঠ হলো, তথ্যযুদ্ধের ধরন এখন অনেক পাল্টে গেছে। আধুনিক তথ্যযুদ্ধে কোন পক্ষের সেনাবাহিনী জিতেছে, শুধু সেটিকে বড় করে প্রচার করাই শেষ কথা নয়, বরং কে কোন গল্প বা ভাষ্যকে বেশি বিশ্বাসযোগ্যভাবে প্রচার করতে পারছে, সেটি বড় বিষয়।

অনেক বিশ্লেষক ভবিষ্যদ্বাণী করেছিলেন, ইউক্রেনের অবকাঠামো এবং সরকারের বিরুদ্ধে রাশিয়ার সাইবার হামলা অসাধ্য সাধন করবে। ড্রোন ব্যবহারের জন্য প্রয়োজনীয় সংযোগগুলো সাইবার হামলার মাধ্যমে নিয়ন্ত্রণে নেওয়া সম্ভব। সেটি যুদ্ধকে এখন আরও জটিল করে তুলেছে।

ষষ্ঠ পাঠ হলো, যুদ্ধে মনস্তাত্ত্বিক প্রভাব বিস্তার করার জন্য সফট পাওয়ারও প্রয়োজন। পুতিন শুরুর দিকে সাফ পাওয়ারের পরীক্ষায় ফেল করেছিলেন। ইউক্রেনে হামলার প্রথম দিকে বিশ্ববাসীর কাছে পুতিনের সমর্থন কমে গিয়েছিল। অন্যদিকে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সাহসী ভূমিকা তাকে জনপ্রিয় করে তুলেছিল। এই সফট পাওয়ার জেলেনস্কি ও তাঁর সহযোদ্ধাদের অনেক বেশি সাহসী করে তুলেছে।

সপ্তম শিক্ষণীয় বিষয়টি হলো, আধুনিক যুদ্ধে সাইবার সক্ষমতা বুলেটের চেয়ে কম গুরুত্বপূর্ণ নয়। রাশিয়া কমপক্ষে ২০১৫ সাল থেকে ইউক্রেনের পাওয়ার গ্রিডের নিয়ন্ত্রণ নেওয়ার জন্য সাইবার অস্ত্র ব্যবহার করেছে।

অনেক বিশ্লেষক ভবিষ্যদ্বাণী করেছিলেন, ইউক্রেনের অবকাঠামো এবং সরকারের বিরুদ্ধে রাশিয়ার সাইবার হামলা অসাধ্য সাধন করবে। ড্রোন ব্যবহারের জন্য প্রয়োজনীয় সংযোগগুলো সাইবার হামলার মাধ্যমে নিয়ন্ত্রণে নেওয়া সম্ভব। সেটি যুদ্ধকে এখন আরও জটিল করে তুলেছে।

লেখক: হার্ভার্ড কেনেডি স্কুলের একজন ইমেরিটাস অধ্যাপক ও যুক্তরাষ্ট্রের সাবেক সহকারী প্রতিরক্ষামন্ত্রী

স্বত্ব: প্রজেক্ট সিন্ডিকেট

ইংরেজি থেকে সংক্ষিপ্ত আকারে অনূদিত

প্রস্তাবিত জাতীয় বাজেট ও 'বিকল্প বাজেট'

॥ মুঈদ রহমান ॥

গত ৬ জুন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী জাতীয় সংসদে ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় বাজেট প্রস্তাবাকারে উপস্থাপন করেন। এ বাজেটের ওপর আগামী তিন সপ্তাহ জনপ্রতিনিধিরা আলোচনা করবেন এবং এ মাসের শেষ সপ্তাহে চূড়ান্তভাবে বাজেটটি অনুমোদন পাওয়ার পর ১ জুলাই থেকে কার্যকর হবে। প্রস্তাবিত বাজেটের আকার ধরা হয়েছে ৭ লাখ ৯৭ হাজার কোটি টাকা; এর মধ্যে আয় ধরা হয়েছে ৫ লাখ ৪১ হাজার কোটি টাকা; ঘাটতি ধরা হয়েছে ২ লাখ ৫৬ হাজার কোটি টাকা। বাজেটে পরিচালন ব্যয় ধরা হয়েছে ৫ লাখ ৬ হাজার ৯৭১ কোটি টাকা; আর উন্নয়ন ব্যয় ধরা হয়েছে ২ লাখ ৮১ হাজার ৪৫০ কোটি টাকা। মূল্যস্ফীতি ৬ দশমিক ৫ শতাংশে রাখার কথা বলা হয়েছে। জিডিপি প্রবৃদ্ধির হার ধরা হয়েছে ৬ দশমিক ৭৫ শতাংশ। সাধারণত ঘাটতি মেটাতে সরকার অভ্যন্তরীণ ও বিদেশি উৎস থেকে ঋণ নিয়ে থাকে। এবারে বিদেশি উৎস থেকে ঋণ নেবে ১ লাখ ২৭ হাজার ২০০ কোটি টাকা আর অভ্যন্তরীণ উৎস থেকে ঋণ নেবে ১ লাখ ৬০ হাজার কোটি টাকা। অভ্যন্তরীণ ঋণের ১ লাখ ৩৭ হাজার ৫০০ কোটি টাকা নেওয়া হবে ব্যাংক খাত থেকে, আর বাদবাকিটা ব্যাংকবহির্ভূত খাত থেকে, যার মধ্যে সঞ্চয়পত্র বিক্রি বাবদ আসবে প্রায় ১৫ হাজার কোটি টাকা। সরকার সবচেয়ে বেশি চাপের মুখে থাকবে ঋণের সুদাসল পরিশোধে। সরকারকে এ বছর প্রায় ১ লাখ ১৪ হাজার কোটি টাকা ব্যয় করতে হবে কেবল ঋণের সুদাসল পরিশোধে; যা মোট বাজেটের ১৪ শতাংশেরও বেশি।

কেমন হলো এবারের বাজেট? এটি একটি সাধারণ প্রশ্ন, যা প্রতিটি বাজেট প্রস্তাবের পরপরই করা হয়ে থাকে। এর উত্তর আপনি-আমি দিতে কিছুটা সময় নিলেও সরকারি দল ও বিরোধী দল বিবৃতি দিতে কালক্ষেপণ করে না; এবং এ বিবৃতির ধরনটিও গতানুগতিক-দায়সারা-ফরমায়েশি। সরকারি দলের পক্ষ থেকে বলা হবে এ বাজেট যুগান্তকারী ও গণ-মুখী; অন্যদিকে বিরোধী দল বলবে এ বাজেট গরিবমারা ও হরিলুটের বাজেট। প্রকৃত সত্য হলো, আমাদের শাসনব্যবস্থা যেমন, আমাদের রাজনৈতিক দৃষ্টিভঙ্গি যেমন, আমাদের শাসকগোষ্ঠী যাদের দ্বারা প্রভাবিত, বাজেটটি তেমন। এতে নতুনত্বের কিছু নেই। তারপরও দু-চারটি কথা বলতে হয়। সাধারণত প্রতিবছরই বাজেটের আকার পূর্বতন বছরের তুলনায় ১২-১৩ শতাংশ বড় হয়। এবারের বাজেট গত বছরের তুলনায় সাড়ে চার শতাংশের মতো বড় হয়েছে, তাই প্রকৃত অর্থে বলা যায়, ছোট হয়েছে। অনেকে এটাকে ভালো বলছেন এ কারণে যে, এর দ্বারা আমাদের অর্থনৈতিক সংকটকে মেনে নেওয়া হয়েছে। তবে সমস্যা রয়েই গেল। এবারও ব্যাংকগুলোতে সরকারি ঋণের চাপ থাকবে, যার নেতিবাচক প্রভাব বেসরকারি বিনিয়োগের ওপর পড়বে। এবারে এনবিআরকে গত বছরের তুলনায় ৫০ হাজার কোটি টাকা বেশি আহরণ করতে হবে। যদি (বাকি অংশ ১২ পাতায়)

নামাজের সময়-সূচী

জুন	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
ফজর	৩.৪৫	৩.৪৫	৩.৪৫	৩.৪৫	৩.৪৪	৩.৪৪	৩.৪৪
সূর্যোদয়	৫.২৩	৫.২৩	৫.২৩	৫.২৪	৫.২৩	৫.২৩	৫.২৩
জোহর	১২.৫৫	১২.৫৫	১২.৫৫	১২.৫৬	১২.৫৬	১২.৫৬	১২.৫৬
আসর	৬.০৯	৬.০৯	৬.০৯	৬.১০	৬.১০	৬.১০	৬.১১
মাগরিব	৮.২৬	৮.২৭	৮.২৭	৮.২৮	৮.২৮	৮.২৯	৮.২৯
এশা	১০.০৫	১০.০৬	১০.০৬	১০.০৭	১০.০৮	১০.০৮	১০.০৯

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

ওয়াশিংটন দূতাবাসে মিলিয়ন ডলার চুরি, তদন্ত ফাইল গায়েব

॥ মিজানুর রহমান ॥

ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস থেকে কয়েক মিলিয়ন ডলার হাতিয়ে নিয়েছে একটি প্রভাবশালী চক্র। আত্মসাৎ করেছে দূতাবাসের ১ লাখ ৭৬ হাজার ডলারের ইমার্জেন্সি ফান্ড। তাছাড়া দূতাবাসের অ্যাকাউন্ট থেকে কৌশলে সরানো হয়েছে আরও প্রায় সোয়া ৩ লাখ ডলার। সেই চুরির প্রাথমিক তথ্য-প্রমাণ পেয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। দায়িত্বশীলরা জানিয়েছেন, শুধু সিডর ইমার্জেন্সি ফান্ড বা দূতাবাসের অ্যাকাউন্ট থেকে অর্থ লোপাট নয়, রাষ্ট্রদূতের বাসভবন (বাংলাদেশ হাউস) মেরামতেও ব্যাপক দুর্নীতির মাধ্যমে বড় অঙ্কের অর্থ হাতিয়ে নিয়েছে চক্রটি। রাষ্ট্রদূতের রিপোর্ট, পররাষ্ট্র দপ্তরে জমা পড়া অভিযোগ, মানবজমিন প্রতিবেদকের সরজমিন ওয়াশিংটনে অনুসন্ধান, হাতে আসা নথি এবং সরকারের দায়িত্বশীল ব্যক্তিদের সঙ্গে আলাপে অভিযোগগুলোর সত্যতা মিলেছে। সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, ঘটনা সংঘটিত হওয়ার সময়ে দূতাবাসের দায়িত্বপ্রাপ্তরা এই ঘটনার দায় এড়াতে পারেন না।

জানা গেছে, সবচেয়ে বড় দুর্নীতি হয়েছে ওয়াশিংটন ডিসি লাগয়ো মেরিল্যান্ডে বেথেসডা হাইবরো এলাকায় থাকা বাংলাদেশ হাউস নির্মাণে। বাড়ির জমিসহ বাজারমূল্য (রিয়েলটর প্রতিষ্ঠান রেডফিন ও জিলোর তথ্য) ৪.২৩ মিলিয়ন থেকে সর্বোচ্চ ৫.১ মিলিয়ন ডলার। বাড়িটি মেরামতেই (কাঠামোগত সংস্কার এবং সৌন্দর্য্য বর্ধনে) বিল দেখানো হয়েছে ৬ মিলিয়ন ডলার। ৬০ কোটি টাকায় সংস্কার করা বাড়িতে এতটাই নিম্নমানের সামগ্রী ব্যবহার হয়েছে যে, ২০২১ সালের সেপ্টেম্বরে বাড়িটি উদ্বোধনের কয়েক মাস পর ছাদে ফাটল ধরেছে।

সামান্য বরফ জমলে বা ঝড়বৃষ্টিতে ঘরের বিভিন্ন অংশে পানি প্রবেশ করে। ওই বাড়িতে রাষ্ট্রদূত, তার পরিবার এবং ব্যক্তিগত কর্মচারীরা বসবাস করলেও মান-সম্মান হারানোর ভয়ে কূটনৈতিক পার্টির আয়োজন বন্ধ রাখা হয়েছে। বিষয়টি সরজমিন দেখে দ্রুত পুনঃসংস্কারের ব্যবস্থা নিতে ঢাকায় দফায় দফায় আর্জি জানাচ্ছেন বর্তমান রাষ্ট্রদূত ইমরান আহমেদ। ওয়াশিংটনে সিস্টেমেটিক দুর্নীতি নিয়ে রহস্যজনক কারণে শুরু থেকেই লুকোচুরি চলছে। ওয়াশিংটন মিশনের ১ লাখ ৪৬ হাজার ডলার গেল কই? এই শিরোনামে ঘটনার অংশবিশেষ তুলে ধরে গত বছরের মার্চে মানবজমিন একটি রিপোর্ট করেছিল। সেই রিপোর্টের প্রেক্ষিতে পুরো বিষয়টি তদন্তে তখন ৩ সদস্যের প্রতিনিধিদলের নাম প্রস্তাব করে একটি ফাইল উঠেছিল। কিন্তু আজ অবধি তদন্তটি হয়নি।

ওয়াকিবহাল সূত্রের দাবি, ওয়াশিংটনের পুকুর চুরির বিস্তৃত তদন্ত এবং প্রকৃত দোষীদের চিহ্নিত করতে তৎকালীন পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আবদুল মোমেন অবধি ফাইলটি উঠেছিল। মন্ত্রী বদল হয়েছে, কিন্তু আজও নামেনি ফাইলটি। এটি রহস্যজনক মনে করছেন সংশ্লিষ্টরা।

যুক্তরাষ্ট্রের ব্যাংকের তথ্য, দূতাবাসের অর্থ গেছে ক্যাসিনোতে: ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসের ডরমেন্ট অ্যাকাউন্ট থেকে বেহাত হওয়া কয়েক লাখ ডলারের (ইমার্জেন্সি তহবিল) একটি বড় অংশ ক্যাসিনোতে গেছে বলে দূতাবাসকে জানিয়েছে আমেরিকান সিটি ব্যাংক। তারা এর প্রমাণ হিসাবে দূতাবাসের একজন কর্মকর্তার এটিএম কার্ডের বিস্তারিত শেয়ার করেছে। আচমকা দূতাবাসের ডরমেন্ট অ্যাকাউন্ট থেকে টাকা উত্তোলন এবং কয়েক মাসের ব্যবধানে অ্যাকাউন্টটি খালি করার বিষয়টি সন্দেহজনক ঠেকে আমেরিকান সিটি ব্যাংকের ম্যানেজার (ভাইস প্রেসিডেন্ট) সাচা খানের কাছে। তিনি চিঠি দিয়ে তৎকালীন রাষ্ট্রদূত এম শহীদুল ইসলামকে বিষয়টি অবহিত করেন। মানবজমিনের হাতে আসা ডকুমেন্ট বলছে, ওয়াশিংটনে দীর্ঘদিন দায়িত্ব পালনকারী রাষ্ট্রদূত এম জিয়াউদ্দিনের বিদায় এবং পরবর্তী রাষ্ট্রদূত এম শহীদুল



ইসলামের দায়িত্ব গ্রহণের মুহূর্তে (ট্রানজিশন পিরিয়ডে) অ্যাকাউটটি খালি করার ঘটনা ঘটে। তখন দূতাবাসের তৎকালীন হেড অব চ্যান্সারি (ডিডিও'র বাড়তি দায়িত্ব) ছিলেন ৩০ ব্যাচের কর্মকর্তা মাহমুদুল ইসলাম। তার স্বাক্ষরে ব্যাংকের হিসাবটি ক্লোজ করা হয়। ২০২১ সালের মার্চে অ্যাকাউন্টটি ক্লোজ হলেও তা নিয়ে ব্যাংক কর্তৃপক্ষের সন্দেহ দূর না হওয়ায় পরবর্তীতেও দূতাবাসের সঙ্গে চিঠি চালাচালি চলতে থাকে। ওয়াশিংটন দূতাবাস এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ে বিষয়টি জানাজানির পর রীতিমতো তোলপাড় শুরু হয়। কিন্তু বিষয়টি যাতে কোনো অবস্থাতেই গণমাধ্যমে প্রকাশ না পায় এজন্য অফিসারদের নিয়মিত বিরতিতে ডেকে ব্রিফ করে সম্ভাব্য সব ছিদ্র বন্ধ করা হয়। অনেকটা নীরবেই তথ্যানুসন্ধান শুরু হয় এবং ঘটনার সত্যতা পায় সরকার। দায়িত্বশীলরা জানান, কী অজুহাত দেখিয়ে মোটা অঙ্কের ওই অর্থ উত্তোলন করা হয়েছে, এর ব্যয় কীভাবে দেখানো হয়েছে? অর্থ উত্তোলনের প্রক্রিয়া এবং কার কার মধ্যে এটি ভাগ-বাটোয়ারা হয়েছে তা-ও তখন খোঁজা হয়। কিন্তু ততক্ষণে একটি পক্ষ তৎপর হয়ে উঠে সেই অনুসন্ধান বন্ধ করতে।

২০২১ সালের ১০ই ডিসেম্বর র‍্যাবের ওপর যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা জারির প্রেক্ষিতে দেশটির সঙ্গে বাংলাদেশের সম্পর্কে টানাপোড়েন তৈরি হলে তৎকালীন রাষ্ট্রদূত শহীদুল ইসলামকে প্রত্যাহার করা হয়। সঙ্গত কারণেই অর্থ লুটের বিষয়টি তখন ছাইছাপা পড়ে যায়। স্মরণ করা যায়, যেকোনো দূতাবাসের আয়-ব্যয়ে একটি অ্যাকাউন্ট থাকে। যাকে মাদার বা মূল অ্যাকাউন্ট বলা হয়। সরকারের অনুমতি নিয়ে বাড়তি অ্যাকাউন্ট খোলা বা বন্ধ করতে হয়। 'সেভিংস ফর ইমার্জেন্সি' ছিল ওয়াশিংটন মিশনের স্বতন্ত্র অ্যাকাউন্ট। যার নাম্বার ছিল সিটি বিজনেস আইএমএমএএ-১৫২৮৩৩২১। সূত্রমতে, ২০০৭ সালে বাংলাদেশের ওপর দিয়ে বয়ে যাওয়া ভয়াবহ ঘূর্ণিঝড় সিডরের পর ইমার্জেন্সি ওই হিসাব খোলা হয়েছিল। শুরুতেই এতে জমা হয়েছিল বেশ অর্থ। কিন্তু অনেক দিন এতে লেনদেন না হওয়ায় অ্যাকাউন্টটি 'ডরমেন্ট' অবস্থায় চলে যায়।

নির্মাণ ব্যয় থার্ড পার্টি দিয়ে নিরীক্ষার চেষ্টা সফল হয়নি: রাষ্ট্রদূতের বাড়িটির নির্মাণকাজে কতোটা অনিয়ম হয়েছে তা বুঝতে তৃতীয় পক্ষের মাধ্যমে নিরীক্ষার চেষ্টা করেছিলেন একজন রাষ্ট্রদূত। কিন্তু অদৃশ্য শক্তির চাপে এনিয়ে তিনি বেশিদূর অগ্রসর হতে পারেননি। স্থানীয় রিয়েলটরদের বিবেচনায় বাংলাদেশ হাউসে যে নির্মাণ সামগ্রী ব্যবহার হয়েছে তার ব্যয় কোনো অবস্থাতেই ৩ মিলিয়নের বেশি হওয়ার কথা নয়। স্মরণ করা যায়, জমির পরিমাণ, বিদ্যমান অবকাঠামো এবং ইন্টেরিয়র বিচেনায় বিভিন্ন রিয়েলটর প্রতিষ্ঠানগুলো যুক্তরাষ্ট্রের বাড়িগুলোর ইভালুয়েশন করে দাম নির্ধারণ করে। যুক্তরাষ্ট্রের অন্যতম রিয়েলটর প্রতিষ্ঠান জিলো তাদের ওয়েবসাইটে ৪ Highboro Ct, Bethesda, MD 20817, USA (বাংলাদেশ হাউস) বাড়িটির জমিসহ মূল্য দেখিয়েছে ৫.১ মিলিয়ন ডলার। অন্য প্রতিষ্ঠান রেডফিন পুনর্নির্মাণকৃত ওই বাড়িটির জমিসহ মূল্য দেখিয়েছে ৪.২৩ মিলিয়ন ডলার।

তদন্ত ফাইল গায়েব এবং...: ওয়াশিংটনে চুরির তদন্তের ফাইল গায়েবের বিষয়টি অস্বীকার করেছে পররাষ্ট্র মন্ত্রণালয় প্রশাসন অনুবিভাগ। দায়িত্বপ্রাপ্তরা বলছেন, ফাইলটি গায়েব নয় বরং এটি প্রক্রিয়াধীন আছে। গত বছরে নেয়া তদন্তের নীতিগত সিদ্ধান্ত এখনো বহাল রয়েছে জানিয়ে এক কর্মকর্তা বলেন, নির্বাচনের আগে ফাইলটি উঠেছিলো বলে তা এখন অনেকটাই অকার্যকর। মন্ত্রী পদে পরিবর্তনসহ নানা কারণে পূর্বের প্রস্তাব পুনর্বিবেচনার দাবি রাখে জানিয়ে ওই কর্মকর্তা বলেন, নতুন পররাষ্ট্রমন্ত্রীর কাছে বিষয়টি নতুনভাবে উপস্থাপন করে তার মতামত নিয়েই স্পর্শকাতর ওই ঘটনার তদন্ত করতে হবে, এটাই সঙ্গত। বর্তমানে পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সভাপতি সদ্য সাবেক পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে আবদুল মোমেন মানবজমিনের সঙ্গে আলাপে বলেন, সার্বিক দিক বিবেচনায় মন্ত্রণালয়ের মেরিট-াইম অ্যাফেয়ার্স ইউনিটের সচিব রিয়ার এডমিরাল (অব.) খুরশেদ আলমকে প্রধান করে ৩ সদস্যের তদন্ত কমিটি গঠনে প্রস্তাব করেছিলাম। যদিও পররাষ্ট্র সচিবের প্রস্তাব ছিল নিউইয়র্কস্থ জাতিংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মোহাম্মদ মুহিতকে প্রধান করার। তদন্ত কমিটিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধিকেও রাখা হয়েছিল জানিয়ে সাবেক পররাষ্ট্রমন্ত্রী বলেন, ওয়াশিংটন মিশনের অ্যাকাউন্ট থেকে ৪ লাখ ৯০ হাজার ডলার চুরির তথ্য পাই। সেইসঙ্গে রাষ্ট্রদূতের বাড়ি নির্মাণ প্রকল্পে মিলিয়ন ডলার দুর্নীতির তথ্য আসে। বিদায়ের আগে অনেক কাজ হলো কিন্তু দুর্ভাগ্য, চুরির তদন্তটি শুরু করে আসতে পারিনি। তিনি বলেন, আউটসাইডার হলেও এডমিরাল খুরশেদ আলম পররাষ্ট্রে বহু জটিল তদন্ত করেছেন এবং এসব কাজে তিনি দক্ষ। ড. মোমেন মনে করেন, প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ ছাড়া এই তদন্ত বেশিদূর অগ্রসর হবে না।

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ মঙ্গলবার মানবজমিনকে জানান, ওয়াশিংটনের ঘটনার ব্যাপারে এখনো তিনি অবহিত নন। গত ৫ মাসে বিষয়টি মন্ত্রীর নোটিশে আনা হয়নি বলে মন্ত্রণালয়ের কর্মকর্তারাও জানিয়েছেন। মানবজমিন'র লিখিত প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রীকে উদ্ধৃত করে জনসংযোগ কর্মকর্তা (পরিচালক) মীর আকরাম উদ্দিন আহম্মদ বলেন, ওয়াশিংটনের তহবিল তছরুপ বিষয়ে মন্ত্রী অবহিত নন। তিনি এখন হয়তো খোঁজখবর নেবেন এবং আশা করি এ ব্যাপারে পরবর্তী নির্দেশনা দেবেন।

২৮ কোমল পানীয়তে

(প্রথম পাতার পর)

সামিস মিল্ক গোট মিল্ক, ক্রেকলেক পাউডার গোট মিল্ক ইনফ্রান্ট ফর্মুলা ও শিশুদের চাপরা গোট মিল্ক ফর্মূলা। এফডিএ জানায়, চারটি পানীয় ছাড়া বাকি সবগুলোতে ক্ষতিকর ড্রাগ, ব্যাকটেরিয়া এবং ক্ষতিকর রাসায়নিক পদার্থ পাওয়া গেছে। জানা যায়, ব্যাথা কমানোর জন্য একটি চায়ে প্রদাহরোধী ওষুধ থাকায় তা প্রত্যাহার করা হয়েছে। এছাড়া কিছু কিছু পানীয়তে উচ্চ মাত্রার আর্সেনিক থাকায়ও সেগুলোকে প্রত্যাহার করা হয়েছে। এফডিএ কর্মকর্তারা জানান, এসব পানীয় থেকে মূত্রাশয়



এবং ত্বকে ক্যান্সার হওয়ার উচ্চ সম্ভাবনা রয়েছে। এছাড়াও কিছু কিছু পানীয়তে মস্তিষ্কের ক্ষতি করে এমন উপাদানও শনাক্ত হয়েছে বলে জানিয়েছে কর্মকর্তারা। গত বছর ২৩ টি পানীয় বাজার থেকে প্রত্যাহার করে নিয়েছে এফডিএ।

নিউইয়র্কে দেশের প্রথম বিরল সংক্রমক রোগ 'রিংওয়ার্ম' রোগী চিহ্নিত

এদিকে নিউইয়র্কে দেশের প্রথম বিরল সংক্রমক রোগ 'রিংওয়ার্ম' রোগীর সনাক্ত হয়েছে। এনওয়াইইউ ল্যাঙ্গোন হেলেথের গবেষকেরা জানান, সাধারণত দৈহিক সম্পর্কের কারনে এই রোগ সংক্রমিত হয়। বিরল ছত্রাক জাতীয় রোগটি ইউরোপীয় দেশগুলোতে ছড়িয়ে আছে বলে জানান তারা। চলতি সপ্তাহে আমেরিকান মেডিকেল অ্যাসোসিয়েশন জার্নালের প্রকাশিত একটি কেস স্টাডি অনুসারে, নিউইয়র্কের ৩০ বছরের এক ব্যক্তির শরীরে রিংওয়ার্ম সনাক্ত করা হয়। জানা যায়, সম্প্রতি ওই ব্যক্তির ইউরোপ এবং ক্যালিফোর্নিয়া ভ্রমণ করেন। ওই সময় একাধিক ব্যক্তির সাথে দৈহিক সম্পর্কে জড়ান তিনি। নিউইয়র্কে ফিরে আসলে, শরীরে বিভিন্ন অংশে দাদ ও চুলকানিতে লাল ক্ষত দেখা দেয়। চিকিৎসা নিতে গেলে চিকিৎসকরা তার শরীরে রিংওয়ার্মের জীবানু পান। এমফক্স ভাইরাসে আক্রান্ত ব্যক্তিদের মাঝে রিংওয়ার্মের সংক্রমণ ঘটলে তা তাদের স্বাস্থের জন্য ঝুঁকিপূর্ণ হতে পারে বলে আশঙ্কা করছে চিকিৎসকরা।





Tax & Consulting Services

for Individual and Businesses

Southeast USA Group Inc.

OUR SERVICES

- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services



(917) 566-1612

Prof. Ehteshamul Haque

Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372

Visit: www.southeastusagroup.com

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD

Akash Medical Care

Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার

Sudesh Srivastava MD

Cardiologist

পায়ের ডাক্তার

Dr. Nayeem Haque

Podiatic Surgeon

FOR APPOINTMENT

718-431-0009

Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

LAW OFFICE OF ALBERT GHUNNEY

ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com

37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার

এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ব ঠঃৎং'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq

এটর্নী এট ল'

For Appointment: **(917)-434-3338**

Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com

421 7th Avenue, Suite# 905, New York, NY 10001



জাতিসংঘের অধিবেশনে বাংলাদেশের রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি মুহাম্মাদ আব্দুল মুহিত সহ অন্যান্য কর্মকর্তা। ছবি: বাংলাদেশ মিশন

জাতিসংঘ অর্থনৈতিক ও সামাজিক পরিষদের বাংলাদেশের বিজয়

নিউইয়র্ক: জাতিসংঘের অত্যন্ত গুত্বপূর্ণ অঙ্গ অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (ECOSOC) এর ২০২৫-২০২৭ মেয়াদের নির্বাচনে বাংলাদেশ এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রার্থী হিসেবে ১৮৯ ভোটের মধ্যে ১৮১ ভোট পেয়ে নির্বাচিত হয়েছে। জাতিসংঘ সাধারণ পরিষদের সভাকক্ষে শুক্রবার (৭ জুন) নির্বাচনটি অনুষ্ঠিত হয়। এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল থেকে বাংলাদেশ ছাড়াও সৌদি আরব, শ্রীলঙ্কা ও উজবেকিস্তান এ নির্বাচনে জয়লাভ করে। ECOSOC জাতিসংঘের মূল ৬টি অঙ্গের একটি এবং বহুপক্ষীয় ও উন্নয়ন কূটনীতি প্রশ্নে জাতিসংঘের সবচেয়ে গুরুত্বপূর্ণ প্লাটফরম হিসেবে বিবেচিত। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী ও গতিশীল নেতৃত্বে বাংলাদেশ জাতিসংঘের ২০৩০ এজেন্ডা ও ভিশন-২০৪১: স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বাস্তবায়নে অভূতপূর্ব সাফল্য অর্জন করে চলছে। সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে রোল মডেল হিসেবে বিবেচিত বাংলাদেশের উন্নয়ন বৈশ্বিক স্বীকৃতি অর্জন করেছে। নির্বাচনস্থলে বিভিন্ন দেশের কূটনীতিকবৃন্দ বাংলাদেশের বিজয় কে "বাংলাদেশের উন্নয়ন সফলতার বৈশ্বিক স্বীকৃতির অংশ এ বিজয়" হিসেবে আখ্যায়িত করেছেন। বস্তুত, বাংলাদেশ যে অন্যান্য দেশের বিশ্বাস, নির্ভরতা ও সম্মান অর্জন করেছে- সাধারণ বিবেচনায় বাংলাদেশের অব্যাহত বৈশ্বিক নির্বাচনে সাফল্য- বিশেষত, অত্যন্ত সম্মানজনক এ নির্বাচনের সাফল্য- তারই স্বীকৃতি। এদিকে বৃহস্পতিবার-ই (৬ জুন) রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি মুহাম্মাদ আব্দুল মুহিত জাতিসংঘের অর্থনৈতিক বিষয় সংক্রান্ত কমিটির (দ্বিতীয় কমিটি) সভাপতি নির্বাচিত হয়েছেন।

জাতিসংঘের ৭৮তম সাধারণ পরিষদের সভাপতি মি. ডেনিস ফ্রান্সিস-এর সভাপতিত্বে গোপন ব্যালটের মাধ্যমে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনের বিজয় বার্তায় জাতিসংঘে বাংলাদেশের রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি মুহাম্মদ আব্দুল মুহিত বলেন, "এ বিজয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল ও সৃষ্টিশীল নেতৃত্বে বাংলাদেশের অব্যাহত উন্নয়নের স্বীকৃতি এবং আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের প্রতি আন্তর্জাতিক সম্প্রদায়ের আস্থা ও বিশ্বাসের বহিঃপ্রকাশ"। স্বল্পোন্নত দেশের তালিকা থেকে বাংলাদেশের ২০২৬ সালে উন্নয়নশীল দেশে উত্তরণের প্রতি গুরুত্ব আরোপ করে রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি মুহিত বলেন, "ইকোসকের সদস্যপদ আমাদের স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে অবাধ ও টেকসই উত্তোরণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।"

ইকোসকের সদস্যপদ জাতিসংঘের বিভিন্ন ফোরাম, কমিশন, কমিটি, নির্বাহী বোর্ড, ইউএনএসকাপ-এর মতো আঞ্চলিক প্লাটফরমসমূহে সহায়ক নীতি প্রণয়নসহ বাংলাদেশের নেতৃত্ব এবং জাতিসংঘের ২০৩০ এজেন্ডা বাস্তবায়নের অব্যাহত প্রচেষ্টাকে আরো শক্তিশালী করবে। এ বিজয় আমাদের উন্নয়ন অভিজ্ঞতার সাফল্যসমূহকে বিশ্বের সাথে ভাগাভাগি করে নিতে সহায়ক হবে বলে রাষ্ট্রদূত মুহিত উল্লেখ করেন।

উল্লেখ্য, বাংলাদেশ বর্তমানে ইউএনডিপি/ইউএনএফপিএ/ইউএনঅপ্স-এর নির্বাহী বোর্ডের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছে। ECOSOC-এ আগামী ২০২৫ সালের জানুয়ারী মাস থেকে তিন বছর মেয়াদে (২০২৫-২০২৭) বাংলাদেশ দায়িত্ব পালন করবে। -প্রেস বিজ্ঞপ্তি।

অনলাইন ট্রাভেল এজেন্সি চালু

(শেষের পাতার পর)

ডলার ইনস্ট্যান্ট ক্যাশব্যাক দেয়া হবে। এরসাথে থাকছে আকর্ষণীয় পুরস্কারের হিসেবে থাকবে এয়ার টিকেট, ল্যাপটপ ও আইপ্যাড।

সিটির জ্যাকসন হাইটসে গ্লোব্যাল ট্যুর এন্ড ট্রাভেল কার্যালয়ে গত ৮ জুন শনিবার আয়োজিত এক সংবাদ সম্মেলনে উপরোক্ত তথ্য জানানো হয়। 'নিজেদের প্রতিষ্ঠানের অগ্রযাত্রা' উপলক্ষ্যে আয়োজিত এই সম্মেলনে প্রতিষ্ঠানটির সিইও এবং প্রতিষ্ঠাতা মোহাম্মদ শামসুদ্দীন বলেন, তাদের প্রতিষ্ঠানটি সুনামের সাথে প্রায় দীর্ঘ ১৫ বছর যাবত সেবায় নিয়োজিত রয়েছে এবং ভবিষ্যতেও দক্ষতার সাথে সেবা দিতেও প্রতিশ্রুতিবদ্ধ। তিনি ট্রাভেল এজেন্সি ব্যবসাকে বর্তমান সময়ের সাথে তাল মিলিয়ে এখন অনলাইন ট্রাভেল এজেন্সিতে কনভার্ট করা হয়েছে। এর মাধ্যমে সেবাকে হাতের মুঠোয় নিয়ে আসা হয়েছে।

মোহাম্মদ শামসুদ্দীন বলেন, তাদের অনলাইন ট্রাভেল এজেন্সি বা সংক্ষেপে ওটিএ-এর নাম হচ্ছে www.globaltravelbd.com. এই ওটিএ'র মাধ্যমে বিশ্বের যে কোন প্রান্ত থেকে পছন্দের ফ্লাইটটি বুকিং করা যাবে এবং পেমেন্ট করা যাবে ক্রেডিট কার্ড অথবা ওয়ালেট ব্যালেন্সের মাধ্যমে। এই ওটিএ'র মাধ্যমে বিশ্বের সকল ধরনের এয়ারলাইন্সের টিকিট পাওয়া যাবে খুবই সাশ্রয়ী মূল্যে। ওয়েবসাইটের মূল বৈশিষ্ট্যগুলোর মধ্যে রয়েছে- অন্যান্য এজেন্সি, ওয়েবসাইট এবং এয়ারলাইন্স থেকে সাশ্রয়ী মূলে এয়ার টিকিট, নিজের পছন্দমতো ফ্লাইট বুকিং করে নিজে টিকিট ইস্যু করার ক্ষমতা, হুইল চেয়ার এবং নিজের পছন্দমতো খাবার চয়েজ করা, সাশ্রয়ী মূল্যে এক্সট্রা লাগেজ ক্রয় করা ও নিজের টিকিট নিজে রিফান্ড অথবা ডেট চেঞ্জ করা এবং এর সাথে থাকছে সার্বক্ষণিক লাইভ কাস্টমার সাপোর্ট।

গ্লোব্যাল ট্যুর এন্ড ট্রাভেল-এর সেবা সমূহের মধ্যে রয়েছে: যেকোনো দেশের টুরিস্ট ভিসা এবং স্টুডেন্ট ভিসা সার্ভিস। বিশ্বের সর্বত্র হোটেল বুকিং, ওমরা ভিসা এবং ওমরা প্যাকেজ (ভিসা, হোটেল বুকিং, ট্রান্সপর্টেশন, মুয়াল্লিম)। মানি ট্রান্সফার



(ক্যাশ পিক আপ, ব্যাংক ডিপোজিট এবং বিকাশ, নোটারি পাবলিক, সব ধরনের কনস্যুলেট সার্ভিস (নো ভিসা সিল, ডুয়েল সিটিজেনশিপ, বার্থ রেজিস্ট্রেশন সার্টিফিকেট, এম আর পি পাসপোর্ট) সেবাও তাদের কাছ থেকে গ্রহণ করা যাবে। পেশাগত সততা ও আস্থার প্রতীক গ্লোবাল ট্যুরের পক্ষ থেকে জানান হয়েছে।

তরুণ ব্যবসায়ী মোহাম্মদ সামসুদ্দিনের বাবা আলহাজ মোহাম্মদ নাসির উদ্দিন উপস্থিত সাংবাদিকদের কৃতজ্ঞতা জানান এবং কৃতজ্ঞতা জানিয়ে সবার কল্যাণ কামনা করেন।

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী
বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই
এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়
PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.
PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।
❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং
আমরা বাংলায় কথা বলি
PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

কুইন্স থেকে এম, চৌধুরীর প্রশ্নঃ

ইমিগ্রেশন সম্পর্কে সত্যিকার অর্থে আমার তেমন একটি ধারণা নেই বলে এই বিভাগে প্রকাশিত লেখা পড়ে আমি কিছুটা ধারণা লাভ করার চেষ্টা করে থাকি। আমার প্রশ্নের মতোই প্রায়ই একই রকমের একটি প্রশ্ন এবং উত্তর এই বিভাগে পড়েছিলাম যদিও প্রশ্নটি কিছু দিন আগে এই বিভাগে প্রকাশিত হয়েছিলো। তবুও আমার প্রয়োজনে আমি আবার প্রশ্নটি উল্লেখ করছি। আমার জানার জন্য।

আমি ইউএস সিটিজেনদের ভাই-বোনের সাক্ষাতকার এবং এদেশের বাইরে তাদের আসা যাওয়া সম্পর্কে জানতে চাচ্ছি।

এম চৌধুরীর প্রশ্নের উত্তরঃ

ইমিগ্রেশন বিষয়ে আপনাদের জানতে চাওয়া প্রেক্ষিতে এবং এ বিষয়ে আপনাদের কিছুটা ধারণা দেবার জন্য আমরা চেষ্টা করে থাকি। যদিও আমাদের পরামর্শ হচ্ছে যে কোন চূড়ান্ত সিদ্ধান্ত দেবার আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে আলোচনা করা ভালো। যিনি আপনার সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করে আপনার জন্য সঠিক পরামর্শ দিতে পারেন।

ইমিগ্রেশন আইন অনুযায়ী গ্রিনকার্ড পাবার দু'টি পথ আছে।

স্ট্যাটাস এডজাস্টমেন্টের মাধ্যমে গ্রিনকার্ড প্রাপ্তি। আপনি যদি ইউএসএ-তে অবস্থান করেন এবং আপনার ভিসার প্রাপ্যতা থাকে এবং আপনার স্ট্যাটাস যদি এডজাস্টমেন্টের জন্য যোগ্য হয় সেক্ষেত্রে আপনি ইউএসএ থেকে স্ট্যাটাস এডজাস্টমেন্টের মাধ্যমে গ্রিনকার্ড পেতে পারেন।

এর অর্থ হচ্ছে- আপনি নির্দিষ্ট কতিপয় শর্ত পূরণ করেছেন। পারিবারিক ভিত্তিতে যেসব কেস জব স্পন্সরের মতো নয়, সেক্ষেত্রে পরিবারের সদস্যদের ক্ষেত্রে ব্যতিক্রম রয়েছে। যেমনঃ ইউএস সিটিজেনদের অব্যবহিত পারিবারিক সদস্যরা (স্পাউস, মা-বাবা, ২১ নিম্ন বয়সের অবিবাহিত পুত্র-কন্যা)। যদি তারা ইউএসএ'র ভিতরে থাকেন এবং তারা যদি বৈধ ভিসায় ইউএসএ এসে থাকেন তবে তারা ইউএস থেকেই তাদের স্ট্যাটাস এডজাস্ট করতে পারবেন। বর্তমান স্ট্যাটাস প্রাসঙ্গিক হবে না। এর অর্থ আপনি যদি কোন ইউএস সিটিজেনের অব্যবহিত আপনার জন্য আবেদন করেছেন। এখন ভিসার প্রাপ্যতা আছে এবং স্টুডেন্ট হিসেবে আপনি দেশের আছেন। সেক্ষেত্রে প্রশ্ন হচ্ছে আপনি স্ট্যাটাস এডজাস্ট করতে পারবেন কিনা। উত্তর হবে– পারবেন। তবে আপনার ভিসার ভ্যালিড থাকতে হবে। আপনার ভিসার বৈধতা না থাকলে আপনি এখান থেকে স্ট্যাটাস এডজাস্ট করতে পারবেন না। আপনার স্ট্যাটাস না থাকলে এদেশ ত্যাগ করার আগে একজন এটর্নীর সাথে কথা বলা দরকার।



আত্মীয় হয়ে থকেন তবে আপনার বৈধ অবস্থানের মেয়াদ শেষ হয়ে গেলেও এদেশের মধ্যে থেকেই স্ট্যাটাস এডজাস্ট করতে পারবেন।

অন্যান্য পারিবারিক ভিত্তির ক্ষেত্রে তাদের প্রবেশ বৈধ ভিসায় এবং বর্তমান স্ট্যাটাসও বৈধ থাকতে হবে। যেমন আপনার ভাই একজন ইউএস সিটিজেন এবং তিনি ১০ বছরের অধিক আগে

ভিসা বুলেটিনে দ্বৈত চার্ট ব্যবস্থাঃ

গত কয়েক বছর ধরে ইউএস স্টেট ডিপার্টমেন্ট পরিবার ভিত্তিক (এফবি) এবং চাকরি ভিত্তিক (ইবি) ক্যাটাগরিতে কার্ট অফ'র তারিখের পৃথক স্টেটসহ ২টি চার্ট প্রকাশ করে থাকে। একটি চার্ট ফাইনাল এ্যাকশন হিসেবে ব্যবহৃত হচ্ছে (সাধারণত প্রথম চার্টকে চার্ট এ বলা হয়)।

এই চার্টটিতে একজন আবেদনকারীর গ্রিনকার্ড অথবা ভিসা প্রকৃতপক্ষে কখন অনুমোদন লাভ করতে পারেন তার ইঙ্গিত পাওয়া যায়। আর দ্বিতীয় চার্টটি হয় ন্যাশনাল ভিসা সেন্টারে সাক্ষাতকারের জন্য চূড়ান্তভাবে কাগজপত্র ফাইল করার পক্ষে (এই চার্টটিকে সাধারণত চার্ট বি বরা হয়)।

প্রকৃতপক্ষে এটাই আসল তারিখ যখন ইমিগ্র্যান্ট ভিসা আবেদনকারীদের ন্যাশনাল ভিসা সেন্টার বা কনসুলেটের ভিসা প্রক্রিয়ার জন্য সকল কাগজ জমা দিতে বলা হয়। সুতরাং ফাইলকে এ্যাকশন চার্টে দেয়া অগ্রাধিকার হচ্ছে আসল তারিখ ইমিগ্র্যন্ট ভিসা বা গ্রিনকার্ডের অনুমোদন করার। চার্ট বি ভিসা আবেদন ফাইল ফাইনাল করার ইঙ্গিত দেয়। ভ্রান্তি দূর করার লক্ষ্যে আমরা সাধারণত কেবল চার্ট 'এ' অর্থাৎ ফাইনাল এ্যাকশন ডেটস ফর ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিবার কেসগুলো প্রকাশ হয়ে থাকে।

ইউএস স্টেট ডিপার্টমেন্ট ওয়েব সাইটে প্রতি মাসে ফ্যামিলি ভিত্তিক এবং চাকরিভিত্তিক অগ্রাধিকার উভয় চার্টই প্রকাশ করে থাকে। বিস্তারিত জানার জন্য তাদের ওয়েব সাইট ভিজিট করতে পারেন।

আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে ভিসা বুলেটিনে দ্বৈত চার্ট ব্যবস্থা সম্পর্কে উল্লেখ করা হোল। কারণ এই বিষয়টি নিয়ে প্রায়শই আপনাদের কাছে থেকে আমরা চিঠি পেয়ে থাকি।

জুন ২০২৪ ভিসা বুলেটিনঃ

ইউএস স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) জুন ২০২৪'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিচে জুন ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা দেয়া হলো। জুন ২০২৪'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনা করে দেখা যায় অধিকাংশ ফ্যামিলি ভিত্তিক ক্যাটাগরির চলমানতা ভালো।

ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকার

প্রথম (এফ-১)ঃ আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র-কন্যাঃ ৮ জুলাই, ২০১৫।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত ছেলে ও মেয়েরাঃ

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের ছেলে ও মেয়েরাঃ নভেম্বর ১৫, ২০২১।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে ও মেয়েরা (২১ বছর বা তদুর্ধবয়সী ছেলে ও মেয়েরাঃ এপ্রিল ০১, ২০১৬।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র-কন্যাঃ ০১ মার্চ ২০১০।

চতুর্থঃ (এফ-৪) ঃ প্রাপ্তবয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই-বোনঃ ২২ জুলাই, ২০০৭।

এ বিষয়ে এবং চাকরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে চাইলে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।



নিউইয়র্কে মুনা মিডিয়া বিভাগের কর্মশালা

বিবেক নির্ভর সাংবাদিকতাই সময়ের দাবী

নিউইয়র্ক: কমিউনিটি সাংবাদিকতা একটি বড় চ্যালেঞ্জ। স্থান-কাল পাত্রভেদে পাঠকদের পরিবর্তনশীল চাহিদা পুরণে একজন সাংবাদিক বিশাল ভূমিকা রাখতে পারে। প্রত্যেকটা ক্ষেত্রে বিবেকনির্ভর সাংবাদিকতার সময়ের দাবী। গত ২ জুন মুনা নিউইয়র্ক মিডিয়া বিভাগের কর্মশালায় এসব কথা বলেন সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান। নিউইয়র্ক নর্থ ও সাউথ জোন কর্তৃক আয়োজিত কর্মশালা অনুষ্ঠিত হয় মুনা সেন্টার অফ জ্যাকসন হাইটসে।

এতে সভাপতিত্ব করেন মুনা ন্যাশনাল এসিস্টেট এক্সিকিউটিভ ডাইরেক্টর আনিসুর রহমান গাজী। রিপোর্ট লেখার পদ্ধতি ও কমিউনিটি সাংবাদিকতার উপর আলোচনা করেন সাপ্তাহিক বাংলাদেশ পত্রিকার সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, রিপোর্ট তৈরীতে বাংলা বানান ও উচ্চারণ বিষয়ে আলোচনা করেন ইটিভির সাবেক নিজউ এডিটর মাহাথির ফারুকী। আমন্ত্রতি অতিথি ছিলেন এমসিটিভি ইউএস'র সিইও ও প্রেসিডেন্ট প্রবীণ সাংবাদিক কাজী সামসুল হক, সাপ্তাহিক রানা সম্পাদক জয়নাল আবেদীন। শুরুতে দারসুল কুরআন পেশ করেন মুনা জ্যাকসন হাইটস চ্যাপ্টারের সভাপতি নাসির উদ্দিন আহমেদ। স্বাগত বক্তব্য রাখেন নিউইয়র্ক সাউথ জোন



মিডিয়া বিভাগের পরিচালক আমিনুর রসুল জামসেদ। অনুষ্ঠান পরিচালনা করেন সাংবাদিক মমিনুল ইসলাম মজুমদার।

ডা. ওয়াজেদ এ খান বলেন, রিপোর্ট তৈরির ক্ষেত্রে রির্পোটারকে সাধারণত ৬টি 'ডব্লিউ-ও এইচ যথা: হু, হোয়াট, হয়েন, হয়ার, হয়াই এবং হাউ (ডযড়, ডযধঃ, ডযবহ, ডযবৎব, ডযু ও ঐড়ঁ) দ্বারা প্রশ্নের মাধ্যমে বিষয়ের স্পষ্টতা আনতে হয়। উপযুক্ত পর্যবেক্ষণ, যথাযথ পর্যালোচনা, প্রয়োজনীয় বিচার-বিশ্লেষণ ও যথেষ্ট সতর্কতার সঙ্গে রির্পোট লিখতে হয়। একটি আদর্শ রির্পোট দুই থেকে তিন পৃষ্ঠার মধ্যে শেষ করা হয়। এছাড়াও ঘটনাকে সহজ ও সাবলিলভাবে উপস্থাপনের করাই শ্রেয়:। সাধারণ পাঠকদের কথা বিবেচনায় রেখে কঠিন শব্দ চয়ন না করে সহজভাবে রিপোর্ট লেখাটাই উত্তম।

তিনি বলেন, একজন রির্পোটার প্রত্যক্ষ ঘটনার সাক্ষী হতে হয় অথবা কোনো ঘটনা ঘটে যাওয়ার পর সে সম্বন্ধে তথ্য সংগ্রহ করতে হয়। অনেক সময় প্রতিবেদন রচনার ক্ষেত্রে হয়তো অতীতে ঘটে যাওয়া কোনো ঘটনার সঙ্গে তাকে যোগসূত্র রচনাও করতে হয়। এ ক্ষেত্রে রির্পোটার ইতিহাস লেখকের ভূমিকা পালন করেন।

ডা. খান বলেন, কমিউনিটি সাংবাদিকতা একটি বড় চ্যালেঞ্জ। সামাজিক যোগাযোগ মাধ্যমের প্রভাবে সিরিয়াস কনটেন্টের ব্যাপারে পাঠকদের আগ্রহ কমে যাচ্ছে। স্থান-কাল পাত্রভেদে পাঠকদের পরিবর্তনশীল চাহিদা পুরণে একজন সাংবাদিক বিশাল ভূমিকা রাখতে পারে। বিবেকনির্ভর সাংবাদিকতাই সময়ের দাবী। একজন রির্পোটার প্রত্যেকটা ক্ষেত্রে আলোকবর্তিকা হয়ে উঠুক এই প্রত্যাশা করছি। -বিএনিউজ।





রাইজিং আপ এনওয়াইসি'র

(শেষের পাতার পর)

নির্বাচন ঘিরে রাইজ আপ এনওয়াইসি দীর্ঘ মেয়াদী ভোটার রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু করেছে।

অপরদিকে নিউইয়র্ক তথা যুক্তরাষ্ট্রে বাংলাদেশী-আমেরিকানদের সংখ্যা দিনে দিনে বাড়ছে। সেই সাথে বাংলাদেশীদের অংশগ্রহনও বাড়ছে মূলধারার রাজনীতিতে। অনেকের ধারনা নিউইয়র্কে তিন লক্ষাধিক বাংলাদেশীর বসবাস। কিন্তু ভোটার না হওয়া আর ভোট কেন্দ্রে গিয়ে ভোট না দেওয়ার কারণে বাংলাদেশী কমিউনিটির গুরুত্ব বাড়ছে না আমেরিকান রাজনীতিতে- এমনটাই বলছেন সংশ্লিস্টরা।

আগামী নভেম্বর মাসে অনুষ্ঠিতব্য প্রেসিডেন্টশিয়াল নির্বাচনের সম্ভাব্য হেভিওয়েট দুই প্রার্থী ডেমোক্র্যাট দলীয় বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন ও রিপাবলিকান সাবেক প্রেসিডেন্ট ডেনাল্ড ট্রাম্প। এদিকে আগামী ২৫ জুন নিউইয়র্ক সিটির বিভিন্ন পদের প্রাইমারী নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। এই নির্বাচন ঘিরে জমে উঠেছে প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের প্রচারণা। সিটির বোর্ড অব ইলেকশনস সকল প্রস্তুতি নিয়েছে। এদিন সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত এক টানা ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

অপরদিকে যুক্তরাষ্ট্রের নির্বাচন ঘিরে বাংলাদেশী-আমেরিকানদের সংগঠন 'রাইজ আপ এনওয়াইসি' দীর্ঘ মেয়াদী ভোটার রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু করেছে। এই কার্যক্রমের অংশ হিসেবে সিটির বিভিন্ন জায়গায় চলছে তাদের সভা-সমাবেশ। সম্প্রতি জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় আয়োজিত সমাবেশে কমিউনিটি নেতৃবৃন্দ ছাড়াও ডেমোক্র্যাট দলীয় নেতৃবৃন্দ অংশ নেন এবং ভোটার হওয়ার জন্য যুক্তরাষ্ট্রের নাগরিকদের প্রতি আহ্বান জানান।

ব্যক্তিক্রমী এই সমাবেশে সভাপতিত্ব করেন 'রাইজ আপ এনওয়াইসি'-এর সভাপতি শামসুল হক। সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কুইন্স ডেমোক্র্যাটিক পার্টির লীডার এট লার্জ এটর্নী মঈন চৌধুরী, মূলধারার রাজনীতিক হাইরাম মানসেরাত, বাংলাদেশী-আমেরিকান সোসাইটির সভাপতি মোহাম্মদ আলী, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, মামুনস টিউটেরিয়াল-এর কর্ণধার শেখ আল মামুন, আকাশ হোম কেয়ার-এর কর্ণধার অকাশ রহমান, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট রাসেল মালিক, জামিল সারোয়ার, জনপ্রিয় ইউটিউবার প্রিসিলা প্রমুখ।

ফাস্টফুডে আগ্রহ কমছে

(প্রথম পাতার পর)

রেস্তোরাঁগুলোর মেন্যুতে বাড়তি দাম দেখে অবাক হয়েছেন অন্তত ৬৫ ভাগ অংশগ্রহণকারী। প্রায় ৮০ ভাগই মত দিয়েছেন, দাম বেড়ে যাওয়ার কারণে ফাস্টফুড এখন বিলাসিতার পর্যায়ে পড়েছে।

ল্যান্ডিং ট্রি নামে একটি মার্কেট প্লেস এ সংক্রান্ত একটি জরিপ সম্প্রতি পরিচালনা করে। জরিপে ফাস্টফুড নিয়ে অন্তত ২ হাজার প্রাপ্ত বয়স্ক আমেরিকানের মতামত যাচাই করা হয়। জরিপে অংশগ্রহণকারীদের ফাস্টফুড কেনাকাটার অভ্যাস নিয়েও প্রশ্ন করা হয়েছিল।

অংশগ্রহণকারীদের মধ্যে ৬৭ শতাংশ আমেরিকান মনে করেন, ফাস্টফুডের দাম বাড়িতে তৈরি খাবারের চেয়েও কম হওয়া উচিত। ৫৬ শতাংশ অংশগ্রহণকারী বলেছেন, তারা এখন বাড়িতেই সহজ এবং সস্তা খাবার তৈরি করছেন।

দ্য ইনডিপেনডেন্টের এক প্রতিবেদনে বলা হয়েছে, মূল্যস্ফীতি এখন অনেক আমেরিকানদের নাগালের বাইরে। এর ফলে আর্থিকভাবে লড়াই করছে এমন অমেরিকানরাই শুধু নয়, বছরে ১ লাখ ডলার বা তার চেয়ে বেশি আয় করা আমেরিকানদের ৫২ শতাংশ বলছেন, তারা ফাস্টফুড কম খাচ্ছেন। আর সামগ্রিকভাবে ৬২ শতাংশ জানিয়েছেন যে, তারা ফাস্টফুড খাওয়া কমিয়ে দিয়েছেন।

এ ধরনের পরিস্থিতির কারণে আমেরিকার ফাস্টফুড শিল্পে সামগ্রিকভাবে গ্রাহক কমে গেছে। ফক্স বিজনেসের তথ্যমতে, ম্যাকডোনাল্ডসের সিইও ক্রিস কেম্পজিনস্কি এপ্রিলে বিষয়টির ইঙ্গিত দিয়েছিলেন। তিনি বলেছিলেন, প্রায় সবগুলো বড় বাজারে এই শিল্পের গতি ধীর হয়ে যাচ্ছে। আমরা জানি, আমাদের গ্রাহকেরা এখন আগের চেয়েও কম মূল্যের খাবার খুঁজছেন।

চলমান পরিস্থিতির সঙ্গে খাপ খাওয়াতে ম্যাকডোনাল্ডস চলতি মাসেই ৫ ডলার মূল্যের একটি নতুন খাবারের ঘোষণা দিয়েছে। অন্যদিকে ওয়েন্ডিস নামে আরেকটি ফাস্টফুড কোম্পানি মাত্র ৩ ডলারে একটি চুক্তিভিত্তিক প্রাতরাশের নিশ্চয়তা দিয়ে গ্রাহক ফিরিয়ে আনার চেষ্টা করেছে।

এদিকে সিএফকে রেস্তোরাঁর সাবেক সিইও অ্যান্ডি পুজদার মঙ্গলবার ফক্স বিজনেসের কাছে ভবিষ্যদ্বাণী করেছেন, চলমান পরিস্থিতি মাঝারি মানের রেস্তোরাঁগুলোকে শাটডাউনের দিকে ঠেলে দেবে। এসব রেস্তোরাঁর কোনো অস্তিত্ব খুঁজে পাওয়া যাবে না।

৪০ দেশ ভ্রমণ

(প্রথম পাতার পর)

দেশে ভিসা ছাড়া বা অন অ্যারাইভাল ভিসা দিয়ে ভ্রমণ করতে পারেন বাংলাদেশি পাসপোর্টধারীরা। এরমধ্যে এশিয়ার ছয়টি, আমেরিকার একটি, আফ্রিকার ১৫টি, ক্যারিবীয় অঞ্চলের ১১টি এবং ওশেনিয়ার ৭টি দেশ ও অঞ্চল রয়েছে। তবে শ্রীলঙ্কার জন্য ইলেকট্রনিক ট্রাভেল অথোরাইজেশন বা ইটিএ নামের এক ধরনের অনুমোদনের প্রয়োজন হবে।

মোদির মন্ত্রিসভায়

(প্রথম পাতার পর)

রাজনাথ সিং, অমিত শাহ, জেপি নাড্ডা, শিবরাজ সিং চৌহান, নির্মলা সীতারমণ, এস জয়শঙ্কর, মনোহর লাল খাত্তার, এইচ ডি কুমারাস্বামী, পীযূষ গয়াল, ধর্মেন্দ্র প্রধান, জিতন রাম মাঞ্জি, সর্বানন্দ সোনোয়াল, রাজীব রঞ্জন সিং, বীরেন্দ্র কুমার, কে রাম মোহন নাইডু।

এছাড়াও আছেন প্রহ্লাদ যোশি, জুয়াল ওরাম, জি কিষান রেড্ডি, কিরেন রিজিজু, চিরাগ পাসওয়ান, হরদীপ সিং পুরি, মনসুখ মান্ডাভিয়া, ভূপেন্দ্র যাদব, গজেন্দ্র সিং শেখাওয়াত, জ্যোতিরাদিত্য সিন্ধিয়া, গিরিরাজ সিং, অশ্বিনী বিষ্ণু ও রাও ইন্দ্রজিৎ সিং।

এক স্লিপ

(শেষের পাতার পর)

সম্মেলনগুলোতে এমন অবস্থাই লক্ষ্য করা যাচ্ছে। আবার সাংবাদিকদের মধ্যে এমন কয়েকজনকে দেখা গেলো এবং তাদের প্রশ্নের পর প্রশ্ন করার ঢং দেখে মনে হলো তারা কমিউনিটির 'খ্যাতিমান সাংবাদিক'। এক পর্যায়ে আয়োজক একজন তথা কথিত সাংবাদিকদের লক্ষ্য করে জানতে চাইলেন- আপনি কোন মিডিয়ার সাংবাদিক? উত্তরে ঐ সাংবাদিক এমন একটি অনলাইন পত্রিকা'র নাম বললেন যার নাম আমি শুনিনি বা দেখিনি। এমন সময়- ঐ মিডিয়ার নাম না জানা আমার ব্যর্থতা কিনা সেটাই ভাবতে থাকলাম!

০৯ জুন ২০২৪

হাফ মিলিয়নেরও বেশি

(প্রথম পাতার পর)

তালিকা তৈরির কাজ শুরু করা হয়েছে বলে জানা গেছে। বিবৃতিতে যারা হাউজিং প্রোগ্রাম সেকশন ৮ এর জন্য আবেদন করেছে, তাদের সেফ্ট সার্ভিস পোর্টাল থেকে আবেদন স্ট্যাটাস দেখার আহ্বান জানানো হয়েছে।

নিউইয়র্ক সিটি হাউজিং অথরিটি সূত্রে জানা গেছে, ১৯৭৮ সালের হাউজিং অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট অ্যাক্ট অনুযায়ী হাউজিং চয়েস ভাউচার প্রোগ্রাম বা সেকশন ৮ চালু হয়। এতে যোগ্য নিম্ন এবং মাঝারি আয়ের পরিবারগুলোকে বাসা ভাড়া দেওয়ার জন্য সহায়তা প্রদান করা হয়। এই প্রোগ্রামের জন্য যোগ্যতা একটি পরিবারের মোট বার্ষিক আয় এবং পরিবারের আকারের উপর ভিত্তি করে।

সেকশন-৮ এ আবেদনকারীদের অবশ্যই সহায়তা পাওয়ার সমস্ত শর্ত পূরণ করতে হয়। যার মধ্যে তাদের বার্ষিক সার্টিফিকেশন সম্পূর্ণ করা, হাউজিং কোয়ালিটি স্ট্যান্ডার্ড পরিদর্শনের ব্যবস্থা করা, সম্পত্তির মালিকদের যেকোন প্রয়োজনীয় মেরামত করার অনুমতি দেওয়া এবং তাদের লিজের শর্তাবলী মেনে চলা উল্লেখযোগ্য। প্রাপ্ত আবেদনগুলো যাচাই-বাছাই করে লটারীর মাধ্যমে তা চুড়ান্ত করা হবে।

এনওয়াইসিএইচএ জানিয়েছে, তারা দেশের বৃহত্তম সেকশন-৮ প্রোগ্রাম পরিচালনা করে। বর্তমানে আনুমানিক ৮৫ হাজার ভাড়াটিয়া এবং ২৫ হাজার বাড়ির মালিক এই প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

নিউইয়র্কে জামাত কখন-কোথায়

(শেষের পাতার পর)

ঈদের একটি জামাত অনুষ্ঠিত হবে স্থানীয় জ্যামাইকা হাইস্কুল সংলগ্ন খেলার মাঠে। তবে আবহাওয়া প্রতিকূল থাকলে জেএমসি ভবনে একাধিক ঈদের জামাত হবে সকাল ৭টা থেকে। জ্যামাইকার আলাফা ইসলামিক সেন্টারের উদ্যোগে নবনির্মত মসজিদ ভবনে (৮৮-৪৯ ১৭৯ প্লেস, জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২) ঈদুল আজহার তিনটি জামাত হবে যথাক্রমে সকাল সাড়ে ৭টায়, সাড়ে ৮টায় এবং সাড়ে ৯টায়।

জ্যামাইকার মসজিদ মিশন সেন্টারের (হাজী ক্যাম্প মসজিদ) উদ্যোগে ঈদের তিনটি জামান অনুষ্ঠিত হবে যথাক্রমে সকাল সাড়ে ৬টায়, সাড়ে ৭টায় ও সকাল ৯টায় মসজিদ ভবনে।

জ্যামাইকার আমেরিকা মুসলিম সেন্টারের উদ্যোগে ঈদের জামাত হবে ৪টি। সকাল ৫টা ৪৫ এবং সকাল ৬টা ৪৫ মিনিটে প্রথম ও দ্বিতীয় জামাত হবে এএমসি ভবনে আর তৃতীয় ও চতুর্থ জামাত হবে যথাক্রমে সকাল ৮টা ও সকাল ১০টায় স্থানীয় রুফস কিং পার্ক মাঠে।

নিউইয়র্ক ঈদ গাঁহ-এর উদ্যোগে প্রতি বছরের মতো এবছরও ৫টি ঈদের জামাত অনুষ্ঠিত হবে সকাল ৬টা, ৭টা, ৮টা, ৯টা ও ১০টায় জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায়।

ম্যানহাটানাস্থ মদিনা মসজিদের উদ্যোগে ঈদের জামাত হবে একই দিন সকাল সাড়ে ৮টায় মসজিদ সংলগ্ন মাঠে।









জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির

(শেষের পাতার পর)

অনুষ্ঠান। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিউইয়র্কের কনসাল জেনারেল নাজমুল হুদা। খবর ইউএনএ'র।

বেলা ২টার দিকে স্থানীয় ক্যাপ্টেন টিলি পার্কে মদ্যাহ্ন ভোজের মধ্যদিয়ে শুরু হয় অনুষ্ঠানমাল। এসময় খাবার পরিবেশন উদ্বোধন করেন কুইন্স ডেমোক্র্যাটিক পার্টির লীডার এড লার্জ এটর্নী মঈন চৌধুরী। পরবর্তীতে র‍্যালী শুরু হয়ে পথমেলা প্রাঙ্গণ ১৬৫-৬৫ ৮৪ এভিনিউ-তে। সেখানে শ্রী চিন্ময় সেন্টারের শিল্পীদের জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে মূল অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানের বিভিন্ন পর্বে সংগঠনের প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গণি, উপদেষ্টা ডা. ওয়াজেদ এ খান, সালেহ আহমেদ, অধ্যাপিকা হুসনে আরা বেগম, বাংলাদেশ সোসাইটির সভাপতি আব্দুর রব মিয়া ও সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিক, সাবেক সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিম, কুইন্স বরো প্রেসিডেন্টের অফিসের চীফ ইঞ্জিনিয়ার মোহাম্মদ সাদেক, বিশিষ্ট রাজনীতিক জিল্লুর রহমান, গিয়াস আহমেদ, নিউ আমেরিকান ডেমোক্র্যাটিক ক্লাবের সভাপতি ড. দীলিপ নাথ, খলিল গ্রুপের শেফ খলিলুর রহমান, রিয়েল এস্টেট ইনভেস্টর নূরুল আজিম, মেলা কমিটির প্রধান সমন্বয়কারী আলমগীর খান আলম সহ অতিথিরা শুভেচ্ছা বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ারের নেতৃত্বে সংগঠনের পক্ষ থেকে কমিউনিটিতে অবদান রাখার জন্য বিভিন্ন জনকে প্ল্যাক প্রদান করা হয়। এসময় সংগঠনের উপদেষ্টা কর্মকর্তরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের সাংস্কৃতিক পর্বে চিত্র নায়িকা মৌসুমী, সঙ্গীত শিল্পী মিলা, বিন্দু কনা সহ প্রবাসের শিল্পীরা অংশ নেন। মেলায় ছিলো মানুষের ঢল।

অনুষ্ঠানে কুইন্স বরো প্রেসিডেন্ট ডোনাবান রিচার্ডের পক্ষ থেকে সাইটেশন প্রদান করা হয়। এছাড়াও কমিউনিটি সেবায় বিশেষ অবদান রাখার জন্য মেলার গ্র্যান্ড স্পন্সর নূরুল আজিম, ইঞ্জিনিয়ার মোহাম্মদ সাদেক, রিয়েল এস্টেট ব্যবসায়ী সাব্বির আহমেদ-কে প্ল্যাক প্রদান করা হয়। অনুষ্ঠানের বিভিন্ন পর্ব উপস্থানায় ছিলেন সংগঠনের সিনিয়র সহ সভাপতি এএফ মিসবাহউজ্জামান ও উপস্থাপিকা সোনিয়া।

অনুষ্ঠানে কনসাল জেনারেল নামজুল হুদা বলেন, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি ২৫ বছরে পদার্পণ করতে যাচ্ছে। এটা অসাধারণ অর্জন। সুসংগঠিত নেতৃত্বের জন্যই এই অর্জন সম্ভব হয়েছে। আমাদের জাতীয় জীবনে মেলা ঐতিহ্য বহন করে। তিনি মেলার সার্বিক সফলতা কামনা করেন।



প্রস্তাবিত জাতীয় বাজেট ও ‘বিকল্প বাজেট’

(৫ পাতার পর)

বিনিয়োগ না বাড়ে, শিল্পকারখানা না বাড়ে, ব্যবসা না বাড়ে, তাহলে অতিরিক্ত করের সংস্থান করা যাবে না। বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. সালেহউদ্দিন আহমেদ মনে করেন, ‘মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংক যেসব পদক্ষেপ নিয়েছে, সবই ব্যর্থ ও অকার্যকর। সেজন্য বিষয়টি নিয়ে নতুন করে ভাবতে হবে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেট প্রণয়ন করা দরকার ছিল। এ ছাড়া দেশের সামষ্টিক অর্থনীতি, ব্যাংক খাতে সংস্কার, রিজার্ভ বাড়ানো, ডলার সংকট নিরসন, পাচার করা অর্থ ফিরিয়ে আনা ও ইচ্ছাকৃত ঋণখেলাপি থেকে টাকা আদায়ে অগ্রাধিকার প্রয়োজন। এসব কিছু প্রস্তাবিত বাজেটে কাঙ্ক্ষিত হারে দেখা যাচ্ছে না। মনে রাখতে হবে, দুর্নীতি, অপচয়, অপ্রয়োজনীয় ব্যয় বন্ধ না করলে সংকট সামাল দেওয়া যাবে না।’ সুতরাং, এ বাজেট আমাদের আশার আলো দেখাতে ব্যর্থ হয়েছে। এবারে অর্থনীতি সমিতি প্রস্তাবিত বিকল্প বাজেটের প্রসঙ্গে আসি।

২০১৫ সাল থেকে বাংলাদেশ অর্থনীতি সমিতি ‘বিকল্প বাজেট’ প্রস্তাব করে আসছে। সাধারণত সংসদে জাতীয় বাজেট প্রস্তাবনার আগে আগে অর্থনীতি সমিতি এ আয়োজন করে থাকে। এবারও তার ব্যতিক্রম হয়নি। গত ৩ জুন ঢাকায় অর্থনীতি সমিতি সংবাদ সম্মেলনের মাধ্যমে ২০২৪-২৫ অর্থবছরের ‘বিকল্প বাজেট’ উপস্থাপন করে। সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আইনুল ইসলাম এ বিকল্প বাজেট উপস্থাপন করেন। এ সময় সাংবাদিক ও সমিতির সদস্য ছাড়াও জুম মিটিংরুম, ফেসবুক, ইউটিউব ও সামাজিক যোগাযোগমাধ্যমে ৬৪টি জেলা, ১৩৫টি উপজেলা, ৪৫টি ইউনিয়ন এবং বহির্বিশ্বে যুক্তরাষ্ট্র, কানাডা, যুক্তরাজ্য, সুইজারল্যান্ড, অস্ট্রিয়া, ইতালি, অস্ট্রেলিয়া এবং ভারত থেকে নানা শ্রেণি-পেশার অসংখ্য মানুষ উপস্থিত ছিলেন। সুতরাং, অর্থনীতি সমিতির আয়োজনটি অনেকখানি বড় পরিসরে সম্পন্ন করা হয়েছিল।

জাতীয় বাজেটের তুলনায় অর্থনীতি সমিতির বাজেট কিছুটা ব্যতিক্রম। এ বাজেট গতানুগতিক নয়। যদিও সাধারণ অর্থে আমরা বাজেট বলতে এক বছরের সরকারি আয়-ব্যয়ের হিসাব বুঝে থাকি, কিন্তু প্রকৃত পরিধিটা অনেকখানি প্রসারিত। আপনি কোন কোন খাতে ব্যয় করবেন এবং সেই ব্যয় নির্বাহের জন্য কোন কোন খাতকে করের আওতায় আনবেন তার একটা অর্থনৈতিক দর্শনভিত্তি থাকা প্রয়োজন। অর্থাৎ ব্যয়ের ক্ষেত্রে এবং কর আহরণের ক্ষেত্রে কোন শ্রেণি-পেশার মানুষের সুবিধা-অসুবিধা বিবেচনা করবেন তার একটা প্রতিফলন বাজেটে থাকতে হয়, যা আমাদের সংসদে প্রস্তাবিত বাজেটগুলোতে চোখে পড়ে না। সে কারণে আমরা বিগত পাঁচ দশকেরও বেশি সময়ের প্রস্তাবিত ও অনুমোদিত বাজেটকে ‘গতানুগতিক বাজেটের’ বাইরে বিবেচনা করতে পারি না। অর্থনীতি সমিতির ‘বিকল্প বাজেটের’ একটি সুনির্দিষ্ট লক্ষ্য আছে। সমিতির উপস্থাপিত বিকল্প বাজেটের মূল লক্ষ্য হলো, ২০৩৪ সালের মধ্যে বাংলাদেশের সংখ্যাগরিষ্ঠ মানুষ তথা ৭০-৮০ শতাংশ মানুষকে একটি আলোকিত-শক্তিশালী-টেকসই মধ্য-মধ্যবিত্ত শ্রেণিতে রূপান্তরিত করা।

সমিতির উদ্দেশ্য ও লক্ষ্যটি অত্যন্ত পরিষ্কার এবং ধারাবাহিকভাবে এ উদ্দেশ্য আগামী এক দশকে বাস্তব রূপ পাবে। এ উদ্দেশ্য সামনে রেখে ২০২৪-২৫ অর্থবছরের জন্য অর্থনীতি সমিতির বাজেটের মোট আকার (পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়) ধরা হয়েছে ১১ লাখ ৯৫ হাজার ৪৮৬ কোটি টাকা। এ আকার আমাদের চলতি ২০২৩-২৪ অর্থবছরের তুলনায় দেড়গুণেরও বেশি। সরকারের আয় ধরা হয়েছে ১০ লাখ ২৪ হাজার ১১২ কোটি টাকা; যা আমাদের চলতি বাজেটের আয়ের লক্ষ্যমাত্রার চেয়ে দ্বিগুণেরও বেশি। বাদবাকি ঘাটতি ধরা হয়েছে ১ লাখ ৭০ হাজার ৭১৯ কোটি টাকা; যা চলমান বাজেট ঘাটতির চেয়ে প্রায় সাড়ে চার শতাংশ কম। ‘বিকল্প বাজেটের’ আকার ও আয়ের পরিমাণ দেখে বিস্মিত হওয়ার কথা। কিন্তু সমিতি তার ব্যাখ্যা দিয়েছে। অর্থনীতি সমিতি বিকল্প বাজেট প্রস্তাবনায় বলছে, অভ্যন্তরীণ সম্পদ আহরণে সরকারকে সেসব উৎসে হাত দিতে হবে, যেসব উৎসে অতীতে কখনো হাত দেওয়া হয়নি অথবা প্রয়োজনমতো হাত দেওয়া হয়নি, যার অন্যতম হলো সম্পদ কর, অতিরিক্ত মুনাফার ওপর কর, পাচারকৃত ও কালোটাকা উদ্ধার থেকে প্রাপ্তি, বিদেশি নাগরিকদের ওপর কর, বিভিন্ন কমিশন ও বোর্ড কর্তৃক আহরণ বৃদ্ধি এবং সরকারের সম্পদ আহরণের প্রচলিত বিভিন্ন উৎসে আদায়ের যৌক্তিক বৃদ্ধি।

করের ক্ষেত্রেও অর্থনীতি সমিতির দৃষ্টি অত্যন্ত পরিষ্কার। সাধারণত দুই ধরনের কর থেকে সরকার আয় করে থাকে- একটি হলো পরোক্ষ কর এবং অন্যটি প্রত্যক্ষ কর। পরোক্ষ করের নেতিবাচক ফল সাধারণ আয়ের মানুষকে প্রভাবিত করে। অপরদিকে প্রত্যক্ষ করের প্রভাব কেবল সামর্থ্যবানদের ওপর পড়ে। অর্থনীতি সমিতির মতে, অভ্যন্তরীণ সম্পদ আহরণে প্রত্যক্ষ ও পরোক্ষ করের মধ্যে এখন পরোক্ষ করের ওপর বেশি জোর দেওয়া হয়, যা মানুষে মানুষে বৈষম্য বাড়ায়। তাই পরোক্ষ করের তুলনায় প্রত্যক্ষ করের ওপর বেশি জোর দিতে হবে এবং দরিদ্র, নিম্ন-মধ্যবিত্ত, মধ্য-মধ্যবিত্ত মানুষকে আগামী কয়েক বছর আয়কর বেষ্টনীর বাইরে রাখতে হবে।

অর্থনীতি সমিতির বিকল্প বাজেটে গতানুগতিক বাজেটের বাইরে যে দিকটা উল্লেখযোগ্য, তা হলো-পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়ের আনুপাতিক হার। প্রচলিত বাজেটগুলোতে উন্নয়ন বরাদ্দের তুলনায় পরিচালন ব্যয় অনেক বেশি। চলতি বাজেটে উন্নয়ন ব্যয় ৩২ শতাংশ আর পরিচালন ব্যয় ৬৮ শতাংশ। অর্থনীতি সমিতির বিকল্প বাজেটে পরিচালন ব্যয় ধরা হয়েছে ৩৪ শতাংশ আর উন্নয়ন ব্যয় বাড়িয়ে করা হয়েছে ৬৬ শতাংশ। অর্থাৎ সমিতির বাজেটের উন্নয়ন-পরিচালন অনুপাত প্রচলিত বাজেটের অনুপাতের বিপরীত। সুশাসনের অভাব ও অর্থনৈতিক দুর্বৃত্তায়নের বিষয়টি অর্থনীতি সমিতির দৃষ্টি এড়িয়ে যায়নি। অর্থনীতি সমিতির হিসাব ও তথ্য অনুযায়ী, বিগত ৫০ বছরে এদেশে পুঞ্জীভূত মোট কালোটাকার পরিমাণ ১ কোটি ৩২ লাখ ৫৩ হাজার ৫০০ কোটি টাকা। এবং এ পাঁচ দশকে মোট পাচারকৃত অর্থের পরিমাণ ১১ লাখ ৯২ হাজার ৮১৫ কোটি টাকা। সমিতি মনে করে, যদি সরকার ২০২৪-২৫ সালের বাজেটে কালোটাকার মাত্র শূন্য দশমিক ৯৮ শতাংশ এবং পাচারকৃত টাকার মাত্র শূন্য দশমিক ৪৯ শতাংশ উদ্ধারের সুযোগ রাখে, তাহলে উদ্ধারকৃত অর্থের পরিমাণ হবে ১৫ হাজার কোটি টাকা, যা হবে সরকারের বাড়তি আয়।

অর্থনীতি সমিতির বাজেটের আকার এবং সরকারের আয়ের পরিমাণ নিয়ে অনেকেই অনেক কথা বলার সুযোগ রাখবেন। কিন্তু আমরা সাধারণ মানুষ সমিতির দৃষ্টিভঙ্গিকে অনুমোদন করি। যে কোনো প্রস্তাব করার এখতিয়ার সমিতির আছে, কিন্তু তা বাস্তবায়নের ক্ষমতা সমিতির নেই, আছে সরকারের। সুশাসন ফিরিয়ে আনার দায়িত্ব সরকারের; রাজনৈতিক সদিচ্ছার দায় সরকারের। তা না হলে যা হবে সমিতির ভাষায়, অর্থনীতি সমিতি মনে করে, অন্য কোনো ধরনের বাজেট দিয়ে বাংলাদেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের কাঙ্ক্ষিত উত্তরণ-রূপান্তর সম্ভব নয়। বিকল্প বাজেট বাস্তবায়ন করলে আগামী ১০ বছরের মধ্যেই একদিকে বিপজ্জনক বৈষম্যপূর্ণ অবস্থা থেকে স্বল্প-বৈষম্যপূর্ণ অবস্থায় পৌঁছানো সম্ভব, যা দেশের সংখ্যাগরিষ্ঠ মানুষকে দরিদ্র-বিত্তহীন-নিম্নবিত্ত-নিম্নমধ্যবিত্ত শ্রেণি-অবস্থান থেকে শক্তিশালী-টেকসই একটি মধ্য-মধ্যবিত্ত শ্রেণি-অবস্থানে উত্তরণ-রূপান্তর ঘটাবে।

লেখক: অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

জাবালিয়া ও রাফায় কেন আক্রমণ

॥ মো: বজলুর রশীদ ॥

হামাসের ইসরাইলি ভূখন্ডে আক্রমণ ফিলিস্তিনিদের সাত দশকের প্রতিরোধের ইতিহাসে একটি বড় ঘটনা। প্রায় প্রতিদিন ফিলিস্তিনিদের হত্যা ও লুটপাটের প্রতিবাদে এতদিন ফিলিস্তিনি যুবকরা শুধু পাথর ছুড়ে প্রতিরোধ করেছে। তাদের কোনো অস্ত্র ছিল না। গত ৭ অক্টোবর নতুন অস্ত্র ও প্রযুক্তি ব্যবহার করে জিম্মি ধরে নিয়ে আসায় ইসরাইল হতবাক হয়ে যায়। সাথে সাথে তারা গাজায় যুদ্ধ ঘোষণা করে। নেতানিয়াহুর ধারণা ছিল গাজায় আক্রমণ করে স্থলপথে ও বিমান পথে জার্মানির ব্লিৎসক্রিগ কৌশলে আক্রমণ চালিয়ে দুই-এক দিনের মধ্যে গাজা ও হামাসকে নিঃস্তব্ধ করে দেবে। আজ সাত মাস হয়ে গেলো ইসরাইল তেমন কোনো সুবিধা করতে পারেনি। কিছু ইসরাইলি জেনারেলও মনে করছেন ইসরাইলের পরাজয় হয়েছে।

হামাসকে শেষ করতে না পারলে এই যুদ্ধের কোনো তাৎপর্য থাকবে না। তাই তাদের নিঃশেষ করার জন্য নেতানিয়াহু উঠেপড়ে লেগেছেন। শান্তি বা যুদ্ধবিরতি আলোচনা যাই হোক না কেন হামাসের ঘাঁটিগুলোকে নিশ্চিহ্ন করতে হবে। তাদের মতে হামাস ও যোদ্ধাবাহিনী গাজার জাবালিয়া ও রাফায় এখন জড়ো হয়েছে। তাই এ দু'টি স্থানে তাদের যুদ্ধের বড় আয়োজন।

গত ৩০ দিন ধরে দখলদার বাহিনী জাবালিয়া ও শহরের শরণার্থী শিবিরে এমন হত্যাযজ্ঞ চালাচ্ছে যা সারা বিশ্বের দৃষ্টি আকর্ষণ করেছে। সবাই জানতে চায় এই ছোট্ট স্পটটি কেন এত ক্রমাগত ধ্বংসের কারণ হচ্ছে। মাত্র ১.৪ বর্গকিলোমিটারের সঙ্কীর্ণ এলাকা বিশ্বের সর্বোচ্চ জনসংখ্যার ঘনত্ব ধারণ করছে। এখানে ১ লাখ ১৬ হাজার মানুষের বসবাস এবং এটি ফিলিস্তিনের সবচেয়ে বড় শরণার্থী শিবির। বর্তমান যুদ্ধের শুরুতে, দখলদার সেনাবাহিনী জাবালিয়া শিবিরের ওপর তার ক্ষোভ ঢেলে দেয়, এই যুদ্ধে এখন পর্যন্ত সহিংস ও নৃশংস চারটি গণহত্যা চলে এবং জাবালিয়ার বিরুদ্ধে বিজয় ঘোষণা করে দক্ষিণ দিকে যাত্রা শুরু করে। এখন আবার ফিরে এসে দখলদার সেনাবাহিনী আশপাশে বোমা ফেলছে। এতে উত্তরাঞ্চলের ফিলিস্তিনিরা অনাহারে মারা যাচ্ছে। আর এখন নেতানিয়াহুর সেনাবাহিনী দ্বিতীয় দফায় ঢুকে পড়ার চেষ্টা করছে, সম্ভবত শিবিরটি ধ্বংস করতে চাইছে।

১৯৬৭ সালে জাবালিয়া শিবির থেকে দখলদারিত্বের বিরুদ্ধে প্রথম প্রতিরোধ শুরু হয়েছিল। একজন মুক্তিযোদ্ধা হেলিকপ্টারে গুলি করে। দখলদার সেনারা প্রায় পাগল হয়ে যায়। তারা ট্রাক বোঝাই সৈন্য পাঠিয়ে মাঠ পর্যায়ে মৃত্যুদণ্ড কার্যকর করেছিল এবং নাপাম বোমা ফেলেছিল। নাপাম বোমায় কতজন মারা গিয়েছিল তার হিসাব ফিলিস্তিনিদের কাছে নেই। তবে শিবিরে, পুরো পরিবারকে নাগরিক রেজিস্ট্রি থেকে মুছে ফেলা হয়েছিল। ১৯৮৭ সালে জাবালিয়া থেকে প্রথম ইন্তিফাদার স্ফুলিঙ্গ জ্বলে উঠেছিল। তখন সবাই একে 'বিপ্লব শিবির' বলে ডাকতে শুরু করে। এর সাহসী মুক্তিযোদ্ধাদের মধ্যে ছিলেন হাতেম আল-সিসি, যিনি ইন্তিফাদার প্রথম শহীদ। তার রক্তপাত পশ্চিম তীর ও গাজায় ইন্তিফাদা বিস্তারে অনুঘটক হিসেবে কাজ করে। 'ইসরাইলের বুলডোজার' নামে পরিচিত যুদ্ধাপরাধী এরিয়েল শ্যারনের যুগে ২০০৩ সালে দখলদারদের ট্যাংক ও বিমান জাবালিয়া শিবির ধ্বংস করে দেয়। একই অপরাধী ২০০৪ সালে হামলার পুনরাবৃত্তি করে। তা সত্ত্বেও, প্রতিরোধ গুঁড়িয়ে দিতে ব্যর্থ হয়। আর আজ ২০ বছর পর তার উত্তরসূরি নেতানিয়াহু জাবালিয়া শিবিরে হামলা চালাচ্ছেন।

দখলদার বাহিনীর নেতারা প্রকাশ্যে ও গোপনে আলোচনা করে, চিৎকার-চেঁচামেচি করে এবং সারাক্ষণ সম্মেলন করে; তাদের মনে একটাই প্রশ্ন: কিভাবে মানচিত্র থেকে জাবালিয়া শিবিরটি মুছে ফেলা যায়। সেখানে কি পারমাণবিক বোমা ফেলতে হবে? ৪০ হাজার টন বিস্ফোরক তাদের মৃত্যুর তৃষ্ণা মেটাতে পারেনি, তাদের শেষ করতে কত টন বোমা দরকার?

জাবালিয়া শিবির ঘিরে সাত মাসের দখলদারিত্বে উত্তর গাজার জনগণকে অনাহারে রেখে মৃত্যুর দিকে ঠেলে দেয়া হয়েছে। বোমার পরিবর্তে প্রাকৃতিক শক্তির ব্যবহার! তারা ভেবেছিল হানুন, বেইত লাহিয়া এবং খান ইউনিসের মতো এটিও সমতল হয়ে যাবে। কিন্তু জাবালিয়া শিবির অটুট রয়ে গেছে। ইসরাইলি দখলদার ট্যাংকগুলো জাবালিয়ায় ফিরে আসে। যেন নতুন করে যুদ্ধ শুরু হয়েছে। আকাশ থেকে বোমা ফেলা হয়, যুদ্ধবিমান থেকে ১০০০ পাউন্ড, ২০০০ পাউন্ড বোমা ফেলা হয়, যার লক্ষ্য বাড়ির ভেতরে আরো নিরীহ বেসামরিক মানুষকে হত্যা করা। তাদের একমাত্র দোষ তারা বলেছে, 'আমরা ঘর ছেড়ে যাব না, আমরা পালিয়ে যাব না।'



সেনাবাহিনী শিবিরের প্রায় ৭০ শতাংশ নিদর্শন ধ্বংস করে দিয়েছে। এর সবচেয়ে গুরুত্বপূর্ণ স্থানগুলো অদৃশ্য হয়ে গেছে। যারা জাবালিয়ায় থেকে গেছে, তারা জানেন বাস্তুচ্যুতি কী ভয়াবহ, এর অর্থ চিরস্থায়ী নির্বাসন। তারা জানে আরেকটি বাস্তুচ্যুতির অর্থ হচ্ছে ফিলিস্তিন ছেড়ে সিনাইয়ে চলে যাওয়া, যার অর্থ হবে চিরতরে শেষ হয়ে যাওয়া। সবাই জানে যে জাবালিয়া শিবিরের দৃঢ়তা এবং এর জনগণ এবং গাজার জনগণের ধৈর্য না থাকলে নেতানিয়াহু সিনাইয়ে তাদের বাস্তুচ্যুত করার লক্ষ্য অর্জিত হতো। সম্ভবত এটাই জাবালিয়া ও এর বাসিন্দাদের প্রতি নেতানিয়াহু ও তার সেনাবাহিনীর ক্ষোভের কারণ।

১৯৬৭ সালে প্রথম গণহত্যা এবং ১৯৮৭ সালে প্রথম ইন্তিফাদা, ২০০৩ সালে দ্বিতীয় গণহত্যা এবং ২০০৪ সালে তৃতীয় গণহত্যার পর ফিলিস্তিনিরা জাবালিয়া ক্যাম্প পুনর্নির্মাণ করেছে। ফিলিস্তিনিরা বর্তমান গণহত্যার পর আবারো শিবিরটি পুনর্নির্মাণ করবে। এটাই বাস্তবতা। এত প্রতিরোধ সত্ত্বেও ইসরাইলি সেনারা গাজার ৩৫ শতাংশ দখল করে নিয়েছে। সম্পদশালী আরব দেশ ও এত মুসলিম দেশ কোনো কাজে এলো না।

হাদিসে আছে যে, একসময় ফিলিস্তিনি-ইহুদি যুদ্ধে পাথর ও গাছপালা ইহুদিদের অবস্থান জানিয়ে দেবে। হাদিসের ব্যাখ্যায় এক ফিলিস্তিনি বলেছেন, 'আমাদের মরণে ও দুঃখে কোনো সাথী নেই। তাই চরম মুহূর্তে সৃষ্টিকর্তা পাথর ও গাছকে এই শক্তি দেবেন।'

ইসরাইলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু মিসর সীমান্তের কাছে গাজার দক্ষিণাঞ্চলীয় শহর রাফায় সামরিক অভিযান চালাচ্ছেন। অবরুদ্ধ অঞ্চলটির ছোট্ট শহরটিতে ১৪ লাখ বাস্তুচ্যুতের বাস। গাজার রাফা লাইফলাইন এখন যুদ্ধের ময়দান। সীমান্তের কাছে পতাকা ঝুলিয়ে ইসরাইলিরা দর্প দেখাচ্ছে। দফায় দফায় যুদ্ধবিরতির আলোচনা চললেও বোমাবর্ষণ বন্ধ নেই, বন্ধ নেই ট্যাংকের আক্রমণ। এবার রাফায় রিমোট কন্ট্রোল ট্যাংক ব্যবহার করছে ইসরাইল। ইসরাইল বলে বেড়াচ্ছে হামাস রাফায় শক্ত ঘাঁটি গড়েছে এবং এখান থেকেই আক্রমণ চালাচ্ছে। নেতানিয়াহু ঘোষণা দিয়েছেন যুদ্ধবিরতি চুক্তি হোক না হোক রাফা আক্রমণ চলবে। ইসরাইল মনে করে, রাফাহর নিয়ন্ত্রণ নেয়া ছাড়া গাজায় হামাসের বিরুদ্ধে জয়লাভ অসম্ভব। একই সাথে এ অভিযান মানবিক বিপর্যয় তৈরি করবে- এমন সতর্কতাও প্রত্যাখ্যান করেছে তারা।

জাতিসঙ্ঘ বলেছে, প্রায় ১০ লাখ মানুষ রাফাহ থেকে পালিয়েছে, আরো কয়েক লাখ এখনো সেখানে আশ্রয় নিয়ে আছে। জাতিসঙ্ঘের সাধারণ পরিষদের প্রস্তাব প্রত্যাখ্যান করে রাফায় আক্রমণ অব্যাহত রেখেছে ইসরাইল। এর আগেই প্রেসিডেন্ট জো-বাইডেন বলেছেন, 'ইসরাইলি বাহিনী গণহত্যা করছে না এবং গাজা উপত্যকায় যা হচ্ছে সেটা গণহত্যা নয়।'

ইসরাইলের রাফা আক্রমণের পেছনে কয়েকটি মূল কারণ রয়েছে। যেমন মিসরের ওপর চাপ: রাফায় নেতানিয়াহুর পূর্ণ মাত্রায় সামরিক অভিযান মিসরকে চাপে ফেলার লক্ষ্যেও পরিচালিত। লক্ষ্যটি হলো সঙ্ঘাতের প্রেক্ষাপটে মিসরের কাছ থেকে প্রভাব বিস্তার এবং সম্ভাব্য ছাড় পাওয়ার জন্য পরিস্থিতি ব্যবহার করা। এর পর রয়েছে গাজাকে জনশূন্য করা; ক্রমবর্ধমান সামরিক অভিযানের উদ্দেশ্য সীমান্ত পেরিয়ে হাজার হাজার ফিলিস্তিনিকে স্থায়ীভাবে মিসরে বাস্তুচ্যুত করা। এই বাস্তুচ্যুতি কৌশল শুধু হামাস নয়, ফিলিস্তিনি জনগণের বিরুদ্ধে বিস্তৃত প্রচারণার এক অংশ। নেতানিয়াহুর রাফা আক্রমণ করার পরিকল্পনা এই উদ্দেশ্যেই কাজ করছে। নেতানিয়াহু রাজনৈতিকভাবে টিকে থাকাও বড় ফ্যাক্টর। অনেক বিশ্লেষক ভবিষ্যদ্বাণী করেছেন যে যুদ্ধের পরে নেতানিয়াহুকে তার পদ থেকে সরিয়ে দেয়া হবে। নেতানিয়াহু সঙ্ঘাত বাড়িয়ে এবং রাফার মনোনিবেশ করে তার রাজনৈতিক অস্তিত্ব প্রসারিত করতে চান। তবে বিশ্ব নেতারা মনে করেন, রাফার ওপর পূর্ণ মাত্রায় হামলা একটি 'রেড লাইন'। রাফা আক্রমণে পরিস্থিতি আরো সংবেদনশীল হয়ে উঠেছে। বেসামরিক জীবন এবং আঞ্চলিক স্থিতিশীলতার ওপরও প্রভাব বিস্তার করেছে। গাজা ধ্বংসস্তূপে পরিণত করার পর কয়েক দিন ধরে উত্তর গাজার জাবালিয়া এবং দক্ষিণ রাফার নিয়ন্ত্রণ নেয়ার চেষ্টা করছে ইসরাইল। এ নিয়ে হামাসের সাথে ইসরাইলি বাহিনীর তুমুল যুদ্ধ চলছে। যুদ্ধে হামাস ও ইসরাইলের সেনাবাহিনী উভয় পক্ষই তাদের শত্রুদের উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতির দাবি করেছে। হামাসের পক্ষ থেকে বলা হয়েছে, তাদের যোদ্ধারা জাবালিয়া ও রাফায় ইসরাইলি সেনাদের সাথে তুমুল লড়াই করেছে। ফিলিস্তিনি সশস্ত্র গোষ্ঠী হামাসের আন্তঃসীমান্ত আক্রমণের পর থেকে ইসরাইল গাজা উপত্যকায় টানা আক্রমণ চালিয়ে যাচ্ছে এবং গাজা উপত্যকায় অবরোধ আরোপ করেছে। এখন দেখার বিষয় যুদ্ধবিরতির মাধ্যমে গাজা যুদ্ধের আপাত সমাপ্তি হবে নাকি যুদ্ধ আরো প্রলম্বিত হবে।

লেখক : অবসরপ্রাপ্ত যুগ্মসচিব ও গ্রন্থকার

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine | সীমিত সময়ের জন্য 15% Off | Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

সাহিত্য সাময়িকী

মাতাল ঋত্বিক
বিমল গুহ

বোধের উৎসমূলে নাকাড়া বাজায় মহাশক্তিধর ক্রোধ
নাকাড়া বাজায় ঝরাপাতা;
দেখি– চারপাশ ঢেকে যাচ্ছে ভুতুড়ে আলোয় দিনদিন
চোখের তারায় নাচে ছায়াপি-
অশ্লীল ভঙ্গি দেখায়–
কখনো কখনো এই পৃথিবীকে অচেনা রহস্যময়
বলে মনে হয়; কিসের ঘণ্টাধ্বনি অন্ধ খোপে
কেনো মেঘে মেঘে আচানক বিদ্যুৎ-চমক?

মগজের কোষে কোষে স্মৃতি হাঁটে
সেলুলয়েড ফিতার মতন হাঁটে, চক্রাকারে ঘোরে
ঝরাপাতা নাকাড়া বাজায়
ফুঁসে ওঠে কালসাপ
রহস্যের আবর্তনে বন্দি কি একুশ শতক?
নতজানু মূল্যবোধ–
ঝরাপাতা নাকাড়া বাজায় সবখানে
অস্ত্র নিয়ে খেলা করে মাতাল ঋত্বিক
তৃতীয় বিশ্বযুদ্ধ আসন্ন কি– মহা ধ্বংসলীলা?

নিঃসঙ্গতাঃ অস্ফুট পুরাণ
হাসান হাফিজ

ঘুরে ফিরে যার সঙ্গে দেখা হয়,
কার সঙ্গে? কতো বার?
বহুবার । দিবারাত্রি । দেখা হয় ।
কথা হয় না । লুকোচুরি দু'জনাই খেলি ।
পড়ে এলো বেলা । পার্ক ধু ধু ।
শূন্য, ফাঁকা । চলে গেছে ভ্রমণকারীরা ।

পাতা ঝরছে । রিক্ত হচ্ছে গাছ ।
ভালোবাসা মরে যাচ্ছে । মহামারি ।
সেও ঝরাপাতা গল্প । পরিত্যক্ত আহত উদোম ।
উপবাসী । নীরক্ত নিঝুম । আকুলিবিকুলি ।
তারও সঙ্গে দেখা হয় । নিত্যদিন ।
কে সে জন? চায় কি সে ঘন আলিঙ্গন?
ভেবে দ্যাখরে পাগলা মন । হোসনে উচাটন ।

নিঃসঙ্গতা, দেখা হয় তোমার সঙ্গেই ।
শত্রুজ্ঞানও করি কিন্ত একমাত্র তোমাকেই ।

কি করে বুঝলে আমি
দুলাল সরকার

কি করে বুঝলে আমি আসক্ত
ডান চোখ কি কেঁপেছিল, বুকের কারুকাজ
শুনছিলে কি কিছু আসার সংবাদ
অকারণে ডেকেছিল বুঝি ঘুঘু?
অথবা কোকিল 'বউ কথ কও'
নিশি রাতে ডেকে ডেকে হয়রান
বুকের চাতালে আনমনা এক প্রজাপতি
এসে বসেছিল অথবা টিকটিকি
ডেকেছিল কি ভাবনার সাথে
সংযোগ ছিল আমার উপস্থিতি?
তোমার প্রিয়তাগুলি, অকারণে তানপুরাটি
বেজেছিল বুকে নিরাকার অনুভূতি-
কারোর অপেক্ষায় লেখা নীল দেহ লিপি
দুলেছিল বুজি দেহজাত সব চিহ্নাবলী?

বালুকণা ও পানির ফোঁটা
সায়ীদ আবুবকর

আমি বালুকণা দেখে হয়েছি বিস্মিত
কিভাবে সে বিপুল কণার সাথে মিশে মরুভূমি হয়ে যায়
আর ফোঁটা ফোঁটা পানি অথই সমুদ্র

এক কণা বালির হৃদয়ে জাগে যেই মরুভূমি হওয়ার সাধ,
পাখির মতো সে উড়তে থাকে,
উড়তে উড়তে মিশে যায় বালির সাম্রাজ্যে;
আর এক ফোঁটা পানির হৃদয়ে জাগে যেই সমুদ্রের সাধ,
সে উন্নত হয়ে ছুটতে থাকে বলগা হরিণের মতো,
তারপর অথই সমদ্র হয়ে যায় ।

কেবল তুমিই মানুষ, বিচ্ছিন্ন রয়ে গেলে;
সমুদ্র ও মরুভূমি দেখে তাই হয়ে যাও রুদ্ধবাক ।

অভিলাষ
জাফর ওবায়েদ

তাবৎ অলীক বিশ্বাসের বহুনলা বন্দুক অগ্রাহ্য করেই

আমাদের, মুক্ত ভাবনার, বিলম্বিত বিহগ উড়ছে, ওই ।
চিন্তার চঞ্চুতে গাঁথা, বড়শি ছিঁড়েই আমরা অগ্রগামী ।
আশাবাদী, আলোর ইশারায় গন্তব্যমুখী মানুষের দলে
নিত্যানন্দে নাম লিখিয়ে নিশ্চিন্তে হাঁটি কাঁটাযুক্ত পথ ।
ভাঙি অশ্রুনদী, ভাঙি বেদনার সারি সারি সুউচ্চ পর্বত ।

আজ অজস্র আশার ফুল, বাগিচায় ফুটছে, প্রতিদিন;
দীপজ্বলা ঘ্রাণে, মুছে যাবে, মানবীয় চেতনার যত খরা ।

সাতমাথা
দ্বীপ সরকার

এদিকে সাতমাথা পেরোলেই বিপনী বিতান
কাঁচা পাকা রোদের ঝাঁপি খুলছে সশব্দে
ঘুঞ্জি পথে যারাই আসে–তারা এঁকে বেঁকে হাঁটে
আচমকা মরিচিকার মতো বিপ্লব ঘটাতে আসে


চিকচিকে আত্মহননের পথে–
শপ্তপদীর সেই ঘোড়ার উড়াল
বিমিশ্রিত নয়নে ভাসে কতকালের ইতিহাস

কোন পথই ফাঁকা নেই–যুবতির চিকন ওড়নায়
ফুটছে আদিকালের সূর্যস্নাত বরিষা
বেখেয়ালে ম্যানহোলে ফসকে পড়েন যিনি
তিনিও কোন এক দিনের নগরের ভদ্র ক্রেতা

জৌলুস নিয়ে খুদিত আঁচড়ে বৈশাখ এঁকে এঁকে
সাতমাথার পিচালো পথে হলুদ চিঠির আহবান


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
MIRZA M ZAMAN
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত ভাবে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us

JUDGE

Wendy Li

উইন্ডি লী-কে সারোগেটস কোর্ট জাজ পদে ভোট দিন



- Fairness
- Compassion
- Respect for All

Endorsed by Asian American Bar Association of New York

Asian American Bar Association of New York

ডেমোক্র্যাট প্রাইমারী নির্বাচন
ভোট মঙ্গলবার, ২৫ জুন ২০২৪

www.VOTEforWENDYLI.com
আগাম ভোট ১৫-২৩ জুন

Scan here to find your voting site

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549



রুদ্ধশ্বাস লড়াই ড্র, সুপার ওভারে জিতে যুক্তরাষ্ট্রের ইতিহাস

স্পোর্টস ডেস্ক: ইতিহাস গড়তে প্রয়োজন ১৬০ রান ।জবাব দিতে দিতে নেমে যুক্তরাষ্ট্রের ব্যাটিং ছিল দারুণ পরিণত । জয়ের জন্য এক পর্যায়ে ৩৬ বলে যুক্তরাষ্ট্রের প্রয়োজন ছিল ৫০ রান ।হাতে ৮ উইকেট । ক্রিজে আছেন দুর্দান্ত খেলতে থাকা ক্যাপ্টেন মোনাক পাটেল ও আগের ম্যাচের হিরো আন্দ্রেস জোন্স ।জয় তখন স্বাগতিকদের হাতের মুঠোয় । খাদের কিনারা থেকে এরপর পাকিস্তানের দুর্দান্ত প্রত্যাবর্তন । আমির-আফ্রিদি-হারিসের নিয়ন্ত্রিত বোলিংয়ে খেই হারায় যুক্তরাষ্ট্র, সমীকরণ নেমে আসে ৩ বলে ১২ রানে । স্বস্তির জয়ের স্বপ্ন তখন পাকিস্তানের সমর্থকদের ।

আগের তিন বল দারুণ তিনটি ইয়ার্কার করা হারিস রউফ পরের বল করেলন ফুলটস । সীমানা ছাড়া করতে ভুল করেননি লড়াকু এক ইনিংস খেলা জোন্স । পরের ব্ল ফের ইয়ার্কার, সিঙ্গেলই নিতে পারলেন জোন্স । স্ট্রাইকে নিতিশ কুমার । রউফ ফের করলেন ফুলটস । বাবর আজম যেন বিশ্বাসই করতে পারছিলেন না । মিড অফে বৃত্তের ভেতরে থাকা প্লেয়ারের উপরে নিতিশ উড়িয়ে নিতিশ মারলেন চার । ম্যাচ ড্র !

খেলা গড়ালো সুপার ওভারে । আগে ব্যাটিংয়ে যুক্তরাষ্ট্র । যেখানে ভুলে যাওয়ার মতো এক ওভার করলেন মোহাম্মদ আমির । একের পর এক ওয়াইডে অবসর ভেঙে ফেরা এই বাঁহাতির করা ওভার যেন চলল 'অনন্তকাল' ধরে । বাউন্ডারি, দৌড় ও এক্সট্রা মিলিয়ে যুক্তরাষ্ট্র নিলো ১৮ রান । পরে সেটি ঠেকিয়ে ইতিহাস গড়লো ক্রিকেট বিশ্বের নতুন চমক যুক্তরাষ্ট্র ।

জবাব দিতে নেমে স্টিভেন ও মোনাক প্যাটেল উইকেট বাঁচিয়ে খেলেছেন দেখেশুনে । পাকিস্তানের তিন তারকা পেসারদের সামলে প্রথম পাঁচ ওভারে দুজনে মিলে তুলেন ৩৬ রান । ষষ্ঠবারের প্রথম বলে স্টিভেনকে (১৬ বলে ১২ রান) উইকেট কিপারের ক্যাচ বানিয়ে ফেরান নাসিম শাহ । প্রথম ৬ ওভারে ১ উইকেটে ৪৪ রান তোলে আমেরিকা । দুই উইকেট বেশি হারিয়ে যেখানে পাকিস্তান তুলেছিল কেবল ৩০ রান ।

দ্বিতীয় উইকেটের জুটিতে মোনাকের সঙ্গে আন্দ্রিস গাউস মিলে যুক্তরাষ্ট্রকে জয়ের পথে রাখেন । দুজনে মিলে ৪৮ বলে গড়েন ৬৮ রানের জুটি ।১৪ তম ওভারে দারুণ এক বলে গাউসকে বোল্ড করেন হারিস রউফ । এই উইকেটরক্ষক ব্যাটসম্যান করেন ২৬ বলে ৩৫ রান । তবে একপ্রান্ত আগলে রেখে দলকে এগিয়ে নেন মোনাক । পূর্ণ করেন ফিফটি । তবে এরপরই আমিরের বলে আউট হয়ে ফিরেন । তবে এরপরও ম্যাচের পূর্ণ নিয়ন্ত্রণ ছিল স্বাগতিকদের । জয়ের জন্য ২৪ বলে প্রয়োজন ছিল ৩৫ রান । তবে দারুন বোলিংয়ে পাকিস্তান ম্যাচে ফিরলেও শেষ রক্ষা হয়নি ।

এর আগে ডালাসের গ্র্যান্ড প্রেইরি স্টেডিয়ামে মঙ্গলবার 'এ' গ্রুপে নিজেদের প্রথম ম্যাচে পাকিস্তানের শুরুটা হয়েছিল দুঃস্বপ্নের মত । পাওয়ারপ্লেতেই ৩ উইকেট হারিয়ে ধুঁকতে থাকা পাকিস্তান শেষ পর্যন্ত নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে ১৫৯ রান তুলে । দলকে লড়াইয়ের পুঁজি এনে দেওয়ার মূল কৃতিত্ব বাবর আজম ও শাদাব খানের । ২৬ রানে তিন উইকেট হারানো পর চতুর্থ উইকেটে এই দুজনে মিলে ৪৮ বলে যোগ করেন ৭২ রান ।

ঘরের মাঠে পাকিস্তানকে শুরু থেকে চাপে রাখে যুক্তরাষ্ট্রের পেসাররা । ইনিংসের দ্বিতীয় ওভারে ব্যক্তিগত ৯ রান করে ফেরেন রিজওয়ান । তিন নামে উসমান খান ফিরেছেন ৩ রান করে । সুবিধা করতে পারেননি ফখর জামানও (৭ বলে ১১ রান) ।

পাওয়ারপ্লেতে পাকিস্তান ৩ উইকেটে হারিয়ে তুলতে পেরেছে কেবল ৩০ রান । যার মধ্যে ১৪ বল খেলে মাত্র ৪ রান করেন বাবর । চাপ সামলে ধীরে ধীরে অবশ্য দুইজনই হাত খুলে খেলতে শুরু করেন । ৯ ওভারে ৪৬ রান থাকা পাকিস্তান বাবর-শাদাবের ঝড়ো ব্যাটিংয়ে পরের চার ওভারে যোগ করেন ৫২ রান । দলীয় ৯৮ রানের মাথায় ভাঙে এ দুজনের ৭২ রানের জুটি । তবে ক্রিজে আজম খান প্রথম বলেই ডাক মেরে ফিরলে চাপ বাড়ে পাকিস্তানের উপর । সেখান থেকে দলকে একাই টেনে নেন বাবর ।

১২৫ রানে ফিরে যান তিনিও । দুটি ছক্কা ও তিন চারে ৪৩ বলে ৪৪ রানের ইনিংস খেলেন পাকিস্তান অধিনায়ক । শেষদিকে ১৫ বলে ২৩ রান আসে শাহিন শাহ আফ্রিদির ব্যাট থেকে । এছাড়া ১৪ বলে ১৮ রান করেন ইফতেখার আহমেদ ।

যুক্তরাষ্ট্রের হয়ে নশতুশ কেনজিগে তিনটি এবং পাওয়ারপ্লে দুর্দান্ত এক স্পেল উপহার দেওয়া সৌরভ নেথ্রালভাকার দুটি উইকেট নেন ।

টি-টোয়েন্টি বিশ্বকাপ
নিউইয়র্কের উইকেট নিয়ে সমালোচনা

স্পোর্টস ডেস্ক: মাত্র পাঁচ মাসে বানানো নিউইয়র্কের নাসাউ ক্রিকেট গ্রাউন্ড মাঠ ও উইকেট নিয়ে শুরু হয়েছে তুমুল সমালোচনা । বিশ্বকাপে এই মাঠে হওয়া দুই ম্যাচেই দেখা গেছে কঠিন উইকেট ও বাজে আউটফিল্ড দেখে আইসিসির সমালোচনা করছেন সাবেক তারকা ক্রিকেটাররা । অস্থায়ীভাবে বানানো নাসাউ কাউন্টি গ্রাউন্ডে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে গত ৩ জুন সোমবার মাত্র ৭৭ রানে অলআউট হয়ে যায় শ্রীলঙ্কা । ওই রান টপকাতেও বেশ বেগ পেতে হয় প্রোটিয়াদের । সেদিনই আচমকা বাউন্সের জন্য উইকেট বেশ নজর কাড়ে । ভারি আউটফিল্ডের গতিহীনতাও তৈরি করে অস্বস্তি ।



গত ৫ জুন বুধবার ভারতের বিপক্ষে আয়ারল্যান্ড অলআউট হয় স্রেফ ৯৭ রানে । ভারত ৮ উইকেটে জিতলেও তাদেরও ভুগতে হয় । এই ম্যাচ চলাকালীন তুমুল সমালোচনায় পড়ে উইকেট । জিম্বাবুয়ের সাবেক ক্রিকেটার ও কোচ অ্যান্ডি ফ্লাওয়ার তো মনে করেন উইকেট রীতিমতো বিপদজনক, 'আমি বলতে চাই আন্তর্জাতিক ক্রিকেট খেলার জন্য এই উইকেট আদর্শ নয় । এটা বিপদজনক পিচ ।' 'মূল সমস্যা হচ্ছে এমন জায়গা থেকে বল লাফাচ্ছে যেটা হাতে এসে আঘাত করছে । হেলমেট পরেও ব্যাটারদের বেশ ঝুঁকি তৈরি হচ্ছে ।'

দক্ষিণ আফ্রিকার সাবেক ক্রিকেট ও কোচ মিকি আর্থারের মতে 'নিউইয়র্কের এই পিচ খুবই বাজে!'

সাবেক ইংল্যান্ড অধিনায়ক মাইকেল ভন এর মতে এমন নিম্নমানের উইকেটে খেলা দেয়া গ্রহণযোগ্য না, 'যুক্তরাষ্ট্রে ক্রিকেট ছড়িয়ে দেয়ার উদ্যোগ ভালো । কিন্তু এটা করতে গিয়ে খেলোয়াড়দের নিউ ইয়র্কের এই নিম্নমানের উইকেটে খেলতে হবে, তা অগ্রহণযোগ্য ।'



টি-২০ বিশ্বকাপ : বিশেষজ্ঞদের চোখে ফেবারিট যারা

স্পোর্টস ডেস্ক: শুরু হয়েছে টি-২০ বিশ্বকাপের নবম আসর । ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রের মাটিতে প্রথমবারের মতো ২০ দলের অংশগ্রহণে হচ্ছে মেগা টুর্নামেন্টটি । অবশ্য অনেক আগে থেকেই সাবেক তারকা ক্রিকেটাররা নিজেদের মতো করে বিশ্বকাপের পছন্দের দল বেছে নিচ্ছেন । এমনকি সম্ভাব্য চার সেমিফাইনালিস্টের ভবিষ্যদ্বাণীও দিচ্ছেন কেউ কেউ । এবার তো ফাইনালে কারা খেলবে সেটিও অনুমান করেছেন ব্রায়ান লারা, ম্যাথু হেইডেন ও সুনীল গাভাস্কাররা ।

দল বাড়লেও এবার বেশিরভাগ বিশ্লেষকের মতে টুর্নামেন্টের অন্যতম ফেবারিট ভারত, পাকিস্তান, অস্ট্রেলিয়া, ওয়েস্ট ইন্ডিজ ও ইংল্যান্ডের মতো দলগুলো । অবশ্য একেকজন একেক দলের পক্ষে বাজি ধরছেন । তেমনি সম্ভাব্য ফাইনালিস্টের তালিকাও এসেছে ভিন্ন ভিন্ন ।

স্টার স্পোর্টসকে দেয়া ভবিষ্যদ্বাণীতে ব্রায়ান লারা, ম্যাথু হেইডেন, সুনীল গাভাস্কার, পল কলিংউড, ক্রিস মরিস ও এস শ্রীশান্ত দুই দল নিয়ে ভবিষ্যদ্বাণী দিয়েছেন ।

ক্যারিবীয় কিংবদন্তি লারার মতে ফাইনাল খেলবে তার দেশ ওয়েস্ট ইন্ডিজ ও ভারত । এছাড়া সাবেক ইংল্যান্ড অধিনায়ক কলিংউড ইংল্যান্ড, ওয়েস্ট ইন্ডিজ; সাবেক ভারত অধিনায়ক গাভাস্কার ভারত, অস্ট্রেলিয়া; সাবেক অজি ওপেনার হেইডেন-অস্ট্রেলিয়া, ভারত; প্রোটিয়া পেসার মরিস দক্ষিণ আফ্রিকা, ভারত এবং সাবেক ভারত পেসার শ্রীশান্তের মতে অস্ট্রেলিয়া-ভারত ফাইনাল খেলবে । এর আগে স্কাই স্পোর্টসের পডকাস্টে ওয়ানডে বিশ্বকাপজয়ী সাবেক ইংলিশ অধিনায়ক ইয়ন মরগান ভারতকেই এবারের বিশ্বকাপের সবচেয়ে শক্তিশালী দল বলে মন্তব্য করেন । তাই শিরোপাও তাদের হাতেই উঠছে বলে মনে করেন মরগান । একই অনুষ্ঠানে থাকা আরেক সাবেক ইংলিশ অধিনায়ক মাইক আথারটন অবশ্য তার সঙ্গে দ্বিমত পোষণ করেন । তিনি মনে করিয়ে দেন ভারতের শিরোপাখরাকে, সে কারণে তিনি মনে করেন না ভারত শিরোপা জিততে যাচ্ছে ।

টি-২০ বিশ্বকাপের প্রথম ম্যাচেই একাধিক নজির

স্পোর্টস ডেস্ক: যুক্তরাষ্ট্র-কানাডার ম্যাচ দিয়ে শুরু হয়েছে টি-২০ বিশ্বকাপ । শুরুতেই মাতিয়ে দিয়েছে স্বাগতিকরা । কানাডাকে বড় রান তাড়া করে হারিয়েছে । সেই ম্যাচে তৈরি হয়েছে একাধিক নজির । আগে ব্যাট করে ২০ ওভারে কানাডা ১৯৪/৫ তুলেছিল । জবাবে অধিনায়ক মোনাঙ্ক প্যাটেল এবং স্টিভেন টেলরকে হারিয়ে চাপে পড়েছিল যুক্তরাষ্ট্র । কিন্তু আন্দ্রিয়েস গাউস এবং অ্যারন জোন্স মিলে আমেরিকার হয়ে রান তাড়া করে দলকে জিতিয়ে দেন ।



১) গাউস এবং জোন্স টি-২০ বিশ্বকাপের ইতিহাসে রান তাড়া করার ক্ষেত্রে তৃতীয় সর্বোচ্চ রানের জুটি গড়েছেন । ৫৮ বলে ১৩১ রানের জুটি গড়েন তারা । দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ইংল্যান্ডের ২৩০ রান তাড়া এবং ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ২০৬ রান তাড়া প্রথম দুইটি স্থানে রয়েছে ।

২) নিজেদের ক্রিকেট ইতিহাসে যুক্তরাষ্ট্র দলের সর্বোচ্চ রান তাড়া করে জিতল । এর আগে তারা এ বছরের শুরুতে কানাডারই বিরুদ্ধে ১৬৯ রান তাড়া করে জিতেছিল ।

৩) আমেরিকার ক্রিকেট ইতিহাসে সর্বোচ্চ রানের জুটি গড়েছেন পাউস এবং জোন্স । অতীতে এস মোদানি এবং গজানন্দ সিংহ জুটির ১১০ রানের জুটি ছিল সর্বোচ্চ । ২০২১ সালে আয়ারল্যান্ডের বিরুদ্ধে ম্যাচে হয়েছিল সেটি ।

৪) এক ইনিংসে সবচেয়ে বেশি ছয় মারার ক্ষেত্রে ক্রিস গেইলের সঙ্গে যুগ্মভাবে দ্বিতীয় স্থানে চলে এসেছেন জোন্স । তিনি গত ২ জুন দশটি ছক্কা মেরেছেন । গেইল ২০০৭ বিশ্বকাপে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধেও ১০টি ছয় মেরেছিলেন ।

৫) এটি লজ্জার রেকর্ড । টি-২০ বিশ্বকাপে এক ওভারে দ্বিতীয় সর্বোচ্চ রান হজম করেছেন কানাডার জেরেমি গর্ডন । ১৪তম ওভার বল করতে এসে ৩৩ রান হজম করেন । যদিও তিনি দুইটি নো বল এবং তিনটি ওয়াইড

স্ট্যাচু অফ লিবার্টির হাতে ক্রিকেট ব্যাট

স্পোর্টস ডেস্ক: টি-২০ বিশ্বকাপ নিয়ে আমেরিকাবাসীদের আগ্রহ বাড়াতে অভিনব উদ্যোগ নিয়েছে আইসিসি । স্ট্যাচু অফ লিবার্টির হাতে ধরিয়ে দেয়া হয়েছে ক্রিকেট ব্যাট । আইসিসি কর্তৃপক্ষের এই উদ্যোগ নজর কেড়েছে ক্রিকেট-অপরিচিত দেশে । গত ২ জুন রোববার শুরু হয়েছে টি-২০ বিশ্বকাপ । এ বার ওয়েস্ট ইন্ডিজের পাশাপাশি প্রতিযোগিতার অন্যতম আয়োজক যুক্তরাষ্ট্র । যদিও যুক্তরাষ্ট্রে ক্রিকেটের জনপ্রিয়তা নেই । আইসিসি কর্তারা চাইছেন আমেরিকার হাত ধরে ক্রিকেটকে বিশ্বের সর্বত্র জনপ্রিয় করে তুলতে । সেই লক্ষ্যেই এ বারের বিশ্বকাপের অন্যতম আয়োজক হিসেবে বেছে নেয়া হয়েছে আমেরিকাকে ।

এদিকে বিশ্বকাপ শুরু হলেও অধিকাংশ ম্যাচেই গ্যালারি থাকছে ফাঁকা । স্থানীয়দের তেমন আগ্রহ দেখা যাচ্ছে না । আমেরিকাবাসীদের একটা বড় অংশ জানেনই না, সে দেশে ক্রিকেট বিশ্বকাপ হচ্ছে । তাই সে দেশের প্রথম সারির একটি দৈনিকের প্রথম পাতা জুড়ে দেয়া হয়েছে বিজ্ঞাপন । টি-২০ বিশ্বকাপের বিজ্ঞাপনে ব্যবহার করা হয়েছে স্ট্যাচু অফ লিবার্টির ছবি । তাতে গ্রাফিকের সাহায্যে মূর্তির হাতে মশালের পরিবর্তে দেয়া হয়েছে ক্রিকেটের ব্যাট । টি-২০ বিশ্বকাপের জন্য আইসিসির অভিনব এই বিজ্ঞাপন ভাইরাল হয়েছে সমাজমাধ্যমে ।



ঋণমুক্ত ভবিষ্যৎ হতে পারে

আমাদের পেশাদার আর্থিক পরামর্শদাতাদের থেকে নিম্নলিখিত বিষয়ে **বিনামূল্যে, গোপনীয়ভাবে, ব্যক্তিগতকৃত** নির্দেশনা লাভ করুন:

ঋণ পরিশোধ করতে প্রতি মাসে আপনার কাছে কত আছে তা জানতে।

কোন ঋণটি প্রথমে পরিশোধ করতে হবে তা বুঝতে।

শিক্ষার্থীর ঋণ সহ ঋণ পরিশোধ করার একটি পরিকল্পনা তৈরি করতে। এবং আরও অনেক কিছু!

আপনার বয়স ন্যূনতম 18 বছর হতে হবে এবং NYC-তে বসবাসকারী বা কাজ করতে হবে।

আজই একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করুন!

nyc.gov/TalkMoney | 311

NYC Consumer and Worker Protection
Eric L. Adams, Mayor
Vilda Vera Mayuga, Commissioner
Financial Empowerment Center



সেন্ট্রাল নিউইয়র্কে ফেন্টানাইলের চেয়ে ১০০গুন বেশি শক্তিশালী ড্রাগ উদ্ধার

বাংলা পত্রিকা ডেস্ক: সেন্ট্রাল নিউইয়র্কে ফেন্টানাইলের চেয়ে ১০০ বেশি বেশি শক্তিশালী অনিয়ন্ত্রিত ড্রাগ উদ্ধার করেছে পুলিশ। অনিয়ন্ত্রিত ড্রাগগুলোতে বিপজ্জনক উপাদানও সনাক্ত হওয়ায় একটি জনস্বাস্থ্য সতর্কতা জারি করেছে স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ। এক বিবৃতিতে হেলথ ডিপার্টমেন্ট জানায়, সেন্ট্রাল নিউইয়র্ক থেকে সুপার মারিও লেভেলযুক্ত ড্রাগসের দুটি নমুনা ব্যাগ পাওয়া গেছে। ফেন্টানাইল, জাইলাজিন, হেরোইন এবং কার্ফেন্টানিলের সংমিশ্রণে ড্রাগগুলো তৈরি করা হয়েছে। হেলথ ডিপার্টমেন্ট জনস্বাস্থ্য জানায়, পশু চিকিৎসায় ব্যবহার হওয়া কার্ফেন্টানিল খুব বিপজ্জনক দেখে এর বাজারজাতকরন করা হয়না। ২০ মে নমুনাগুলো সংগ্রহ করা পরীক্ষার জন্য পাঠানো হয় এবং ৬ জুন এর ফলাফল সামনে আসে। যারা অনিয়ন্ত্রিত ড্রাগ সেবন করে তাদের সবসময় সতর্ক থাকা উচিত বলে পরামর্শ দেয় চিকিৎসকরা।

সিটি কাউন্সিলমেম্বার শাহানা

(৩১ পাতার পর)

ইডিপির কম্পিউটার প্রশিক্ষক জুবায়ের আব্দুল্লাহ স্বাগত বক্তব্যে ইডিপির লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন। প্রশিক্ষণার্থীরা তাদের লব্ধ জ্ঞান পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন।কাউন্সিলমেম্বার শাহানা হানিফ প্রশিক্ষণার্থীদের উপস্থাপনা দেখে সন্তোষ প্রকাশ করেন। এ সময় তিনি প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে অনুপ্রেরণামূলক মূল্যবান বক্তব্য দিতে গিয়ে বলেন, বর্তমান তথ্য প্রযুক্তির যুগে কম্পিউটার ব্যবহার জানা সবার জন্য অপরিহার্য। তিনি আরো বলেন, শনিবার ও রোববারে এই কাজটি প্রশংসার দাবী রাখে। যখন কেউ পরিচিত হয় তখন আমার ভাল লাগে যদি প্রশ্ন করে কোন বিষয়ে। এ বিষয়ে সরকার সার্ভিস দিয়ে যাচ্ছে। আমি মনে করি যাঁরা আলোচনা করবেন বা কোন ব্যাপরে ইনকোয়ারী করবেন তারা আমাদের দেশের জন্য প্রাণভরা মানুষ। আমরা চেষ্টা করবো সব শেয়ার করতে আর নিজেদের কাছে প্রশ্ন করি এটা কেন হচ্ছে কি হচ্ছে কেমন করে হচ্ছে ইত্যাদি। তাতে আমাদের সোসাইটি সমৃদ্ধ হবে। শাহানা স্টুডেন্টদের সাথে মতবিনিময় করার জন্য মাঝে মধ্যেই আসবেন বলে জানান। ইডিপির প্রতিষ্ঠাতা ও সচিব আম্বিয়া বেগম বলেন, নিজ অর্থায়নে প্রতিষ্ঠানটি চালিয়ে যাচ্ছেন যদিও খুবেই কষ্টসাধ্য ও চ্যালেঞ্জিং। অনেক প্রতিকূলতা আর সংগ্রামের ফসল এই ইডিপি যা নিইউয়র্ক ষ্টেটের আইন কানুন মেনে প্রতিষ্ঠা করেন এই প্রতিষ্ঠান। কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে ডিজিটালাজেশনের যুগে শিক্ষার্থীরা শিখতে পারছেন অনেক অজানা বিষয়। কিছু ষাটোর্ধ শিক্ষার্থী আছেন যাঁরা কম্পিউটারের মাউস ধরতে জানতেন না আজকে তাঁরা এই প্রশিক্ষণের সাথে জড়িয়ে শিখতে ও জানতে পেরেছেন অনেক কিছু। আম্বিয়া আরো বলেন, আমাদের উদ্দেশ্য প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও সচেতন জনবল গড়ে তোলা। যদি সমাজের উচ্চবিত্ত ও দানশীল প্রতিষ্ঠান ইডিপির প্রতি সহযোগীতার হাত বাড়িয়ে দেন তাহলে আরো ভাল ভাল কাজ করা সম্ভব। এগিয়ে যাবে মানুষ, এগিয়ে যাবে সমাজ। এক্ষেত্রে তিনি তাঁদের ও সরকারের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন প্রতিষ্ঠানের সমন্বয়ক উর্মি তাহমিনা নিরলস পরিশ্রম করে যাচ্ছেন দক্ষ জনগোষ্ঠী তৈরী করার জন্য। আম্বিয়া বেগম আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন সিটি কাউন্সিলমেম্বার শাহানা হানিফের প্রতি তাঁর সদয় পরিদর্শন ও অনুপ্রেরণা মূলক বক্তব্যের জন্য। -প্রেস বিজ্ঞপ্তি।

ARMAN CPA
ARMAN CHOWDHURY, CPA
সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়
- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING



AUTHORIZED e-file PROVIDER
WELCOME 7 DAYS OPEN
718-475-5686
http://ArmanCPA.com
87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।




দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.



MURSHEDA ZAMAN
Lic. Real Estate Sales Person
171-21 Jamaica Ave., Jamaica 11432
844-464-3262
E-mail: murshedazaman@gmail.com
বাড়ি-ক্রয়-বিক্রয়ের বিশ্বস্ত ও নির্ভরযোগ্য রিয়েলটর



MLS
যোগাযোগ
Cell: 917-502-6445



গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

প্যানেল গঠন নিয়ে নানা সমীকরণ জাহিদ মিন্টু সম্পাদক প্রার্থী

(শেষের পাতার পর)

প্রতিদ্বন্দ্বিতা করছেন বলে জানা গেছে। আগামী অক্টোবরে হবে এই নির্বাচন। যদিও নির্বাচনের দিন তারিখ এখনো চূড়ান্ত হয়নি। তারপরও সোসাইটির নির্বাচন ঘিরে কমিউনিটিতে চলতে নানা আলোচনা আর জল্পনা-কল্পনা সমীকরণ। জনসংযোগ চলছে সম্ভাব্য প্রার্থীদের। নতুন সমীকরণে বৃহত্তর সিলেট, বৃহত্তর নোয়াখালী, বৃহত্তর কুমিল্লা প্রভৃতি আঞ্চলিকতার প্রভাব-প্রতিপত্তি বিবেচনা করা হচ্ছে। আবার সিলেটী আঞ্চলিকতায় প্রবাসী বিয়ানী-বাজারবাসীর অবস্থানও আলোচনায় উঠে এসেছে। খবর ইউএনএ'র।

জানা গেছে, আসন্ন নির্বাচনে দুটি প্যানেল হচ্ছে বলে আভাস পাওয়া গেছে। সভাপতি পদে সোসাইটির বর্তমান সভাপতি ও বৃহত্তর নোয়াখালী সমিতির সাবেক সভাপতি আব্দুর রব মিয়া ও সাবেক সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিম এবং সাধারণ সম্পাদক পদে সোসাইটির বর্তমান কোষাধ্যক্ষ নওশেদ হোসেন এবং ক্রীড়া ও অ্যাপায়ন সম্পাদক মাইনুল উদ্দিন মাহবুব ছাড়াও তরুণ রিয়েল এস্টেট ব্যবসায়ী নাঈম টুটুল লড়তে পারেন বলে জানা গেলেও নতুন করে জাহিদ মিন্টুর নাম উঠে এসেছে। জাহিদ মিন্টু কমিউনিটির পরিচিত মুখ এবং বৃহত্তর নোয়াখালী সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক। সংশ্লিস্টরা বলছেন- 'সেলিম-মোহাম্মদ আলী' অথবা 'রব-নওশেদ', অথবা 'রব-মাহবুব' অথবা 'রব-টুটুল' প্যানেল হতে পারে। সভাপতি পদে আব্দুর রব মিয়া পুনরায় প্রতিদ্বন্দ্বিতা না করলে সে ক্ষেত্রে নির্বাচনী বৈতরণী পার হতে সোসাইটির বর্তমান সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী ও জাহিদ মিন্টু-কে নিয়ে 'রুহুল-মিন্টু' প্যানেল হতে পাপরছে। উল্লেখ্য, রুহুল আমীন সিদ্দিকী পর পর দু'বার সাধারণ সম্পাদক নির্বাচিত হওয়ায় সোসাইটির গঠনতন্ত্র মোতাবেক তিনি আর সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারছেন না।

সোসাইটির আসন্ন নির্বাচন প্রসঙ্গে জাহিদ মিন্টু'র সাথে যোগাযোগ করা হলে তিনি ইউএনএ প্রতিনিধিকে বলেন, কমিউনিটির জন্য কাজ করছি। তবে জানিনা সোসাইটির নির্বাচনে প্রার্থী হবো কিনা। কেবল নির্বাচনী কর্মকান্ড শুরু হয়েছে। তবে আমার শুভাকাঙ্খীরা চাচ্ছেন আমি বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করি। তিনি বলেন, দেখি সময় কি বলে।

এদিকে সোসাইটির নির্বাচনে সম্ভাব্য প্রতিদ্বন্দ্বিতাকারীরা সদস্য নবায়ন অর্থাৎ ভোটার সংগ্রহ অভিযানে নেমে পড়েছেন। সদস্য নবায়ন ফর্ম হাতে নিয়ে ঘুরছেন দ্বারে দ্বারে, এলাকায় এলাকায়। প্রতিটি ফর্ম জনপ্রতি ২০ ডলার। আজীবন সদস্য ফি স্বামী-স্ত্রী ৫০০ ডলার। নগদ অথবা ক্রেডিট কার্ডের মাধ্যমে এই অর্থ পরিশোধ করা যাবে। গত নির্বাচনে ভোটার ছিলেন ২৭ হাজার ৫৫০জন।

উল্লেখ্য, ইতিমধ্যেই সোসাইটির সাবেক প্রধান নির্বাচন কমিশনার এডভোকেট জামাল আহমেদ জনিকে পুনরায় প্রধান নির্বাচন কমিশনার করা হয়েছে। কমিশনের অন্য সদস্যরা হলেন আব্দুল হাকিম মিয়া, মোঃ আনোয়ার হোসেন, আব্দুল মান্নান, মোহাম্মদ হেলাল উদ্দিন, মাহবুবুর রহমান বাদল ও আহবাব চৌধুরী খোকন।

১৬ জুন পবিত্র ঈদুল আযহা

(প্রথম পাতার পর)

এবং ১৬ জুন দেশটিতে পবিত্র ঈদুল আজহা উদযাপিত হবে। স্থানীয় সময় বৃহস্পতিবার সন্ধ্যায় বিষয়টি নিশ্চিত করেছে দেশটির সুপ্রিম কোর্ট। জিলহজ মাসের চাঁদ দেখা যাওয়ায় আগামী ১৫ জুন সৌদিতে পবিত্র আরাফাহ দিবস ও ১৬ জুন ঈদুল আজহা উদযাপিত হবে। চাঁদ দেখা সাপেক্ষে ইসলামের ১২ মাসের সূচনা হয়। জিলহজ মাসের চাঁদ দেখার মাধ্যমে হজ ও পবিত্র ঈদুল আজহা কবে উদযাপন করা হবে তা নির্ধারণ করা হয়। সেই অনুযায়ী, ঈদুল আজহার প্রথম দিন জিলহজ মাসের ১০ম দিনে পড়ে। আর পবিত্র আরাফাহ দিবস পালন করা হয় জিলহজ মাসের ৯ম দিনে। জেএমসি ঘোষণা করেছে ঈদুল আযহা ১৬ জুন রোববার অনুষ্ঠিত হবে থমাস এডিশন মাঠে সকাল ৮:৩০ টা।

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস

(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)



একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা ॥ শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্সট্রাকশন দুর্ঘটনা
- ভুল চিকিৎসা
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- লেড বিষ সম্বন্ধীয়
- কাজের সময় দুর্ঘটনা
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC

SERVICES

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation: Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting: Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্ক

Member : naea MYSSEA e-file



প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইন্ক এর সদস্য পদ গ্রহণ/ নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates | السعودية SAUDIA | الإتحاد ETIHAD | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

SECI Sonali Exchange Co. Inc. Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে

Sonali Exchange App.

ডাউনলোড করে রেজিষ্ট্রেশন করুন

যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক

SONALI EXCHANGE CO. INC.

সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL

NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি



মামুন'স টিউটোরিয়ালের

(শেষের পাতার পর)

সম্মাননা জানিয়েছে মামুন'স টিউটোরিয়াল। গত ২ জুন রোববার স্থানীয় গোল্ডেন প্যালেস মিলনায়তনে আয়োজিত বর্ণিল ও বর্ণাঢ্য এ অনুষ্ঠানে শুরুতেই সবাইকে স্বাগত জানান মামুন'স টিউটোরিয়েলের কর্ণধার শেখ আল মামুন এবং ডা. নাহিদ খান। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ডা. অগাস্টিন ওগারেলো। বিশেষ অতিথি ছিলেন নিউইয়র্ক সিটির মেয়র অফিসের প্রধান প্রশাসনিক কর্মকর্তা মীর বাশার, সিপিএ জাকির চৌধুরী, ব্রঙ্কস কমিউনিটি বোর্ড-৯ এর চেয়ারম্যান মোহাম্মদ এন মজুমদার, এনওয়াপিডি'র ডিটেকটিভ মাসুদুর রহমান ও শাহ খালেদ আলী প্রমুখ।

জনপ্রিয় নিউজ প্রেজেন্টার উপস্থাপিকা দিমা নেফার-তিতি'র পরিচালনায় অনুষ্ঠানের শুরুতেই কোরআন ও গীতা থেকে পাঠ করা হয়। বাজানো হয় বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সংগীত। শেখ আল মামুন তাঁর বক্তৃতায় বলেছেন, দেশ থেকে প্রথম আসা অভিবাসীরা সন্তানদের সাফল্যের জন্য যে ত্যাগ স্বীকার করেন এ জন্যই সন্তানদের সাফল্য অর্জন সহজ হয়। পাশাপাশি মেধাবী এসব শিশু কিশোরদের অনেকেই বাংলাদেশ থেকে এসে ইংরেজি ভালো করে না জানা সত্ত্বেও দ্রুতই তারা নিজ মেধায় এগিয়ে গিয়েছে। এসব সাফল্যের পেছনে সফল শিক্ষার্থীদের বাবা মা বিরাট ভূমিকা পালন করেছেন বলে তিনি উল্লেখ করেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ফার্মাস্টি মিঃ জি, কমিউনিটি অ্যাক্টিভিস্ট শাখাওয়াত আলী, সাপ্তাহিক প্রথম আলো সম্পাদক ইব্রাহীম চৌধুরী, বাংলা পত্রিকা সম্পাদক এবং টাইম টিভির সিইও আবু তাহের, সুবর্না কামাল, অনিকা তাকমি, মিঃ স্কট, শুভ জ্যোতি রয়, অভীক বড়ুয়া, মুশফিকা মিশি, নাজমুল ইসলাম, ইহান বিন মামুন, লাবিবা চৌধুরী, ফারিয়া আলম, মাসুদ রহমান, জামাল মাহমুদ প্রমুখ।

অনুষ্ঠানে শিক্ষার্থীরা মামুন'স টিউটোরিয়েলে তাদের শিক্ষা অর্জনের ব্যক্তিগত অভিজ্ঞতা ও সাফল্যের কথা তুলে ধরেন। অনুষ্ঠানে কমিনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ সহ মেধাবী শিক্ষার্থীরা ও তাদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। নতুন প্রজন্মের সাফল্যে অনুষ্ঠান উপস্থিত সকলের ছিলেন হাসি-খুশি।

অনুষ্ঠানে বক্তারা শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, মা বাবার চাপে ডাক্তার, ইঞ্জিনিয়ার নয়, নিজে যা হতে চাও তাই হও। সাফল্যের কোন শেষ নেই। যে জীবন সাফল্য দিয়ে শুরু হয়, তাও থমকে যাতে পারে। আবার থমকে যাওয়া জীবন সাফল্যের মোড় নেবে যদি প্রচেষ্টা চলমান থাকে।

কর্মী এবং গ্রাহকদের

(শেষের পাতার পর)


রাত ৯টার দিকে বুশউইকের আরভিং অ্যাভিনিউ এবং লিন্ডেন স্ট্রিটের একটি মানি ট্রান্সফার স্টোরে এই ঘটনা ঘটে। এনওয়াইডিপি জানায়, ডাকাতির উদ্দেশ্যে ওই সন্দেহভাজন স্টোরে ঢুকে একজনকে চেয়ারের সাথে বেধে ফেলে। বাকি ২ জনকে জিম্মি করে রাখে। পুলিশ ঘটনাস্থলে পৌছালে সন্দেহভাজন স্টোরের জানালার সামনে এক গ্রাহকের মাথায় বন্দুক ঠেকিয়ে রাখে। প্রায় ২ ঘন্টার বেশি সময় ধরে তাদের সাথে আলোচনা করার পর ওই সন্দেহভাজন ব্যক্তিটি আত্মসমর্পণ করে। পুলিশ পরে জানতে পারে বন্দুকটি নকল ছিলো। কর্মকর্তারা জানান, জিম্মিরা মানসিক ভাবে বিপর্যস্ত হয়ে পড়লে তাদের হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

পারমিট সিস্টেম ব্যর্থ

(শেষের পাতার পর)

সিটি তথ্য অনুসারে, ২০২২ সালে পারমিট আইন জারি করা হয়। এখন পর্যন্ত ১২৭ টি পারমিট জারি করা হয়েছে। বর্তমানে পনেরো-শো এর বেশি আবেদন জমা পড়ে আছে বলে জানা গেছে। এই বিষয়ে মেয়র এরিক অ্যাডামস বলেন, যতই পারমিট ইস্যু করা হোকনা কেন, এসব স্থানে বেআইনী কার্যকলাপ চলবেই। তাই তিনি অন্য পন্থা অবলম্বনের কথা ভাবছেন বলেও জানান। সম্প্রতি করোনা প্লাজায় একটি পাইলট প্রোগ্রামের আওতায় একটি ছোটো গ্রুপকে আইন-গতভাবে ব্যবসার অনুমতি দেওয়া হয়েছে। মেয়র বলেন, পাইলট প্রোগ্রামটির আওতায় সিটির মার্কেটগুলোতে এই ধরনের ব্যবসার সম্প্রসারন করা হবে। যেখানে ফুটপাতের বিক্রেতাদের কাজ করার অনুমতি দেওয়া হবে।

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সার্পোট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court,
CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier

Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorised IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন,
হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education Is Our Priority!

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com





নিউইয়র্ক: সম্প্রতি নিউইয়র্কে অনুষ্ঠিত হলো বাংলাদেশ ডে প্যারেড। বণ্যাঢ্য আয়োজনে অনুষ্ঠিত প্যারেডে সিটি মেয়র এরিক অ্যাডামস প্রধান অতিথি ছিলেন। এতে কমিউনিটির বিভিন্ন সংগঠন যোগ দেয়। এদের মধ্যে বাংলাদেশী-আমেরিকান পোস্টাল এম্পয়ীজ এসোসিয়েশন তাদের ব্যানার নিয়ে যোগ দেয়। ছবি: অপু

হারাম কামাইয়ের যত ফাঁদ

(শেষের পাতার পর)

হারামখোরের হারাম কামাই যারা খায় বা ভোগদখল করে তারাও হারামখোর। হারামখোরের সন্তানরা হয় হারামজাদা। আমি চোর-বাটপার লুটেরা দূর্নীতিবাজদেরকে এই দৃষ্টিতেই দেখি। হারাম কামাই যে খায় ভোগ-দখল করে তাকে হারামখোর বলি, খুনীকে খুনী, দূর্নীতিবাজ লুটেরাদেরকে চোর বলি।

আমাদের দেশে হাল আমলে এমন হারামখোরদের বাম্পার ফলন হয়েছে। সংখ্যার কোন সীমা-পরিসীমা নাই। আসুন দেখা যাক কোন কোন তরীকায় বা পদ্ধতিতে হারাম কামাইগুলো সাধিত হয়।

১। ঘুষ- বহুল প্রচলিত একটা পদ্ধতি। অনাদীকাল থেকেই চালু আছে। তবে এক সময় ঘুষখোরদেরকে সমাজে ঘৃণার চোখে দেখা হতো। এদের সাথে কেউ আত্মীয়তার সম্পর্ক করতো না। মিশতো না। পথেঘাটে দেখা হলে এড়িয়ে চলতো। এখন এদের খুব সম্মান। যে যত বড় ঘুষখোর তার তত সম্পদ, তার জন্য তত বড় চেয়ার।

২। অফিস আদালতে ফাইল আটকে টাকা আদায়।

৩। কাগজপত্র ঠিক নাই বা আবার আসেন বলে হয়রানীতে ফেলে টাকা কামাই।

৪। জমি রেজিস্ট্রি করতে গেলে সাব রেজিষ্ট্রারসহ তার অফিসের কেরানী পিওন চাপরাশি এমনকি সুইপার ঝাড়ুদারকে ঘুষ সালামী নজরানা বখশীস দেওয়া। খাজনা দিতে গেলে সেখানেও বাজনা।

৫। চাঁদাবাজী- একেবারে সরাসরি ডাকাতি না তবে এক ধরনের বলপূর্বক টাকা আদায়।

৬। ছিনতাই- কারও টাকা পয়সা বা গয়না মোবাইল ছিনিয়ে নেওয়া।

৭। চুরি। না বলে গোপনে অন্যের টাকা বা কোন সম্পদ হাতিয়ে নেওয়া।

৮। ডাকাতি। ধরন বদলেছে। এখন সাধারনত: এই পদ্ধতিতে ব্যাংকগুলো ফোকলা করে দেওয়া হয়। ডাকাতদের আদুরে নামকরন হয়েছে ব্যাংক ডিফল্টার বা ঋণ খেলাফী।

৯। ঠ্যাকবাজী। এটাও এক ধরনের ডাকাতি।

১০। টেন্ডারবাজী। যোগ্য এবং হকদারকে বঞ্চিত করে কাজ বাগিয়ে নেওয়া।

১১। কমিশন বাণিজ্য। অন্যায় প্রভাব খাটিয়ে কাজ নিয়ে দেওয়া বাবদ পারিতোষিক।

১২। ভর্তী বানিজ্য সীট বানিজ্য। ছাত্র রাজনীতির নামে কিছু তস্কর এই বাণিজ্যটা নিয়ন্ত্রন করে।

১৩। ওভার এস্টিমেটের ঠিকাদারী, নির্মান বা সরবরাহের কাজ। এ ধরনের কাজে সাধারনত: শতকরা ২০/২৫ টাকায় মূল কাজ করে বাকি টাকা ইঞ্জিনীয়ার ওভারশিয়র ইন্সপেক্টর এ্যাকাউন্টস অফিস বড় সাহেব তার বড় সাহেব এবং সবার বড় সাহেব পর্যন্ত নিজেদের মধ্যে ভাগ-বাটোয়ারা করে নেওয়া।

১৪। ফুটপাথ বা ভাসমান হকারদের কাছ থেকে নিয়মিতভাবে টোল আদায়।

১৫। গ্রেপ্তার বাণিজ্য মামলা বাণিজ্য ধারা বাণিজ্য রিমান্ড বাণিজ্য জামিন বাণিজ্য খালাশ বাণিজ্য।

১৬। ক্রসফায়ার বা গুম খুন করে ফেলার ভয় দেখিয়ে টাকা আদায়।

১৭। পকেটে ইয়ারা বা বা নেশাজাতীয় পদার্থ ঢুকিয়ে টাকা আদায়।

১৮। মাদক নিয়ন্ত্রণের নামে মাদক ব্যবসার সমন্বয়ের মাধ্যমে যে হারাম কামাই।

১৯। পাড়া মহল্লায় এমনকি অভিজাত এলাকাগুলোয়ও আবাসিক হোটেল নামে পরিচালিত মিনি পতিতালয়গুলো থেকে নিয়মিত অর্থপ্রাপ্তি।

২০। মদ্যশালা নাইটক্লাব ক্যাসিনো বা জুয়ার আসর থেকে বখরা আদায়।

২১। নিয়োগ বাণিজ্য প্রমোশন বাণিজ্য পোস্টিং বাণিজ্য বদলী বাণিজ্য।

২২। চোরাচালান।

২৩। ব্যাংক লুট। সাধারনত: ব্যাংকের হোমড়াচোমরাদের সাথে যোগ-সাজসে ভূয়া কাগজপত্র দিয়ে লোন নেওয়া এবং পুরোটাই মেরে দেওয়া।

২৪। ট্যাক্স-ভ্যাট ফাঁকি। এটা ওপরতলার লোকেরা করে থাকে। এতে লাভবান হয় দুই পক্ষ, যারা ফাঁকি দেয় তারা এবং যারা ফাঁকি দিতে সহায়তা করে এনবিআর কাস্টমসয়ের সংশ্লিস্ট লোকজনেরা।

২৫। ওভার-আন্ডার ইনভয়েসের মাধ্যমে আমদানী রপ্তানী বাণিজ্য থেকে প্রাপ্ত আয়ের সিংহভাগ বিদেশে পাচার করা।

২৬। ডাক্তারি মাস্টার্স এমবিএ ইঞ্জিনীয়ারের ভূয়া সার্টিফিকেট বিক্রি।

২৭। শিক্ষা বাণিজ্য, ভর্তী বা ণিজ ্য কোচিং বাণিজ্য।

২৮। খাদ্যে ভেজাল এবং ইন্সেক্টিসাইড পেস্টিসাইড নামের বিষ মেশানো।

২৯। হোটেল রেস্টুরেন্ট ইন্সপেক্শনের নামে নিয়মিত সেলামী আদায়।

৩০। কালোবাজারি মজুতদারি সিন্ডিকেটের মাধ্যমে বাজারে জিনিষের কৃত্রিম সংকট তৈরী করে দাম বাড়িয়ে রাতারাতি অতিরিক্ত মুনাফা অর্জন।

৩১। ভেজাল ও নকল অষুধ প্রসাধনী বিক্রির মাধ্যমে ক্রেতাকে ঠকানো।

৩২। হাইওয়ে চাঁদাবাজী।

৩৩। ড্রাইভিং লাইসেন্স ইস্যুর নামে হয়রানীতে ফেলে টাকা আদায়। অর্থের বিনিময়ে নকল ড্রাইভিং লাইসেন্স বানিয়ে দেওয়া।

৩৪। ইচ্ছাকৃতভাবে লক্করঝক্কর বা ফিটনেসবিহীন গাড়ী রাস্তায় চলতে দেওয়া, যাতে যখন খুশী ড্রাইভারের কাছ থেকে টাকা আদায় করা যায়।

৩৫। বাসাবাড়ীতে অবৈধ গ্যাসসংযোগ থেকে মাসোহারা আদায়।

৩৬। বিদ্যুৎ পানি গ্যাসের মিটার টেম্পারিং এবং এ খাত থেকে মাসে শতশত কোটী টাকা পকেটস্থ করা।

৩৭। পাসপোর্ট বানানো নবায়ন বা তথাকথিত ই-পাসপোর্ট বানাতে গেলে এ কাগজ আ নেন ও কাগজ আ নেন ইত ্যাদী ধরনের হয়রানীতে ফেলে টাকা আদায়।

৩৮। এনআইডিতে ইচ্ছাকৃতভাবে ভুল করে সংশোধনের নামে গ্রাহককে রাধাচক্কর ঘোরানো এবং ফাইনালি টাকার বিনিময়ে রফা করা।

৩৯। চিকিৎসা বাণিজ্য। রোগীর গলা কাটা, অপারেশনের দরকার না থাকলেও বুক-পেট ফেড়ে ফেলা, অপ্রয়োজনে সিজারিয়ান, গাদা গাদা অষুধ লেখা, মরা মানুষকে ভেন্টিলেশনে রাখা- ইত্যাকার অপকর্মের মাধ্যমে যে কামাই। এগুলোর সবই হারাম কামাই। যারা এ কামাই খায় তারা শুধু হারামখোর না হাড়েহারামখোর। কত বড় কামিনা এই জানোয়ারগুলো মানুষের জীবনমৃত্যু নিয়েও ব্যবসা করে।

৪০। রিলিফ চুরি এবং টিআর জিআরের গম মেরে দেওয়া। এটা সাধা-রনত: পল্লী এলাকার গরীব বা ছিচকে চোর হারামখোরেরা করে থাকে।

৪১। কাবিখা বয়ষ্ক ভাতার অর্দ্ধেকটাই গ্রামের টাউট-বাটপারদের খেয়ে ফেলা।

৪২। জন্ম নিবন্ধন মৃত্যু সনদ বা চরিত্রের সার্টিফিকেট দিতে অতিরিক্ত টাকা আদায়।

৪৩। জমি কেনা বাড়ী বানানো এমনকি বাসা ভাড়া দিতে গেলেও কিছু হারামখোরের পেট ভড়ানো।

৪৪। প্রতারনা করে বা টাকা ধার নিয়ে ফেরত দেওয়ার নাম করে মেরে দেওয়া।

৪৫। যৌতুক নামে পাত্র বা পাত্রী পক্ষ থেকে জোর করে টাকা আদায়।

৪৬। জুয়া লটারি ক্যাসিনো হাউজি ইত্যাদী থেকে প্রাপ্ত আয়।

৪৭। অপহরন বাণিজ্য। কাউকে অপহরন করে মুক্তিপন আদায়ের মাধ্যমে যে কামাই।

৪৮। কন্টাক্ট কিলিং। চুক্তির ভিত্তিতে কাউকে মেরে ফেলার বিনিময়ে যে কামাই। এটা বেশী হয়েছে যখন ক্রসফায়ার নামে একটা বাণিজ্যের রমরমা অবস্থা ছিল।

৪৯। আবাসিক এলাকায় কেমিকেল গোডাউন চালানোর অনুমতি দেওয়ার বিনিময়ে অর্থপ্রাপ্তি।

৫০। হোটেল রেস্তরায় মরা মুরগী পঁচা মাংশ কুকুর বেড়ালের মাংশ দিয়ে খাবার তৈরী, টিস্যু পেপার দিয়ে ছানার সন্দেশ মিষ্টি ইত্যাদী অখাদ্য কুখাদ্য বিক্রি করে যে কামাই।

আমি আপাতত: এই ৫০টা খাত বের করতে পারলাম। আরও অনেক আছে। পাঠকদের প্রতি অনুরোধ, আপনারা এ তালিকায় আপনাদের জানা অন্যান্য খাতগুলো যোগ করুন, দেখি কত পর্যন্ত গিয়ে দাঁড়ায়!

চোরকে চোর বলুন। হারামখোরকে হারামখোর বলুন। ওদেরকে ঘৃণা করুন।

মুসলিম ভ্রাতৃত্বের শিক্ষা

(শেষের পাতার পর)

ময়দানে হাজির হন লাখ লাখ হাজি। এক মুসলমানের সঙ্গে আরেক মুসলমানের ভ্রাতৃত্বের সম্পর্ক স্থাপনে হজ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। মুমিনদের পারস্পরিক ভ্রাতৃত্বের সম্পর্ক ইমানেরও দাবি। মহান আল্লাহ পবিত্র কোরআনে এ ভ্রাতৃত্বের ঘোষণা দিয়েছেন। ইরশাদ করেছেন- মুমিনরা পরস্পর ভাই ভাই (সুরা হুজুরাত (৪৯) : ১০)। ভ্রাতৃত্বের এ শিক্ষা ছড়িয়ে আছে মুমিনের প্রতি পদক্ষেপে। পাঁচ ওয়াক্ত নামাজ আদায়ে প্রতিদিনই সে উপস্থিত হয় মসজিদে। সব ভেদাভেদ ভুলে দৈনিক পাঁচবার একই কাতারে। অনুরূপ শিক্ষা পাওয়া যায় জুমার নামাজে, ঈদের উৎসবে এবং হজের ময়দানে। লাখ লাখ মুসলমান গায়ে দুটি সাদা চাদর জড়িয়ে, বুকে এক লক্ষ্য, মুখে এক উচ্চারণ নিয়ে এক প্রভুর আহ্বানে হাজির হয়। ঈদুল আজহায় ভ্রাতৃত্ব রক্ষার ধরনটা অপূর্ব। সামর্থ্যবান ব্যক্তিরা কোরবানি করে। এরপর এর কিছু অংশ নিজের ঘরে রেখে, কিছু বিলিয়ে দেয় আত্মীয়স্বজন আর পড়শিদের মাঝে, আর কিছু দেয় গরিব ও অসচ্ছলদের, যাদের কোরবানি করার সামর্থ্য ছিল না। ফলে সামর্থ্য না থাকা সত্ত্বেও ঈদ ও কোরবানির আনন্দ থেকে বঞ্চিত হয় না তারা। এভাবেই পূর্ণ হয় ইমানি ভ্রাতৃত্বের দাবি। রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, সম্প্রীতি, সৌহার্দ্য ও সহ-ানুভূতির ক্ষেত্রে মুমিনদের দৃষ্টান্ত এক দেহের ন্যায়, যার একটি অঙ্গ অসুস্থ হলে গোটা দেহ জ্বর ও অনিদ্রায় আক্রান্ত হয়। (সহিহ বুখারি, হাদিস ৬০১১; সহিহ মুসলিম, হাদিস ২৫৮৬)।

মদিনায় হিজরতের পর রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনসার আর মুহাজির সাহাবিদের মাঝে ভ্রাতৃত্বের সম্পর্ক স্থাপন করে দিয়েছিলেন। নবীজীর গড়ে দেওয়া ভ্রাতৃত্বের এ বন্ধনকে আনসার সাহ-াবিরা এতটাই সাদরে গ্রহণ করেছিলেন যে, তারা তাদের মুহাজির ভাইদের নিজেদের ঘরে আশ্রয় দেন, নিজেদের সম্পদে অংশীদার বানান। ইমানি এ ভ্রাতৃত্ব কীভাবে রক্ষা করতে হবে সেজন্যও রয়েছে ইসলামের পক্ষ থেকে বেশকিছু নির্দেশনা। নির্ধারণ করা হয়েছে মুমিনদের জন্য বেশকিছু হক। যেমন- এক হাদিসে আছে, রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমরা পরস্পর হিংসা কর না, একে অন্যকে ধোঁকা দিও না, বিদ্বেষ পোষণ কর না, একজন আরেকজনের পেছনে লেগে থেক না, একজনের বিক্রির সময় আরেকজন আগে বেড়ে বিক্রি করতে যেও না, বরং সবাই আল্লাহর বান্দা হয়ে যাও, ভাই ভাই হয়ে যাও। মুসলমান মুসলমানের ভাই। সে তাকে জুলুম করতে পারে না, তাকে লাঞ্ছিত করতে পারে না, তাকে তাচ্ছিল্য করতে পারে না। তাকওয়া তো এখানে- নিজ বুকের দিকে ইশারা করে তিনি তিনবার এ কথা বলেন। এরপর বলেন, একজন মানুষের অন্যায় হিসেবে এতটুকুই যথেষ্ট যে, সে তার মুসলিম ভাইকে হেয় ও তাচ্ছিল্য করবে। প্রত্যেক মুসলমানের জন্যই অপর মুসলমানের রক্ত, সম্পদ ও সম্মান হারাম! (সহিহ মুসলিম, হাদিস ২৫৬৪)।

হাদিস অনুযায়ী- এক মুসলিমের ওপর অন্য মুসলিমের ছয়টি হক রয়েছে। বলা হলো, হে আল্লাহর রসুল! সেগুলো কী কী? তিনি বললেন, (১) তুমি যখন তার সঙ্গে সাক্ষাৎ করবে, তাকে সালাম দেবে। (২) সে যখন তোমাকে নিমন্ত্রণ করবে, তা গ্রহণ করবে। (৩) সে যখন তোমার কাছে উপদেশ চাইবে, তাকে উপদেশ দেবে। (৪) সে যখন হাঁচি দিয়ে আলহামদুলিল্লাহ বলবে, তখন তুমি ইয়ারহামুকাল্লাহ বলবে। (৫) সে যখন অসুস্থ হবে, তুমি তাকে দেখতে যাবে। (৬) সে যখন মারা যাবে, তখন তার জানাজায় অংশগ্রহণ করবে। (সহিহ মুসলিম, হাদিস ৫৭৭৮)।

আল্লাহ ও রসুল (সা.)-এর নির্দেশনার পরও যদি দুজন মুসলমানের মধ্যে পারস্পরিক স্বাভাবিক সম্পর্ক না থাকে, একজনের সঙ্গে আরেকজন কথা না বলে, তাহলে তাদের জন্য উচ্চারিত হয়েছে কঠোর হুঁশিয়ার বাণী! রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, প্রতি বৃহস্পতিবার ও সোমবার মানুষের আমল আল্লাহর দরবারে উপস্থিত করা হয়। সেদিন আল্লাহতায়ালা এমন সবাইকেই ক্ষমা করে দেন, যে তাঁর সঙ্গে কোনো কিছুকে শরিক করে না। তবে তাকে ছাড়া, যার এবং তার ভাইয়ের মাঝে বিদ্বেষ থাকে। তখন বলা হয়, এ দুজনকে পিছিয়ে দাও, যতক্ষণ না তারা পরস্পর মিলে যাবে, এ দুজনকে পিছিয়ে দাও, যতক্ষণ না তারা মিলে যাবে। (সহিহ মুসলিম, হাদিস ২৫৬৫)।

তাই আমাদের সব মুসলমানের ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ হতে হবে। আল্লাহ আমাদের হজ ও কোরবানির মাধ্যমে ভ্রাতৃত্ব বন্ধনে আবদ্ধ হওয়ার তৌফিক দান করুন।

লেখক : ইসলামবিষয়ক গবেষক

বাংলাদেশের জন্য সুপার

(শেষের পাতার পর)

সম্ভাবনা তৈরি করি, তাদের আমরা হারিয়েছিও অনেক। খুব ভালো লড়াই হয়। ব্যাক টু ব্যাক আইসিসি ইভেন্টে আমরা জিতলাম। ২০২৩ এ ওয়ানডে বিশ্বকাপে শ্রীলঙ্কাকে হারিয়েছি। এবার টি টোয়েন্টিতেও। অসাধারণ একটা জয় আমরা পেয়েছি। শান্তর নেতৃত্ব বেশ ভালো লেগেছে। বিশেষ করে, বোলার পরিবর্তন আর ফিল্ডিং পজিশন দারুণ- বিশেষ করে ১৫তম ওভারে রিশাদের হাতে বল তুলে দেওয়া। প্রথম বলে সাকিবের হাতে ক্যাচ দিয়ে ফেরেন আসালাঙ্কা। নতুন ব্যাটসম্যান হিসেবে হাসারাঙ্গার জন্য একজন স্লিপে ফিল্ডার রেখেছিলেন। সেটা কিন্তু কাজে লেগেছিল। পাশাপাশি মোস্তাফিজকে যেভাবে ব্যবহার করা হয়েছে এটারও প্রশংসা করতেই হয়।

তবে আরেকটু ভালো মতো জিতলে ভালো লাগত। যে টার্গেট ছিল যদি হাতে ৩ থেকে ৪টি উইকেট থাকত, আরও কয়েকটি বল আগে জিত-তাম তাহলে আত্মবিশ্বাসটা আরো বাড়ত। উইকেটও যে খুব খারাপ ছিল তা মনে হয়নি। সৌম্য আরও একটা সুযোগ পেয়ে হাতছাড়া করেছে। আট বছর ধরে সে বাংলাদেশ দলে খেলছে। তাকে কোচ-অধিনায়ক এত সমর্থন দিচ্ছেন। তার একটু মাথা খাটিয়ে খেলা উচিত ছিল। তানজিদ তামিম একটা বিশ্বকাপ খেলেছে। বড় মঞ্চের খেলার অভিজ্ঞতা আছে। দ্রুত শিখতে হবে।

তিনি একেবারে ভুল শট খেলে আউট হয়েছেন। হাফ ভলি বল ছিল, সুন্দর ড্রাইভ করতে পারত। শান্তও যে বলে আউট হয়েছে, একেবারে সফট ডিসমিসাল। বাউন্ডারি বের করার মতো বল ছিল। যেহেতু আমাদের ওভার প্রতি ৬ রান করে দরকার ছিল, কোন তাড়াহুড়োর প্রয়োজন ছিল না। নিজের অভিজ্ঞতা দিয়ে ব্যাটিং করেছে লিটন। তবে তাওহীদ হৃদয় অন্যদের জন্য কাজটা সহজ করে দিয়েছে। ঐ জায়গায় ম্যাচটি ঘুরে গেছে। তবে এ জয়টা দলগত প্রয়াসের ফল বলব আমি। তবে এই জয়টা আমাদের দরকার ছিল। আমরা এখন ভালো মতোই সুপার এইটের রেসে আছি। পরের রাউন্ডে যেতে এই ম্যাচটা জিততেই হতো। বেশির ভাগ মানুষ ধরেই নিয়েছে যে, দক্ষিণ আফ্রিকার বিপক্ষে আমরা জিতব না। তারা বেশি কঠিন প্রতিপক্ষ। সে হিসেবে এই জয়টার কারণে সুপার এইটের দরজা খুলে গেল। দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ম্যাচটি নিউইয়র্কে হবে। সেখানকার উইকেট কিন্তু ডাবল পেসের। ব্যাটাররা ধোঁকা খাবে। তবে সাহসী ক্রিকেট খেলা উচিত। কারণ এ মাঠে সহজ হবে না। ব্যাটিংটা আরও ভালো করতে হবে। নেদারল্যান্ডস ও নেপালের বিপক্ষে আমরা ওয়েস্ট ইন্ডিজে গিয়ে খেলব। একেবারে ভিন্ন কন্ডিশন। ওরাও আমাদের ভালো চ্যালেঞ্জ দিতে পারে। নেদারল্যান্ডসের কাছে আমরা আগেও হেরেছি।

অনুলিখন: আশরিক রুদ্র

স্ট্রোকের ঝুঁকি বাড়ায় যেসব

(শেষের পাতার পর)

স্ট্রোক হয়। জীবনযাপনে সামান্য একটু পরিবর্তন আনলেই এ ঝুঁকি অনেকটা কমিয়ে আনা সম্ভব। আমাদের জীবনে ব্রেইন স্ট্রোক একটি মারাত্মক রোগ। স্ট্রোক হলে একদিকে রোগী ও তার স্বজনের মাঝে থাকে মৃত্যুর বিভীষিকা। যাদের মৃত্যু না হয় তাদের প্যারালাইসিস হবার মতো একটা অন্ধকারাচ্ছন্ন অবস্থা বিরাজ করে।

বিশেষজ্ঞ চিকিৎসকরা বলছেন, মানুষের জীবনে খাদ্যাভ্যাসের নিয়ন্ত্রণ ও কর্মক্ষমতার নিয়মিত সঠিক পরিচর্যা না করলে হার্ট অ্যাটাক বা স্ট্রোকের ঝুঁকি অনেক বেড়ে যায়।

গবেষণায় উঠে এসেছে, আমেরিকার মতো জায়গায় বছরে অন্তত ১ লাখ ৪০ হাজার মানুষ স্ট্রোকে মারা যান। আর প্রতি বছর ৭ লাখ ৯৫ হাজার স্ট্রোক রোগে আক্রান্ত হন। বাংলাদেশেও দিন দিন বাড়ছে এই রোগ ও এতে আক্রান্ত হয়ে মৃত্যুর সংখ্যা। তাই হার্ট অ্যাটাক সম্পর্কে জেনে আগেই সচেতন হবার পরামর্শ বিশেষজ্ঞ চিকিৎসকদের।

বর্তমান বিশ্বে স্ট্রোক মানুষের মৃত্যুর চতুর্থ কারণ হিসেবে গণ্য হয়ে থাকে। এ রোগে মস্তিষ্কের অংশবিশেষ নষ্ট হওয়ায় রোগীর দেহে বেশ কিছু শারীরিক অক্ষমতা দেখা দেয়। যেগুলোকে স্ট্রোকের লক্ষণ হিসেবে বিবেচনা করা হয়। যেমন: প্যারালাইসিস, পা, হাত, মুখ অথবা শরীরের ডান বা বাম অংশ অবশ হয়ে যাওয়া। কথা বলতে বা কথা বুঝতে সমস্যা হওয়া, বিভ্রান্তিকর অবস্থায় পতিত হওয়া, কথা জড়িয়ে আসা, একটা চোখে অথবা উভয় চোখে দেখতে সমস্যা হওয়া, অথবা ঝাপসা দেখা, চলাফেরা করতে না পারা, চলাফেরায় ভারসাম্য নষ্ট হওয়া, বিভিন্ন অঙ্গের কার্যক্রমে অসামঞ্জস্য দেখা দেওয়া, হঠাৎ তীব্র মাথাব্যথা দেখা দেওয়া।

প্রাথমিক অবস্থায় কারও স্ট্রোক দেখা দিলে জরুরি ভিত্তিতে চিকিৎসা গ্রহণ করা উচিত তা না হলে রোগীর মস্তিষ্কের বেশি অংশ নষ্ট হয়ে জটিল আকার ধারণ করতে পারে অথবা রোগীর দীর্ঘমেয়াদি অসুস্থতা বা মৃত্যু ঘটতে পারে। আমাদের প্রতিদিনের কিছু অভ্যাস রয়েছে যা হতে পারে স্ট্রোকের কারণ।

বিশেষজ্ঞদের মতে, স্ট্রোক আমাদের জীবনধারা ও খাদ্যাভ্যাসের ওপর অনেকটাই নির্ভর করে। জীবনযাত্রা ও খাদ্যাভ্যাস যদি সঠিক থাকে, তাহলে অনেক অসুখই প্রতিরোধ করা সম্ভব হয়। জেনে রাখা ভালো, কোন কোন জীবনধারা অনিয়মের কারণে স্ট্রোকের সমস্যা দেখা দেয়।

ফ্যাটজাতীয় খাবার

প্রতিদিনের খাবারের তালিকায় স্যাচুরেটেড ফ্যাট, ট্রান্স ফ্যাটজাতীয় খাবার থাকলে তা রক্তে ক্ষতিকর কোলেস্টেরলের মাত্রা আরও বাড়িয়ে দেয়। এর ফলে স্ট্রোকের ঝুঁকি বাড়ে। প্যাকেটজাত ও প্যাকেটজাত খাবারেও উল্লেখযোগ্য পরিমাণে লবণ এবং নাইট্রেট প্রিজারভেটিভ থাকে, যা স্ট্রোকের ঝুঁকি বাড়াতে পারে। খাবারে একাধিক মাত্রায় লবণের ব্যবহারও রক্তচাপ বাড়িয়ে স্ট্রোকের ঝুঁকি বাড়ায় বলে বিশেষজ্ঞরা বলেন।

শরীরচর্চার অভাব

শরীরচর্চা না করলে এর মারাত্মক প্রভাব পড়ে শরীরে। যার ফলে উচ্চ রক্তচাপ, ওবেসিটি, উচ্চ কোলেস্টেরল ও ডায়াবেটিসের মতো সমস্যাগুলো দেখা দিতে পারে। তার ফলেই স্ট্রোকের ঝুঁকি বাড়তে পারে। বিশেষজ্ঞরা এ কারণেই অতি ব্যস্ত থাকার মাঝেও নিয়মিত শরীরচর্চা করার পরামর্শ দিচ্ছেন।

মেদ জমলে

শরীরে অতিরিক্ত মেদ জমলেই তাকে ওবেসিটির সমস্যা বলা হয়। ওবেসিটি হলে শরীরে ক্ষতিকর কোলেস্টেরলের মাত্রাও বাড়ে। এছাড়া ওবেসিটির ফলে ডায়াবেটিস রোগ ও উচ্চ রক্তচাপের সমস্যা দেখা দেয়। এতে স্ট্রোকের ঝুঁকি বাড়ে।

মদ্যপান

অত্যধিক মাত্রায় মদ্যপান স্ট্রোকের ঝুঁকি বাড়ায় বলে বক্তব্য বিশেষজ্ঞদের। অতিরিক্ত মদ্যপান অনিয়ন্ত্রিত রক্তচাপের অন্যতম কারণ। অ্যালকোহল শিরা ও ধমনীর স্থিতিস্থাপকতাকে মারাত্মক ভাবে প্রভাবিত করতে পারে। যা স্ট্রোকের অন্যতম প্রধান কারণ।

ধূমপান

অ্যালকোহলের মতো ধূমপানও স্ট্রোকের ঝুঁকি বাড়ায়। ধূমপান হৃদপিন্ডের যেমন ক্ষতি করে তেমনি রক্তচাপেও প্রভাব ফেলে। ধূমপানের ফলে শরীরে অসংখ্য ক্ষতিকর পদার্থ প্রবেশ করে। এমনকি, পরোক্ষ ধূমপানেও প্রবল ক্ষতি হয় শরীরের। রক্তে অক্সিজেনের মাত্রা কমে যায়। ফলে ফুসফুসের পাশাপাশি ক্ষতি হয় সংবহনতন্ত্রেরও।

শারীরিক পরিশ্রম

যাদের শারীরিক পরিশ্রম কম বা যারা প্রতিদিন কাজ করে না তাদেরও স্ট্রোকের ঝুঁকি বেড়ে যায়। দিনের অধিকাংশ সময় বসে থাকা, স্থূলতা স্ট্রোকের ঝুঁকি বাড়ায়। এমন জীবনযাত্রার কারণে স্থূলতা, উচ্চ রক্তচাপ, উচ্চ কোলেস্টেরল এবং ডায়াবেটিসের ঝুঁকি বেড়ে যায়। ফলে ভবিষ্যতে স্ট্রোকের ঝুঁকিও বেড়ে যায়।

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



IRS ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স – একাউন্টিং – নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)

আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.
(Operate by JH office)

Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈয্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw, Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাসা ভাড়া

বেসমেন্ট ভাড়াঃ উডহ্যাভেনের ৭৬ স্ট্রীট এর জে ট্রেন-এর কাছে একটি বেসমেন্ট ভাড়া হবে শুধুমাত্র ২জন এডাল্ট এর কাছে। যোগাযোগ: ৬৪৬-৩৯৯-৭৮৯৪ অথবা ৬৪৬-৩৮৬-৬৪৬৩
মে-২৭

House for rent: Lovely 2 bed apartment, (1st Fl of a private house) with large kitchen, bathroom, hard wood floors, close to public transportation, shops, and house of worship (Masjid) & with one car shared drive-way. Located in the great neighborhood of Saint Al-bans Queens Everything is included. Tenant pays for electricity only. Rent is $2,300 a month, available from May. For more informa-tion and viewing please Text or Voice message . Ejaz Khan **@ 917.523.2249**

বেসমেন্ট ভাড়াঃ নিউহাইডপার্কে এক বেডরুমের বেসমেন্ট বাসা ব্যাচেলার/স্বামী-স্ত্রীর নিকট ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৫৯২-৩১৩৯ (বিকেল ৫টার পর)।
এ-১৫

বাসা ভাড়াঃ জ্যামাইকার হিলসাইড এভিনিউ এবং এফ ট্রেন সাবওয়ের কাছে ১৮৬ স্ট্রীট এবং ৯০ এভিনিউতে ১ম তলা (২ বেডরুম, লিভিং রুম, বাথ-কিচেন) ১লা মে হতে ভাড়া হবে। যোগাযোগঃ ৬৪৬-২৬১-৩০৪০ অথবা ৬৪৬-২৬১-৩০৩৯.
এ-১৫

বাসা ভাড়াঃ জ্যামাইকার ১৬৭ স্ট্রীট ও ১০৯ রোডে তিন বেডরুম, দুই বাথরুম, রান্নাঘর এবং লিভিং-এর বাসা পহেলা মে থেকে ভাড়া হবে। স্কুল, মসজিদ, ই, এফ, জে, জেড সাবওয়ে ট্রেন এবং কিউ-৪, কিউ-৫, কিউ-৮৪, কিউ-৮৫, এন-২২ বাস কাছাকাছি। যোগাযোগঃ ৯১৭-৩৯২-৯০৮৫
এ-১৫

বাসা ভাড়াঃ জ্যামাইকার ১৮৪ প্লেস ও ৯০ এভিনিউ হলিস-এ ফুল রেনোভেটেড সেমি বেসমেন্ট ২জন ব্যাচেলরের কাছে ভাড়া হবে। পৃথক প্রবেশদ্বার। যোগাযোগঃ ৬৪৬-৬৩৭-৪০৭৯. এ-১৫

বাসা ভাড়াঃ কুইন্স এর এলমহার্স্ট হাস-পাতালের সাথে একটি বাসা তিনজন ব্যাচেলার কাছে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯২৯-৪৬২-৯৭৩১
এ-১৫

বাসা ভাড়াঃ জ্যামাইকার ১৭৭ ষ্ট্রীট ও ১০৬ এভিনিউতে তিন বেডরুম, লিভিং রুম, বাথরুম, কিচেন-এর বাসা পহেলা মে হতে ভাড়া হবে। এফ ট্রেন সাবওয়ে ১২ মিনিটের দূরত্বে। কিউ ৪২, কিউ ৮৩ বাস ও মসজিদ বাসার পাশে। যোগাযোগঃ ৯২৯-৩২৮-৯৭০১ অথবা ৩৪৭-৫৮৯-৩২৮৬.
এ-১৫

বাসা ভাড়াঃ জ্যামাইকার ই, জে সাবওয়ে ট্রেন-এর কাছাকাছি ১০৮ এভিনিউ ও ১৬৪ স্ট্রীটে ২ বেডরুম বিশিষ্ট বড় লিভিং রুম ১ম তলার বাসা ভাড়া হবে। মাত্র এক ব্লকের মধ্যে সুপারমার্কেট, লন্ড্রি মার্ট এবং বাস স্টপ রয়েছে। যোগাযোগঃ ৯১৭-৭৭৪-৮০২১ অথবা ৬৪৬-৬৭৫-৪৭২৮
এ-১৫

বাসা ভাড়াঃ ৯০ স্ট্রীট ৩৪ এভিনিউতে দুই বেডরুম এপার্টমেন্টের হিন্দু ফ্যামিলির বাসার এক রুম ভাড়া দেয়া হবে। স্বামী-স্ত্রী বা ছোট ফ্যামিলি। যোগাযোগঃ ৬৪৬-৯৬১-৫৪১০ অথবা ৯১৭-৭৯২-৯১১০.
এ-১৫

বাসা ভাড়াঃ এলমহার্স্ট-এর ৮২-১৫ ব্রিটন এভিনিউ ঠিকানায় বাথরুমসহ দুই রুমের বাসা স্বামী-স্ত্রী অথবা মা-মেয়ের কাছে ২০ এপ্রিল থেকে ভাড়া হবে। দুই সিনিটের দূরুত্বে এম ও আর ট্রেন এবং কিউ ৫৩ বাস। যোগাযোগঃ ৬৪৬-৯৩২-৪৬২৯ অথবা ৬৪৬-৩৮৭-৪৯৭০। এ-১৫

বাসা ভাড়াঃ লং আইল্যান্ডের ইস্ট মেডোতে মনোরম এবং নিরিবিলি পরিবেশে লং আইল্যান্ড মুসলিম সোসাইটি (এলআইএমএস) মসজিদ সংলগ্ন একটি প্রাইভেট বাসার ২য় তলায় ২ বেডরুমের একটি বাসা ভাড়া দেওয়া হবে। সকল শপিং মল, হাসপাতাল, স্কুল, হালাল গ্রোসারী ও হালাল রেস্টুরেন্ট বাসা হতে ২ থেকে ৩ মিনিটের ড্রাইভ। যোগাযোগ: ৬৪৬-৪৭৪-৪৮৫৯
এ-১৫

রুমমেট

রুমমেট আবশ্যক: এপার্টমেন্টে থাকার জন্য রুমমেট চাই। সাবওয়ে ও গ্রোসারী স্টোর কাছাকাছি। যোগাযোগ: ৯২৯-৫৮৬-১৪৫০
এ-১৫

রুম ভাড়া এবং রুমমেট আবশ্যক ঃ নিউ-ইয়র্ক সিটির ইস্ট এলমাস্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্টিটের উপরে এক তলায় রুম ভাড়া দেওয়া হবে এবং রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
মে-২৭

রুমমেট চাইঃ রুম শেয়ার করে থাকার জন্য অধূমপায়ী নামাজি রুমমেট আবশ্যক। স্টুডেন্ট হলে ভাল। ১লা জুলাই থেকে, আগেও যোগাযোগ করতে পারেন। ৮৭-৮৭ ১৪৪ স্ট্রীট, হিলসাইড এভিনিউ, জ্যামাইকা, নিউইয়র্ক। **কিবরিয়া চৌধুরী ৯২৯-৭৫৫-২৯০৬।**

পাত্রী চাই

৫৫ বছর, ডিভোর্স, সিটিজেন, সুদর্শন ডাক্তার-পাত্রের জন্যে ঘটক অথবা সরাসরি যোগাযোগ করুন।
ফোনঃ ৮৫০-৮৬৬-৯০১২
email:
PATRICHAI1234567@GMAIL.COM
hmurshedmd@gmail.com
y-24

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

অস্কার মঞ্চে চড়কান্ড সমর্থন দিয়েছিলেন

(শেষের পাতার পর)

চড় মেরে কি সিআইএসএফ জওয়ান কুলবিন্দর কৌর উচিত কাজ করেছেন? এই প্রশ্নে নানা জনের নানা মত। কেউ অভিনেত্রীর পক্ষে কথা বলছেন, কেউ আবার পাঞ্জাবের কৃষক পরিবারের মেয়ে কুলবিন্দরের পাশে দাঁড়িয়েছেন। এমন পরিস্থিতিতেই কঙ্গনা কান্ডের সঙ্গে জুড়ে গেল হলিউড তারকা উইল স্মিথের নাম।

সোশাল মিডিয়ায় একটি স্ক্রিনশট ছড়িয়ে পড়েছে। দাবি করা হচ্ছে, এটি কঙ্গনান ইনস্টাগ্রাম স্টোরির স্ক্রিনশট। যাতে তিনি অস্কার মঞ্চে উইল স্মিথের চড়কান্ডকে সমর্থন করেছিলেন। ৯৪তম অস্কারে ঘটেছিল এই ঘটনা। ডলবি থিয়েটারের মঞ্চে সঞ্চালনা করার সময়ে নানা রকম রসিকতা করছিলেন কমেডিয়ান ক্রিস রক। হঠাৎই উইল স্মিথের স্ত্রী জাডা পিঙ্কেটকে নিয়ে রসিকতা শুরু করে দেন ক্রিস। যা একেবারেই মেনে নিতে পারেননি স্মিথ। সঙ্গে নিজেও ক্ষমা চেয়েছিলেন। এদিকে কঙ্গনার ইনস্টাগ্রাম স্টোরির যে স্ক্রিনশটটি ছড়িয়ে পড়েছে তাতে লেখা, 'যদি কেউ আমার মা বা বোনেদের অসুস্থতাকে একঝাঁক নির্বোধের সামনে হাসির খোরাক করে তোলে তাহলে উইল স্মিথের মতো আমিও তাঁকে সপাটে চড় মারব। একদম সঠিক কাজ। আশা করি উনি আমার 'লকআপ'-এ (কঙ্গনা সঞ্চালিত রিয়ালিটি শো) আসবেন।'

এতেই নেটিজেনদের কটাক্ষ, যে কঙ্গনা উইল স্মিথের চড় মারাকে সমর্থন করেছিলেন, তিনিই আজ নিজে চড় খেয়ে হিংসামূলক প্রতিবাদের বিপক্ষে কথা বলছেন!

প্রসঙ্গত, পাঞ্জাবের কৃষক পরিবারের মেয়ে কুলবিন্দর কৌর। কঙ্গনার উপর তার রাগ মায়ের কারণেই। কৃষক আন্দোলনে শামিল হয়ে দিল্লির রাজপথে বসেছিলেন কুলবিন্দরের মা। বছর তিনেক আগে কঙ্গনা সে প্রসঙ্গে বলেছিলেন, 'কৃষক আন্দোলনের জন্য পাঞ্জাবের মহিলাদের ১০০ টাকায় কেনা হয়েছে।' সেই রাগের বশেই চন্ডীগড় বিমানবন্দরে কঙ্গনাকে চড় মারেন মহিলা জওয়ান। এই ঘটনার পর পক্ষ-বিপক্ষের তরজা চলছে। কুলবিন্দরকে চাকরির প্রস্তাব দিয়েছেন বিশাল দদলানি, অন্যদিকে



সঙ্গে স্টেজে উঠে চড় মারেন সঞ্চালকের গালে। এই ঘটনার জন্য শাস্তিও পেয়েছেন স্মিথ। অস্কার থেকে ১০ বছরের জন্য তারকাকে নির্বাসিত করা হয়েছে। স্মিথ কঙ্গনাকে চড় মারার বিরোধিতা করা একটি পোস্টে নাকি আলিয়া ভাট, হৃতিক রোশনরা লাইক দিয়েছেন।

আলবেনীতে সেমিনার

আলবেনীতে আইন, ট্যাক্স এবং ফিনান্সের উপর সেমিনার ১ জুন শনিবার। সময়: বিকেল ৬টা থেকে সন্ধ্যা ৮টা। স্থান: তাজমহল রেষ্টুরেন্ট, ২৯৫ সেন্ট্রাল এভিনিউ, আলবেনী, নিউইয়র্ক ১২২০৬। এতে আইনজ্ঞ, সিপিএ, লোন অফিসার, ফাইনানসিয়াল প্লানারগণ অংশ নিয়ে বক্তব্য রাখবেন এবং সকল প্রশ্নের উত্তর দেবেন। যোগাযোগ: ৯২৮-২০৭-১৫১৬ অথবা ৯১৭-৫৯৭-৬৩৪৯
মে-২৭

কাজী অফিস
সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত
কাজী ইমাম মাওলানা
আব্দুল মুকিত
পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা
148-16 87 Road
Jamaica, NY-11435
বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়।
পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ
917-428-1519

নায়াগ্রা ফলসে বাড়ী বিক্রি
নিউইয়র্কের নায়াগ্রা ফলসে বাড়ী বিক্রি (এয়ারবন্ড পারমিট সহ) হবে। তিন বেড ও এক বাথরুমের বাড়ীট নায়াগ্রা ফলস ও সিনেকা রিজোর্টের অতি সন্নিকটে। গড়ে প্রতি রাত আয় ২৪৯ ডলার।
আগ্রহীরা যোগাযোগ করুন অথবা টেক্স করুন: ৬৪৬-২৩৬-৬০৪৪

নিউজার্সীর প্রাইমারী নির্বাচনে

আটলান্টিক কাউন্টির ‘ডেমোক্র্যাটিক কমিটি পার্সন’ পদে সুব্রত ও লাকীর জয়লাভ

নিউজার্সী: যুক্তরাষ্ট্রের নিউজার্সী রাজ্যের প্রাইমারী নির্বাচনে জয়লাভ করেছেন সুব্রত চৌধুরী ও লাকী। গত ৪ জুন মঙ্গলবার অনুষ্ঠিত নির্বাচনে তারা আটলান্টিক কাউন্টির ‘ডেমোক্র্যাটিক কমিটি পার্সন’ পদে জয়ী হয়েছেন।

সুব্রত চৌধুরী বাংলাদেশের চট্টগ্রামের পটিয়া উপজেলার কচুয়াই গ্রামের বাসিন্দা স্বর্গীয় দীপেশ চৌধুরী ও রাধা চৌধুরীর জ্যেষ্ঠ সন্তান। তিনি আটলান্টিক কাউন্টি গভর্নমেন্ট এর হিউম্যান সার্ভিসেস স্পেশালিস্ট পদে কর্মরত। তিনি ২০১২ সালে অভিবাসীর মর্যাদা নিয়ে সপরিবারে যুক্তরাষ্ট্রে আসার পর থেকেই সংবাদমাধ্যমের সাথে যুক্ত হয়ে নিরলসভাবে কমিউনিটি সাংবাদিকতায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছেন এবং বস্তুনিষ্ঠ সাংবাদিকতার জন্য কমিউনিটির সর্বমহলে তিনি বেশ প্রশংসিত ও পুরস্কৃতও হয়েছেন। তিনি আমেরিকা-বাংলাদেশ প্রেসক্লাবের সহসভাপতি হিসাবেও দায়িত্ব পালন করেছেন। সুব্রত চৌধুরী সাংবাদিকতার পাশাপাশি বিশ্বের বিভিন্ন দেশের বাংলা মাধ্যমের সংবাদপত্র, সংকলনে নিয়মিত ছড়া, কবিতা, গল্প লিখে থাকেন। অনুবাদক হিসেবেও তার খ্যাতি আছে। ইতোমধ্যে ছড়া গ্রন্থ ‘বিশ্ব বেহায়া’ ও ‘আতু বুতু কাতু কুতু’ শিরোনামে তার রূপকথার বই প্রকাশিত হয়েছে। তিনি বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জারসি, সাউথ জার্সি পয়েটস কালেকটিভ, এনএএসিপি, হিস্পানিক এসোসিয়েশন অব আটলান্টিক কাউন্টির সাথে ওতপ্রোতভাবে জড়িত থেকে সামাজিক কর্মকান্ডে নিজেকে ব্যাপৃত রেখেছেন। তিনি যুক্তরাষ্ট্রের মূলধারার সামাজিক ও রাজনৈতিক কর্মকান্ডেও নিজেকে সক্রিয় রেখেছেন।

সুব্রত চৌধুরী আটলান্টিক সিটি স্কুল বোর্ডের নির্বাচিত সদস্য হিসাবে দ্বিতীয় মেয়াদে দায়িত্ব পালন করছেন। সাংস্কৃতিক ব্যক্তিত্ব সুব্রত চৌধুরী প্রথম আমেরিকান এশিয়ান হিসাবে আটলান্টিক কাউন্টির সংস্কৃতি ও ঐতিহ্য বিষয়ক পরামর্শক পর্ষদ এর সদস্য পদে দ্বিতীয় মেয়াদে দায়িত্ব পালন করছেন। এছাড়া তিনি আটলান্টিক সিটি ফ্রি পাবলিক লাইব্রেরির ট্রাষ্টি বোর্ডের সদস্য হিসাবেও দায়িত্ব পালন করছেন।

অপরদিকে লাকী চৌধুরী চট্টগ্রাম এর বোয়ালখালী উপজেলার উওর ভূর্ষি গ্রামের স্বর্গীয় শৈবাল শংকর চৌধুরী ও স্বর্গীয়া রানী চৌধুরীর কনিষ্ঠ কণ্যা লাকী চৌধুরী। তিনি আটলান্টিক সিটি গভর্নমেন্ট এর অধীনে মার্কেনটাইল ও লাইসেন্সিং বিভাগে কর্মরত আছেন। তিনি ২০১২ সালে অভিবাসীর মর্যাদা নিয়ে সপরিবারে যুক্তরাষ্ট্রে আসেন।

উল্লেখ্য, সুব্রত চৌধুরী ডেমোক্র্যাটিক কমিটি পারসন পদে তৃতীয় মেয়াদে বিজয়ী হয়েছেন। অন্যদিকে লাকী চৌধুরী এই পদে প্রথমবারের মতো বিজয়ী হয়েছেন। প্রাইমারি নির্বাচনে তাদেরকে ভোট দিয়ে জয়যুক্ত করার জন্য তারা ভোটারদেরকে আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন। -প্রেস বিজ্ঞপ্তি।





GLOBAL MULTI SERVICES, INC



তারেক হাসান খান, সিইও

অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়

- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS

IRS e-file
AUTHORIZED IRS e-file PROVIDER
tax time!
tax refund

37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com



এবার জ্যাকসন হাইটে
আমাদের নতুন অফিসে
আপনাকে স্বাগতম

হাসপাতাল ও নার্সিং হোমে
যে কোন ডাক্তারের
রোগী ভর্তি করে থাকি

Barnali Hasan MD
Internal Medicine
ডা. বর্ণালী হাসান
ইন্টারনাল মেডিসিন

Mahfujul Hasan DDS
Implants & Invisalign
ডা. মাহফুজুল হাসান
ডি.ডি.এস

We provide medical services for IMMIGRATION
আমরা ইমিগ্রেশন সেবা প্রদান করি

WE ADMIT ANY PATIENTS at
HOSPITALS & NURSING HOMES

Northwell Health
LONG ISLAND JEWISH MEDICAL CENTER
Forest Hills & New Hyde Park

> Primary Care > Annual Exam > Physical Checkup > TLC Test > Diabetes > Immigration > Cholesterol > EKG > > Spiro > PAP Smear > Pregnancy Test > Allergies > TB Test > Vaccinations > Telemedicine & all kind of Medical Services.

Diagnostic & preventive dentistry, General dentistry, Cosmetic dentistry, Teeth whitening, Fillings, Prosthodontics, Caps/crowns, metal-free bridges, full dentures and partial dentures, digital scanning, Endodontics, Rot canal, Orthodontics, Invisalign, Dental implants, Periodontics, Gum disease and most kinds of Dental Services

We accept most Insurances & Medicaid

CALL 917 930 1170

EFFICIENT MEDICAL CARE PC
DHAKA DENTAL PC
3716 73rd St, Suite 202, Jackson Heights, NY 11372 | Phone: 929 799 8100
4014 Greenpoint Ave, Sunnyside, NY 11104 | Phone: 718 392 2858
17009 Hillside Ave, Jamaica, NY 11432 | Phone: 718 291 2710

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান

LAW OFFICES OF SURDEZ & PEREZ, P.C.





SURDEZ & PEREZ, P.C.

We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে

পরামর্শের জন্য ফি লাগে না



Free Consultation



কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই
আমরা ফি গ্রহণ করে থাকি

আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
- গাড়ী দূর্ঘটনা
- বাস,ট্রেন অথবা মোটর সাইকেল
- ট্রেইন ইনজুরি
- এলিভেটর একসিডেন্ট
- স্লুল লায়াবিলিটি
- খেলার মাঠে দূর্ঘটনা
- বার্থ ইনজুরি
- নির্মাণ কাজে দূর্ঘটনা
- পিছলে পড়ে গেলে
- লেড পয়জনিং
- কুকুর কামড়ালে
- ডাক্তারের ভূল চিকিৎসা

আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা

32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103

যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন



Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com

www.surdezperezlaw.com

FREE PARKING ONSITE

VALID FROM 06/03/2024 THRU 06/18/2024

AFTAB SUPER MARKET

WHERE QUALITY MATTERS

144-01 Hillside Ave, Jamaica, NY 11435

Tel: 718-301-8510


EBT

এখনই আপনার কুরবানীর অর্ডার করুন. PLACE YOUR QURBANI ORDER NOW.

DOING QURBANI UNDER SUPERVISION OF EXPERT HMS CERTIFIED ULAMAS

$525	$675	$475	$575
*APPROX 80-85 LBS OF BEEF	*APPROX 110-120 LBS OF BEEF	*APPROX 55-65 LBS OF GOAT MEAT	*APPROX 55-65 LBS OF LAMB MEAT



EID-AL-ADHA '24' SALE

BEEF- $3.99/LB	WHOLE CHICKEN- $2.49/LB	CHICKEN LEGS
BUY 10 LBS OR MORE, GET 1 PACK OF GARAM MASALA FREE	BUY 5, GET 1 CHICKEN LEG TRAY FREE	BUY 5 TRAYS OR MORE, GET 1 TRAY FREE



DESI GARAM MASALA, 100GM




HILSA 10/12	MRIGAL 3KG	ROHU 3KG	ROHU 4KG	PANGAS	SHRIMP
$18 EACH	$20 EACH	$12 EACH	$2.20/LB	$14.00 EACH 1.5KG	$8.99 PACK 31/40 EZP 2 LBS








BOMBAY SEMAI	YUMZY NOODLES	VATANA	RICE FLOUR	RADHUNI	ATTA/MAIDA
2 FOR $5	3 FOR $5	$3.49 EACH 4 LBS	$3.99 EACH 4 LBS	3 FOR $5 UPTO 100GM	2 FOR $7 2KG








CINNAMON	RAISIN	PRAN ITEMS	CARNATION	SUGAR	SALT
2 FOR $10 200 GM	2 FOR $6 200GM	PRAN SINGARA SOMOSA DALPURI ALUPURI 3 FOR $5	3 FOR $5	$3.99 EACH 4 LBS	3 FOR $4









GHEE	CORN OIL	OLIO VILLA	KIRBI	CHILI	TOMATO
$10.99 EACH 450 GM	$13.99 EACH 5 LTR SHAHJALAL	$13.99 EACH 1 GAL	.99C /LB	$1.99 LB	.69C /LB










MED. EGGS	MILK	BASMATI RICE	KALIJEERA	BASMATI RICE	REG. CELANTRO
2 FOR $5 GRADE A	$2.99 EACH 1 GAL	$12.99 EACH 20 LBS ABDULLAH	$14.99 EACH 10 LBS	$19.99 EACH 20 LBS KRISHOK	3 FOR $1













বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday / June 10 // 2024

সিটি কাউন্সিলমেম্বার শাহানা হানিফের এম্পাওয়ারিং ডেভেলপমেন্ট প্রজেক্ট পরিদর্শন



নিউইয়র্ক: নিউইয়র্ক সিটির ব্রুকলীন ডিষ্ট্রিক-৩৯ এর কাউন্সিলমেম্বার শাহানা হানিফ গত ১ জুন শনিবার অলাভজনক বেসরকারী প্রতিষ্ঠান এম্পাওয়ারিং ডেভেলপমেন্ট প্রজেক্ট (ইডিপি) পরিদর্শন করেন। তিনি ইডিপিতে পৌঁছালে সংস্থার প্রতিষ্ঠাতা ও সচিব আম্বিয়া বেগম ও সমন্বয়কারী উর্মি তাহমিনা তাঁকে ফুল দিয়ে বরণ করে নেন। কাউন্সিলমেম্বার শাহানা ইডিপি পরিচালিত কম্পিউটার ক্লাস ঘুরে দেখেন ও প্রশিক্ষণার্থীদের সাথে পরিচিত হন। এ সময় (বাকি অংশ ২০ পাতায়)





‘আজকাল-এ প্রকাশিত খবর মিথ্য-বানোয়াট’

সাংবাদিকরা সঠিক খবর তুলে না ধরলে প্রয়োজনে পত্রিকা প্রকাশ করবো : এম আজিজ

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি ও সোসাইটির ট্রাষ্টিবোর্ডের চেয়ারম্যান এবং ‘ইউর ড্রিম হোম কেয়ার’-এর কর্ণধার এম আজিজ বলেছেন তার প্রতিষ্ঠান ও তাকে নিয়ে সাপ্তাহিক আজকাল-এ প্রকাশিত খবর মিথ্যা, বানোয়াট ও বিভ্রান্তিকর। তিনি ঐ খবরের তীব্র প্রতিবাদ জানিয়ে বলেন, প্রকাশিত খবর প্রসঙ্গে আজকাল কর্তৃপক্ষ গুরুত্ব সহকারে ক্ষমা না চাইলে পত্রিকাটির বিরুদ্ধে মানহানি মামলা করা হবে। তিনি প্রবাসের সাংবাদিকদের সত্য কথা তুলে ধরার আহ্বান জানিয়ে বলেন, আমরা ব্যবসায়ী মানুষ, সাংবাদিকতা আমাদের পেশা নয়। তাই যদি নিউইয়র্কের মিডিয়াগুলো কমিউনিটির সঠিক খবর তুলে না ধরেন তাহলে প্রয়োজনে আমরাও পত্রিকা প্রকাশ করবো এবং আমাদের মতো খবর পরিবেশন করবো।

জ্যাকসন হাইটসের একটি মিলনায়তনে গত মঙ্গলবার (৪ জুন) সন্ধ্যায় আয়োজিত এক সংবাদ সম্মেলনে এম আজিজ উপরোক্ত কথা বলেন। সংবাদ সম্মেলনে তার পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন ‘ইউর ড্রিম হোম কেয়ার’-এর মিডিয়া ডিরেক্টর জলি আহমেদ। এসময় আজকাল-এ প্রকাশিত খবর নিয়ে নিজের বক্তব্য তুলে ধরেন এম আজিজ ও তার পুত্র ‘ইউর ড্রিম হোম কেয়ার’-এর অন্যতম পরিচালক ফয়সাল আজিজ। এছাড়াও সংবাদ সম্মেলনে সোসাইটির সাবেক কর্মকর্তা ও রিয়েল এস্টেট ব্যাবসায়ী সারোয়ার খান বাবু উপস্থিত থেকে এম আজিজের পক্ষে তার বক্তব্য ও অবস্থান তুলে ধরেন। পরে তারা উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এবং সংবাদ সম্মেলনে তাদের বক্তব্যের স্বপক্ষে আদালতের কাগজপত্র প্রদর্শন করেন।

যুক্তরাষ্ট্র আ. লীগের ঐতিহাসিক ছয় দফা দিবস পালন



নিউইয়র্ক: ঐতিহাসিক ৭ জুন উপলক্ষ্যে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ আয়োজিত সভায় বক্তব্য রাখছেন ড. সিদ্দিকুর রহমান

নিউইয়র্ক: ৭ জুন ছিলো ঐতিহাসিক ছয় দফা দিবস। ‘জাতির পিতা’ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘোষিত ‘বাঙালী জাতির মুক্তির সনদ ছয় দফা’ দাবির পক্ষে দেশব্যাপী তীব্র গণআন্দোলন সূচনার দিন। ১৯৬৬ সালের ৭ জুন বাঙালীর স্বাধিকার আন্দোলন স্পষ্টত নতুন পর্যায়ে উন্নীত হয়। এর মধ্য দিয়ে রচিত হয় স্বাধীনতার রূপরেখা। ছয় দফাভিত্তিক আন্দোলন-সংগ্রামের ধারাবাহিকতায় বাঙালীর স্বাধিকার আন্দোলন স্বাধীনতা সংগ্রামে রূপ নেয়।

গত ৭ জুন শুক্রবার নিউইয়র্কের জ্যাকসন হাইটসে নবান্ন পার্টি হলে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করেছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ। সভাপতি ড. সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ এবং প্রচার ও প্রকাশনা সম্পাদক আব্দুল হামিদের যৌথভাবে সভাপি পরিচালনা করেন। সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত, এক মিনিট নীরবতা পালন ও জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়।

সভায় ড. সিদ্দিকুর রহমান তার স্বাগত বক্তব্য বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারী তাসখন্দ চুক্তিকে কেন্দ্র করে লাহোরে অনুষ্ঠিত সম্মেলনের সাবজেক্ট কমিটিতে ছয় দফা উত্থাপন করেন এবং পরের দিন সম্মেলনের আলোচ্যসূচিতে ছয় দফাকে স্থান দিতে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করেন। সম্মেলনে বঙ্গবন্ধুর অনুরোধ উপেক্ষা করে ছয় দফার প্রতি আয়োজক পক্ষ গুরুত্ব না দিয়ে তা প্রত্যাখ্যান করে। এর প্রতিবাদে বঙ্গবন্ধু ওই সম্মেলনে আর যোগ দেননি। তবে লাহোরে অবস্থানকালেই ছয় দফা উত্থাপন করেন তিনি। এর মধ্য দিয়ে পশ্চিম পাকিস্তানের খবরের কাগজে বঙ্গবন্ধুকে বিচ্ছিন্নতাবাদী নেতা আখ্যা দিয়ে সংবাদ ছাপানো হয়। পরে বঙ্গবন্ধু ঢাকায় ফিরে ১৩ মার্চ ছয় দফা এবং দলের অন্যান্য বিস্তারিত কর্মসূচি দলের কার্যনির্বাহী সংসদে পাস করিয়ে নেন।

ড. সিদ্দিক বলেন, ছয় দফা দাবী আদায়ের লক্ষ্যে শুরু হয় আওয়ামী লীগের আন্দোলন। হরতালও ডাকা হয়। হরতাল চলাকালে নিরস্ত্র জনতার ওপর পুলিশ ও তৎকালীন ইপিআর গুলিবর্ষণ করে। এতে ঢাকা ও নারায়ণগঞ্জে মনু মিয়া, সফিক ও শামসুল হকসহ ১১ জন শহীদ হন। তিনি বলেন, নিউইয়র্কে বাংলাদেশ প্যারেড নামে নাটক করে বঙ্গবন্ধুকে খাটো করা হয়েছে। বঙ্গবন্ধুর পাশে খুনি জিয়াউর রহমানের ছবি টাঙ্গানো হয়েছে এ ধরনের নেক্কারজনক ঘটনার আমরা তীব্র নিন্দা প্রতিবাদ জানাচ্ছি।

আলোচনা সভায় আরো বক্তব্য রাখেন সংগঠনের সহ সভাপতি ডা. মাসুদুল হাসান ও সামসুদ্দীন আজাদ, নিউইয়র্ক মহাননগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক দুরুদ মিয়া রলেন ও তারিকুল হায়দার চৌধুরী, প্রচার ও প্রকাশনা সম্পাদক আব্দুল হামিদ, শ্রম বিষয়ক সম্পাদক আশরাফ উদ্দীন, প্রবাসী কল্যাণ সম্পাদক নাফিকুর রহমান তুরান, উপ দপ্তর সম্পাদক আব্দুল মালেক, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের কার্যকরি সদস্য সাহানারা রহমান, বীর মুক্তিযোদ্ধো সিরাজ উদ্দীন সরকার, আবুল কাসেম, বুদরুজ্জামান পান্না, সাইফুল আলম, এবাদুল হক, শাহ আল শফি আনসারী, মোহাম্মদ হারুন অর রশীদ, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সহ সভাপতি মাসুদ হোসেন সিরাজী, যুগ্ম সাধারণ সম্পাদক আশরাফ আলী খান লিটন, সাংগঠনিক সম্পাদক গনেশ কীর্তনিয়া, যুবলীগ নেতা সেবুল মিয়া, যুক্তরাষ্ট্র ছাত্রলীগ নেতা রায়হান মাহমুদ প্রমুখ। -প্রেস বিজ্ঞপ্তি।

দিশেহারা নেতানিয়াহু

বেনি গান্টজের পদত্যাগ

বাংলা পত্রিকা ডেস্ক: সময় যত বাড়ছে নৃশংস হচ্ছে গাজায় ইসরাইলের হামলা। একদিকে জিম্মি উদ্ধারের চেষ্টা অন্যদিকে আন্তর্জাতিক চাপ- সব মিলিয়ে সময়টা ভালো যাচ্ছে না প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর। গাজায় তার যুদ্ধকৌশল নিয়ে সন্তুষ্ট নন ঘরের সঙ্গীরাও। ইসরাইলের অমানবিকতার গাঁথা বিশ্বজুড়ে যখন সাইরেনের মতো বেজে উঠছে, এমন সময় দলে দলে পদত্যাগ করছেন দেশটির গুরুত্বপূর্ণ মন্ত্রীরা। যুদ্ধকালীন এমন পরিস্থিতিতে ইসরাইলের অভ্যন্তরীণ ফাটল এবং রাজনৈতিক অস্থিরতার বিষয়টি আর বুঝতে বাকি নেই। সিএনএন জানায়, গাজা যুদ্ধের এই সময়ে ইসরাইলের যুদ্ধকালীন মন্ত্রিসভা থেকে পদত্যাগের ঘোষণা দিয়েছেন বেনি গান্টজ। নেতানিয়াহুর সঙ্গে বিরোধের জের ধরেই সাবেক এই প্রতিরক্ষামন্ত্রী পদত্যাগ করেছেন বলে জানা গেছে। স্থানীয় সময় রোববার (৯ জুন) সন্ধ্যায় টেলিভিশনে দেওয়া এক ভাষণে গান্টজ বলেন, নেতানিয়াহু আমাদের প্রকৃত বিজয়ের দিকে অগ্রসর হতে বাধা দিচ্ছেন। সে কারণে আমি যুদ্ধকালীন মন্ত্রিসভা থেকে বিদায় নিচ্ছি। তিনি আগাম নির্বাচনের আহ্বান জানিয়েছেন। বেনি গান্টজ বলেন, এমন একটি নির্বাচন হওয়া উচিত যা এমন কোনো সরকার প্রতিষ্ঠা করবে যারা জনগণের আস্থা অর্জন করবে এবং চ্যালেঞ্জ মোকাবিলা করতে সক্ষম হবে। তিনি আরও বলেন, নির্বাচনের তারিখ ঠিক করার জন্য আমি নেতানিয়াহুকে আহ্বান জানিয়েছি।



TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Your Trusted Loan Officer For Life
Over 22 years experience
MORTGAGE BROKER/ OWNER
M. Kamal, CPA
Senior Loan Officer
NMLS#9560
718-415-5501
Your Top Mortgage Officer
"All Loans arranged through third party providers"
HOMECENTRAL CAPITAL
www.HelloHomeCentral.com | 718-507-LOAN (5626) | Email: HomeCentralCapital@gmail.com

সাঈদ তারেকের কলাম

হারাম কামাইয়ের যত ফাঁদ



যা নিষিদ্ধ যা নীতিবিরুদ্ধ যা ন্যায়ের খেলাফ, তাই অসিদ্ধ বা হারাম। সেটা ঘুষ হতে পারে, অথবা কাউকে ঠকিয়ে ভয় দেখিয়ে বা চুরি করে যা অর্জন- টাকা সুবিধা বা এমন যে কোন প্রাপ্তিই হারাম বা নিষিদ্ধ বা অন্যায় বলে বিবেচিত হয়। এরূপ কামাই যাদের তাদেরকে সমাজে হারামখোর বলা হয়। এইসব (বাকি অংশ ২৬ পাতায়)

রাইজিং আপ এনওয়াইসি'র ভোটার ক্যাম্পেইন

নিউইয়র্ক (ইউএনএ): ২০২৪ সাল যুক্তরাষ্ট্রের নির্বাচনের বছর আগামী নভেম্বর মাসে অনুষ্ঠিত হতে যাচ্ছে প্রেসিডেন্টশিয়াল নির্বাচন। এদিকে আগামী ২৫ জুন নিউইয়র্ক সিটির বিভিন্ন পদের প্রাইমারী নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। এই নির্বাচন ঘিরে জমে উঠেছে প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের প্রচারণা। সিটির বোর্ড অব ইলেকশনস সকল প্রস্তুতি নিয়েছে। যুক্তরাষ্ট্রের (বাকি অংশ ১০ পাতায়)

বাড়ি ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন (বাকি অংশ ২৭ পাতায়)

রোববার ঈদুল আজহা

নিউইয়র্কে জামাত কখন-কোথায়

বাংলা পত্রিকা রিপোর্ট: সৌদি আরবের পবিত্র জিলহজ মাসের চাঁদ দেখা গেছে। এ অবস্থায় ৭ জুন জিলহজ মাসের প্রথম দিন এবং ১৬ জুন দেশটিতে পবিত্র ঈদুল আজহা উদযাপিত হবে। আর জিলহজ মাসের চাঁদ দেখা যাওয়ায় আগামী ১৫ জুন সৌদিতে পবিত্র আরাফাহ দিবস ও ১৬ জুন ঈদুল আজহা উদযাপিত হবে। উল্লেখ্য, চাঁদ দেখা সাপেক্ষে ইসলামের ১২ মাসের সূচনা হয়। সৌদি আরবের জিলহজ মাসের চাঁদ দেখার প্রেক্ষিতে নিউইয়র্ক তথা উত্তর আমেরিকায় আগামী ১৬ জুন রোববার পবিত্র ঈদুল আজহা উদযাপিত হবে বলে অধিকাংশ মসজিদ সূত্রে জানা গেছে। নিউইয়র্কের মসজিদগুলোর মধ্যে জ্যামাইকা মুসলিম সেন্টারের উদ্যোগে রোববার সকাল সাড়ে ৮টায় (বাকি অংশ ১০ পাতায়)

বাংলাদেশ সোসাইটির নির্বাচন-২০২৪

প্যানেল গঠন নিয়ে নানা সমীকরণ জাহিদ মিন্টু সম্পাদক প্রার্থী



নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের আমব্রেলা সংগঠন হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচন ঘিরে নানা সমীকরণ চলছে কমিউনিটিতে। বিশেষ করে প্যানেল গঠন নিয়ে আঞ্চলিকতার শক্তির প্রভাব-প্রতিপত্তি বিচার-বিবেচনা করা হচ্ছে। পাশাপাশি চলচে চলছে সদস্য নবায়ন প্রক্রিয়া। এদিকে সোসাইটির নির্বাচনে সাধারণ সম্পাদক পদে জাহিদ মিন্টু (বাকি অংশ ২১ পাতায়)

জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির বৈশাখী পথমেলায় মানুষের ঢল



জ্যামাইকায় বাংলাদেশ ফ্রেন্ড সোসাইটির বৈশাখী মেলা অনুষ্ঠিত।

বাংলাপাত্রিকা রিপোর্টঃ বর্ণাঢ্য আয়োজনে অনুষ্ঠিত হলো জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির বৈশাখী পথমেলা। 'বাঙালীয়ানায় বাংলা উৎসব' শীর্ষক এই অনুষ্ঠানের কর্মকান্ডের মধ্যে ছিলো দুপুরে পান্তা-ইলিশ আর ডাল-ভর্তা-ভাত অ্যাপায়ন আর অপরাহ্নে র‍্যালী, মেলা, সাংস্কৃতিক (বাকি অংশ ১১ পাতায়)

গ্লোবাল ট্যুরস এন্ড ট্রাভেল'র সংবাদ সম্মেলন

অনলাইন ট্রাভেল এজেন্সি চালু উপলক্ষ্যে আকর্ষণীয় অফার

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কে বাংলাদেশী মালিকানাধীন গ্লোবাল ট্যুর অ্যান্ড ট্রাভেল দীর্ঘ ১৫ বছর থেকে দক্ষতার সাথে সেবা প্রদান করছে। সেবা ও দক্ষতার সাথে সময়ের সব চাহিদাকে ধারণ করে এগিয়ে যাচ্ছে প্রতিষ্ঠানটি এবং অনলাইনের মাধ্যমে চালু করেছে সার্বক্ষণিক সেবা। পেশাগত সততা ও আস্থার প্রতীক 'গ্লোবাল ট্যুর' এমন দাবী করে প্রতিষ্ঠানটির পক্ষ থেকে জানানো হয়েছে যে, তাদের ওয়েবসাইটে (www.globaltravelbd.com)-এ যারা সাইনআপ করবেন এবং সর্বোচ্চ ১০ হাজার ডলার পর্যন্ত এয়ার টিকেট ক্রয় করবেন, তাদের ৩০০ (বাকি অংশ ৮ পাতায়)

বর্ণাঢ্য আয়োজন : হাসি-খুশী অভিভাবক-ছাত্র-ছাত্রী

মামুন'স টিউটোরিয়ালের কৃতি শিক্ষার্থীদের অ্যাওয়ার্ড প্রদান



বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কের ব্রঙ্কসে একঝাঁক মেধাবী শিক্ষার্থীদের নিয়ে মামুন'স টিউটোরিয়ালের ২০২৪ সালের অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠিত হয়েছে। মামুন'স টিউটোরিয়েল থেকে প্রাইভেট শিক্ষা নিয়ে বিশেষায়িত স্কুল ও কলেজে ভর্তির সুযোগ পাওয়া শিক্ষার্থীদের পদক ও সনদ দিয়ে (বাকি অংশ ২৩ পাতায়)



মুসলিম ভ্রাতৃত্বের শিক্ষা দেয় হজ

আবদুর রশিদ

জিলহজ মাসকে বলা হয় ভ্রাতৃত্বের মাস। এ মাসে মুসলমানরা পবিত্র হজ পালন করেন। হজ ভ্রাতৃত্ববোধের এক মহাসম্মেলন। হজ উপলক্ষে কাবা ও আরাফাত (বাকি অংশ ২৬ পাতায়)

খেলার খবর

বাংলাদেশের জন্য সুপার এইটের দরজা খুলে গেল

আশরাফুল ইসলাম: আমি আগেই বলেছিলাম, শ্রীলঙ্কার বিপক্ষে আমরা যখনই খেলি, ভালো ক্রিকেট খেলি। জয়ের অনেক (বাকি অংশ ২৬পাতায়)

হেলথ টিপস

স্ট্রোকের ঝুঁকি বাড়ায় যেসব অভ্যাস

বাংলা পত্রিকা ডেস্ক: স্ট্রোক মূলত মানুষের মস্তিষ্কে আঘাত হানে। মস্তিষ্কের কোনো অংশে রক্ত সরবরাহ বন্ধ হয়ে কোষগুলো মরে গেলে (বাকি অংশ ২৬ পাতায়)

বিনোদন

অস্কার মঞ্চে চড়কান্ড সমর্থন দিয়েছিলেন কঙ্গনা, কিন্তু এবার?

বিনোদন ডেস্ক: কঙ্গনা রনৌতের চড়কান্ডের রেশ এখনও চলছে। বিমানবন্দরে অভিনেত্রী তথা মান্ডির সদ্য নির্বাচিত সাংসদকে (বাকি অংশ ২৮ পাতায়)

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
• ব্যক্তিগত ও বিজনেস ট্যাক্স ফাইলিং • আই আর এস ও স্টেট অডিট সমাধান
• কর্পোরেশন ও এল এল সি সেটআপ • বিজনেস পরামর্শ • সেলস ট্যাক্স ফাইলিং
• বুককিপিং • সিটিজেনশিপ কেস • এসাইলাম কেস • ফ্যামিলি ভিসা • পে-রোল
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com



GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

একস্লিপ

সালাহউদ্দিন আহমেদ: গেলো সপ্তাহে নিউইয়র্কের জ্যাকসন হাইটসে একটি সংবাদ সম্মেলন কভার করতে গিয়ে দেখা গেলো যে, সেখানে সাংবাদিকদের চেয়ে সংবাদ সম্মেলন আয়োজকদের সমর্থক লোকজনই বেশী। কমিউনিটির সংবাদ (বাকি অংশ ১০ পাতায়)

ব্রুকলীনে মানি ট্রান্সফার স্টোর

কর্মী এবং গ্রাহকদের বন্দুকের মুখে জিম্মি

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটির ব্রুকলীনের একটি মানি ট্রান্সফার স্টোরে কর্মী এবং গ্রাহকদের বন্দুকের মুখে জিম্মি করেছে এক সন্দেহভাজন। শনিবার (৮ জুন) (বাকি অংশ ২৩ পাতায়)

নিউইয়র্কে বৈধভাবে কাজ করা অসম্ভব!

পারমিট সিস্টেম ব্যর্থ হচ্ছে -ফুটপাত বিক্রেতা-

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কে বৈধভাবে ফুটপাতে ব্যবসায় করা অসম্ভব হয়ে পড়েছে এবং ওয়ার্কিং পারমিট সিস্টেম ব্যর্থ হচ্ছে বলে অভিযোগ করেছে ফুটপাত বিক্রেতারা। তাদের দাবি, ফুটপাতে কাজ করতে পারমিট আইন জারি করা হলেও এখনো তা কার্যকর হয়নি। (বাকি অংশ ২৩পাতায়)

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
হজ্বব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
KUWAIT AIRWAYS
BRITISH AIRWAYS
গ্লোবাল এয়ার
WALL STREET FINANCE LLC
76-01, 101 Ave., Ozone Park, NY 11416
Fax: 718-296-8259, e-mail: GLBL001@yahoo.com

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com